বীমা পেনিট্রেশন এবং ঘনত্ব পরিমাপ করে একটি দেশের বীমা খাতের উন্নয়নের মাত্রা সম্পর্কে ধারণা পাওয়া যায়। মোট প্রিমিয়াম আয়কে মোট জিডিপির সাথে তুলনা করে পেনিট্রেশনের হার পরিমাপ করা হয় এবং মোট প্রিমিয়াম আয়কে মোট জনসংখ্যা দ্বারা ভাগ করে বীমার ঘনত্ব পাওয়া যায়।

বাংলাদেশে ২০২১ সালে পেনিট্রেশন ছিল ০.৫০ শতাংশ যা ২০২২ সালে অপরিবর্তিত ছিল। বীমা ঘনত্বের পরিমাণ ২০২১ এবং ২০২২ সালে ১২.০০ মার্কিন ডলার ছিল (সুইস রি, সিগমা নং ৩/২০২৩)। বাংলাদেশের বীমাকারীদের সরবরাহকৃত ২০২২ সালের নিরীক্ষিত এবং ২০২৩ সালের অনিরীক্ষিত তথ্যাদি থেকে বীমা পেনিট্রেশন এবং ঘনত্ব হিসাব করে উপস্থাপন করা হয়েছে (সারণি ৪ ও ৫ এবং লেখচিত্র ১ ও ২)।

বাংলাদেশে বীমার পেনিট্রেশন এবং ঘনত্ব কম হওয়ার বিভিন্ন কারণ রয়েছে। যেখানে বিশ্বের মোট প্রিমিয়াম আয়ের প্রায় অর্ধেক (৪৯%) স্বাস্থ্য বীমা খাত থেকে অর্জিত হয় সেখানে, বাংলাদেশে মোট প্রিমিয়াম আয়ে স্বাস্থ্য খাতের অবদান মাত্র ৭% (সুইস রি, সিগমা নং ৪/২০২২)। ফলে মোট প্রিমিয়াম আয় কাঙ্খিত পর্যায়ে উন্নীত হয়নি, যা বীমার পেনিট্রেশন ও ঘনত্বে নেতিবাচক ভূমিকা রাখছে। এছাড়া, যাত্রীদের জন্য বীমা সুবিধা, কৃষি বীমা, দূর্যোগ ব্যবস্থাপণা বীমা জনপ্রিয় করা যায়নি বলে বীমার পেনিট্রেশন বৃদ্ধি পাচ্ছে না। যার ফলে ১৭৩ মিলিয়ন জনসংখ্যার মধ্যে কেবলমাত্র প্রায় ১৬.৪৯ মিলিয়ন জনগণ বীমার আওতায় রয়েছে। তদুপরি, বীমা পণ্য পর্যালোচনার ক্ষেত্রে বীমাকারীদের অনীহা রয়েছে। উপরন্তু উদ্ভাবনী বা ডিজিটাল পণ্যের অভাবে বাংলাদেশের বীমা খাত সঠিক পথে এগিয়ে যেতে পারছে না।

## সারণি ৩

**২০২৩ সালে কয়েকটি দেশের ইন্স্যুরেন্স পেনিট্রেশন এবং ঘনত্ব**

| দেশ | জিডিপি র‍্যাঙ্ক | প্রিমিয়াম র‍্যাঙ্ক | প্রিমিয়াম (ইউএস মিলিয়ন) | মার্কেট শেয়ার (%) | পেনিট্রেশন (%) | ঘনত্ব (ইউএস ডলার) | প্রবৃদ্ধি (%) |
|---|---|---|---|---|---|---|---|
| ইউএসএ | ১ | ১ | ৩২২৬৬৮৪ | ৪৪.৯ | ১১.৯ | ৯৬৪০ | ৮ |
| ভারত | ৫ | ১০ | ১৩৫৯৫৮ | ১.৯ | ৩.৭ | ৯৫ | ৪.৮ |
| মালোয়শিয়া | ৩৭ | ৩২ | ২০২৩৭ | ০.৩ | ৫.২ | ৫৯০ | ০.৬ |
| ফিলিপাইন্স | ৩৪ | ৪৫ | ৭৭৫৮ | ০.১ | ১.৮ | ৬৬ | ১.৩ |
| চীন | ২ | ২ | ৭২৩৬৬৪ | ১০.১ | ৩.৯ | ৫০৮ | ৩.৭ |
| ভিয়েতনাম | ৩৫ | ৪৩ | ৯৪৪৭ | ০.১ | ২.৩ | ১০০ | -১১.৩ |

সূত্র: সুইস রি, সিগমা নং ৩/২০২৪

## সারণি ৪

**বাংলাদেশের মোট দেশজ উৎপাদন (জিডিপি), প্রিমিয়াম আয় এবং পেনিট্রেশন**

| বছর | জিডিপি (চলতি মূল্যে) (কোটি টাকায়) | গ্রস প্রিমিয়াম (কোটি টাকায়) | | পেনিট্রেশন % | | |
|---|---|---|---|---|---|---|
| | | লাইফ | নন-লাইফ | লাইফ | নন-লাইফ | লাইফ এবং নন-লাইফ |
| ২০২২ | ৩৯৭১৭১৬.৪০ | ১১৩৯৩.০৯ | ৫৯০৩.৩৪ | ০.২৯ | ০.১৫ | ০.৪৪ |
| ২০২৩ | ৪৪৯০৮৪১.৭০ | ১২২৭৩.৪৯ | ৫৯৫৩.২৮ | ০.২৭ | ০.১৩ | ০.৪১ |

সূত্র: জিডিপি- বিবিএস এবং প্রিমিয়াম- আইডিআরএ

## লেখচিত্র ১

**বীমার পেনিট্রেশন (জিডিপিতে বীমার গ্রস প্রিমিয়ামের শতাংশ)**




## সারণি ৫

**জনসংখ্যা এবং বীমার ঘনত্ব**

| বছর | জনসংখ্যা (কোটি) | বীমার ঘনত্ব (টাকায়) | | | ঘনত্ব (ইউএস ডলার) |
|---|---|---|---|---|---|
| | | লাইফ | নন-লাইফ | মোট ব্যবসা | |
| ২০২২ | ১৬.৯৮ | ৬৭০.৯৬ | ৩৪৭.৬০ | ১০১৮.৪৬ | ১০.৯১ |
| ২০২৩ | ১৭.২৯ | ৭০৯.৭৮ | ৩৪৪.২৮ | ১০৫৪.০৬ | ৯.৭৬ |

সূত্র: জনসংখ্যা- বিবিএস এবং প্রিমিয়াম- আইডিআরএ

লেখচিত্র ২

**বীমার ঘনত্ব (মাথাপিছু গ্রস প্রিমিয়ামের পরিমাণ)**




## বাংলাদেশের বীমা শিল্পের পর্যালোচনা

বীমা খাতে অনেক সমস্যা থাকা সত্ত্বেও প্রিমিয়াম আয়ে প্রতিবছর ক্রমহ্রাসমান হারে প্রবৃদ্ধি লক্ষ্য করা যাচ্ছে। ২০২২ এবং ২০২৩ সালে বাংলাদেশের বীমা খাত (লাইফ ও নন-লাইফ) থেকে প্রাপ্ত মোট গ্রস প্রিমিয়ামের প্রবৃদ্ধির হার ছিল যথাক্রমে ১০.৬৭% এবং ৫.৩৮%। ২০২২ এবং ২০২৩ সালে মোট প্রিমিয়াম আয়ের পরিমাণ ছিল যথাক্রমে ১৭,২৯৬.৪৩ এবং ১৮,২২৬.৭৭ কোটি টাকা যা পূর্ববর্তী ২০২১ সালে ছিল ১৫,৬২৮.৯৪ কোটি টাকা (সারণি ৬ এবং লেখচিত্র ৩)।

সারণি ৬

**প্রিমিয়াম আয় এবং বীমা শিল্পে প্রবৃদ্ধির হার**

| বছর | গ্রস প্রিমিয়াম (কোটি টাকায়) | | | প্রবৃদ্ধি (%) | | |
|---|---|---|---|---|---|---|
| | লাইফ | নন-লাইফ | লাইফ ও নন-লাইফ | লাইফ | নন-লাইফ | লাইফ ও নন-লাইফ |
| ২০২২ | ১১৩৯৩.০৯ | ৫৯০৩.৩৪ | ১৭২৯৬.৪৩ | ১১.৩৪ | ৯.৩৯ | ১০.৬৭ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ১২২৭৩.৪৯ | ৫৯৫৩.২৮ | ১৮২২৬.৭৭ | ৭.৭৩ | ০.৮৫ | ৫.৩৮ |

সূত্র: বীমাকারী প্রতিষ্ঠান থেকে আইডিআরএ কর্তৃক সংগৃহীত তথ্য

লেখচিত্র ৩

**গ্রস প্রিমিয়াম আয়**



বীমা সম্পর্কে প্রচার-প্রচারণা, কর্তৃপক্ষের বিভিন্ন উদ্যোগ এবং লাইফ বীমা সম্পর্কে সচেতনতা বৃদ্ধিকে প্রিমিয়ামের উল্লেখযোগ্য প্রবৃদ্ধির অন্যতম কারণ হিসেবে চিহ্নিত করা হয়। এরই ফলশ্রুতিতে যেখানে ২০২১ সালে লাইফ বীমা খাতে গ্রস প্রিমিয়ামের প্রবৃদ্ধির হার ছিল ৭.৯৮% সেখানে ২০২২ সালে হয়েছিল ১১.৩৪% এবং ২০২২ সালে নন-লাইফ বীমা ব্যবসায় গ্রস প্রিমিয়ামের প্রবৃদ্ধি হার ছিল ৯.৩৯%। ২০২৩ সালে লাইফ বীমা খাতে গ্রস প্রিমিয়ামের প্রবৃদ্ধির হার ছিল ৭.৭৩% এবং নন-লাইফে প্রবৃদ্ধির হার ছিল ০.৮৫% (সারণি ৬ এবং লেখচিত্র ৩)।

সারণি ৭ এ দেখা যায়, ৩১ ডিসেম্বর ২০২২ ও ২০২৩ সাল পর্যন্ত বীমা শিল্পের মোট সম্পদের সিংহ ভাগ অর্থ্যাৎ ৪৫,৫৯২.৮৬ কোটি টাকা ও ৪৭,০৫৫.২৯ কোটি টাকা লাইফ বীমাকারীর আওতায় ছিল। লাইফ বীমাকারীদের মোট সম্পদ ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে ৩.২১% বৃদ্ধি পেয়েছে। নন-লাইফ বীমায় বীমাকারীদের মোট সম্পদের পরিমাণ ৩১ ডিসেম্বর ২০২২ ও ২০২৩ সালে ছিল যথাক্রমে ১৬,৬৯৬.১৩ কোটি টাকা ও ১৭,৫৯১.৩৪ কোটি টাকা এবং ২০২৩ সালে প্রবৃদ্ধির হার ছিল ৫.৩৬%। লাইফ এবং নন-লাইফ বীমাখাতে সম্পদের প্রবৃদ্ধির হার বেড়ে যাওয়ায় সামগ্রিকভাবে বীমা শিল্পে সম্পদ বৃদ্ধি পায়, ২০২২ সালে সম্পদের প্রবৃদ্ধির হার ১.১৬% যা ২০২৩ সালে ৩.৭৮% হয়। মূলত কয়েকটি সুনির্দিষ্ট বীমাকারীর সম্পদ বৃদ্ধি পাওয়ায় সামগ্রিকভাবে সম্পদ বৃদ্ধি পেয়েছে (লেখচিত্র ৪)।

**সারণি ৭**

**বাংলাদেশে বীমা শিল্পে মোট সম্পদের পরিমাণ এবং প্রবৃদ্ধির হার**

| বছর | সম্পদ (কোটি টাকায়) | | | প্রবৃদ্ধি (%) | | |
|---|---|---|---|---|---|---|
| | লাইফ | নন-লাইফ | লাইফ ও নন-লাইফ | লাইফ | নন-লাইফ | লাইফ ও নন-লাইফ |
| ২০২২ | ৪৫৫৯২.৮৬ | ১৬৬৯৬.১৩ | ৬২২৮৯.০০ | ০.৫৭ | ২.৮২ | ১.১৬ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৪৭০৫৫.২৯ | ১৭৫৯১.৩৪ | ৬৪৬৪৬.৬২ | ৩.২১ | ৫.৩৬ | ৩.৭৮ |

সূত্র: সকল লাইফ ও নন-লাইফ বীমাকারী প্রতিষ্ঠান থেকে আইডিআরএ কর্তৃক সংগৃহীত তথ্য

**লেখচিত্র ৪**

**বাংলাদেশের বীমাশিল্পে মোট সম্পদের পরিমাণ**




লাইফ ও নন-লাইফ বীমা খাতে ২০২১ সালে বিনিয়োগের প্রবৃদ্ধি হার ছিল ৫.৫৭%। এই হার ২০২২ সালে উল্লেখযোগ্য হারে কমে দাঁড়ায় মাত্র ১.২১% এবং ২০২৩ সালে তা বেড়ে দাড়াঁয় ৬.৭২%। সামগ্রিকভাবে প্রতি বছর বিনিয়োগের পরিমাণ বাড়ছে। মোট বিনিয়োগের পরিমাণ ২০২২ সালের ৪৬,৫১০.৭৩ কোটি টাকা থেকে বেড়ে ২০২৩ সালে ৪৯,৬৩৫.৪৮ কোটি টাকা হয়েছে (সারণি ৮ এবং লেখচিত্র ৫)। ২০২৩ সালের হিসাব অনুযায়ী মোট সম্পদের ৭৬.৭৮% বিভিন্ন খাতে বিনিয়োগ করা হয়েছে।

## সারণি ৮

### বাংলাদেশে বীমা শিল্পে মোট বিনিয়োগের পরিমাণ এবং প্রবৃদ্ধির হার

| বছর | বিনিয়োগ (কোটি টাকায়) | | | প্রবৃদ্ধি (%) | | |
|---|---|---|---|---|---|---|
| | লাইফ | নন-লাইফ | লাইফ ও নন-লাইফ | লাইফ | নন-লাইফ | লাইফ ও নন-লাইফ |
| ২০২২ | ৩৭৮৭৮.৩৬ | ৮৬৩২.৩৭ | ৪৬৫১০.৭৩ | -০.৪৩ | ৯.০৮ | ১.২১ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৯১১০.৫৮ | ১০৫২৪.৯০ | ৪৯৬৩৫.৪৮ | ৩.২৫ | ২১.৯২ | ৬.৭২ |

সূত্র: বীমাকারী প্রতিষ্ঠান থেকে আইডিআরএ কর্তৃক সংগৃহীত তথ্য

## লেখচিত্র ৫

### বাংলাদেশের বীমাশিল্পে মোট বিনিয়োগের পরিমাণ



# বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কার্যক্রম

## বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন

বীমা শিল্পের উন্নয়নের লক্ষ্যে বীমা আইন, ১৯৩৮ কে রহিত করে বীমা আইন, ২০১০ এবং একই সাথে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ প্রণয়ন করা হয়। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর বিধান মোতাবেক ২৬ জানুয়ারি ২০১১ সালে একজন চেয়ারম্যান এবং চারজন সদস্যের সমন্বয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠন করা হয়। কর্তৃপক্ষ গঠন হওয়ার পর অর্থাৎ ২৭ জানুয়ারি ২০১১ সালে চেয়ারম্যান এবং দু'জন সদস্যের যোগদানের মাধ্যমে কার্যক্রম শুরু হয়। বর্তমানে একজন চেয়ারম্যান এবং চারজন সদস্য, চারজন নির্বাহী পরিচালক, ছয়জন পরিচালক, ১ জন উপ-পরিচালক এবং ৯৭ জন কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ পরিচালিত হচ্ছে।

## জাতীয় বীমা নীতি সংস্কার

দেশের বীমা শিল্পকে উন্নত বিশ্বের বীমা শিল্পের কাতারে নিয়ে যাওয়ার জন্য সরকার একটি সময়ভিত্তিক বীমা নীতিমালা ২০১৪ জারি করে। ২০১৪ থেকে ২০২৩ পর্যন্ত ৯ বছর অতিক্রান্ত হওয়ায় নতুন তথ্য-উপাত্তের ভিত্তিতে নতুন সমস্যা চিহ্নিত হয়েছে। সেখান থেকে উত্তরণের জন্য নতুন কর্মপরিকল্পনা ও কর্মকৌশল নির্ধারণ করা প্রয়োজন। সে প্রেক্ষিতে নতুন জাতীয় বীমা নীতির সংস্কার কার্যক্রম চলমান রয়েছে।

## নতুন বীমা কোম্পানির নিবন্ধন সনদ প্রদান ও নবায়ন

বীমা ব্যবসা পরিচালনার জন্য নিবন্ধিত ৩৫ টি লাইফ এবং ৪৫ টি নন-লাইফ বেসরকারি ইন্স্যুরেন্স কোম্পানি রয়েছে। ২০১৯ সালে কর্তৃপক্ষ থেকে নতুন বীমা কোম্পানি হিসেবে আস্থা লাইফ ইন্স্যুরেন্স কোঃ লিঃ কে নিবন্ধন সনদ প্রদান করা হয়। ২০২১ সালে আরো দুটি নতুন বীমা কোম্পানি আকিজ তাকাফুল লাইফ ইন্স্যুরেন্স পিএলসি এবং এনআরবি ইসলামিক লাইফ ইন্স্যুরেন্স লিমিটেডকে নিবন্ধন সনদ ইস্যু করা হয়েছে। ২০২৩ সালে আরো একটি বীমা কোম্পানি শান্তা লাইফ পিএলসি এর নিবন্ধন সনদ ইস্যু করা হয়। ২০১৮ সালের পূর্বে ১৪ টি লাইফ এবং ২ টি নন-লাইফ ইন্স্যুরেন্স কোম্পানির নিবন্ধন সনদ ইস্যু করা হয়েছে। নিবন্ধনকৃত বীমা কোম্পানিসমূহের তালিকাসহ পরিশোধিত মূলধনের পাবলিক অংশের শেয়ার বিক্রয়ের জন্য পুঁজি বাজারে তালিকাভুক্ত হওয়ার তথ্য সংযুক্তি ১ এবং সংযুক্তি ২ এ বিস্তারিত রয়েছে। কর্তৃপক্ষ কর্তৃক বীমা কোম্পানির নিবন্ধন সনদ নবায়নের পূর্বে নিরীক্ষিত আর্থিক বিবরণী এবং ত্রৈমাসিক রিটার্ন পর্যালোচনা করা হয়। নিবন্ধন সনদ নবায়ন ফি বাবদ কর্তৃপক্ষের আয় সারণি ৯ এ বর্ণিত রয়েছে:

**সারণি ৯**

**কর্তৃপক্ষ কর্তৃক সংগৃহীত বীমাকারীর নিবন্ধন ফি এবং নবায়ন ফি** (মিলিয়ন টাকা)

| বছর | লাইফ | নন-লাইফ | মোট ফি |
|---|---|---|---|
| ২০১০-১১ | ০ | ০.৪২ | ০.৪২ |
| ২০১১-১২ | ১৯২.৯১ | ৫২.২৮ | ২৪৫.১৯ |
| ২০১২-১৩ | ২৪৭.৪৬ | ৭৭.৮২ | ৩২৫.২৮ |
| ২০১৩-১৪ | ২১৮.৭৭ | ৬৮.২৪ | ২৮৭.০১ |
| ২০১৪-১৫ | ২১৯.২৩ | ৭৫.৫০ | ২৯৪.৭৩ |
| ২০১৫-১৬ | ২৩৪.১৫ | ৭৮.০৮ | ৩১২.২৩ |
| ২০১৬-১৭ | ২৪২.২৬ | ৮৬.৬০ | ৩২৮.৮৬ |
| ২০১৭-১৮ | ২৬৬.৩৬ | ৯৫.১৯ | ৩৬১.৫৫ |
| ২০১৮-১৯ | ১১১.৩৯ | ৩০.২০ | ১৪১.৫৯ |
| ২০১৯-২০ | ৮৪.২৭ | ৩৯.২১ | ১২৩.৪৮ |
| ২০২০-২১ | ৮৩.৫৫ | ৩৫.১০ | ১১৮.৬৫ |
| ২০২১-২২ | ৭৯.০০ | ৩৩.৯০ | ১১২.৯০ |
| ২০২২-২৩ | ৯২.৭০ | ৩৮.৬২ | ১৩১.৩২ |
| ২০২৩-২৪ | ১০৬.৭৬ | ৪২.২৩ | ১৪৮.৯৯ |
| মোট | ২১৭৮.৮১ | ৭৫৩.৩৯ | ২৯৩২.২০ |

## বীমা জরিপকারী

২০২৩ সাল শেষে বাংলাদেশে মোট ১৪৬ টি লাইসেন্সধারী বীমা জরিপকারী প্রতিষ্ঠান রয়েছে- এর মধ্যে ৯৯টি ঢাকা বিভাগে, ৪৩টি চট্টগ্রাম বিভাগে ৩টি খুলনা বিভাগে এবং ১টি রাজশাহী বিভাগে রয়েছে। বাংলাদেশে সাত শ্রেণির বীমা জরিপকারী প্রতিষ্ঠান যেমন: (১) অগ্নি (২) মটর (৩) নৌ-কার্গো (৪) নৌ-হাল (৫) এভিয়েশন (৬) ইঞ্জিনিয়ারিং এবং (৭) বিবিধ জরিপ

কাজ পরিচালনা করছে। ২০১৮ সালে প্রণয়নকৃত বিধিমালায় তাদের করণীয় কাজ সম্পর্কে বিস্তারিত বর্ণনা রয়েছে। কর্তৃপক্ষের মোট ১৪৬ টি (৭টি নতুন) জরিপকারী প্রতিষ্ঠান থেকে লাইসেন্স নবায়ন ফি বাবদ কর্তৃপক্ষের আয় সারণি ১০-এ বর্ণিত রয়েছে:

**সারণি ১০**

**জরিপকারী প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন ফি**

| বছর | মিলিয়ন টাকা |
|---|---|
| ২০১০-১১ | ০.২০ |
| ২০১১-১২ | ০.৫৯ |
| ২০১২-১৩ | ০.৫৪ |
| ২০১৩-১৪ | ০.৫৬ |
| ২০১৪-১৫ | ০.৫৪ |
| ২০১৫-১৬ | ০.৫৪ |
| ২০১৬-১৭ | ০.৫২ |
| ২০১৭-১৮ | ০.৫৩ |
| ২০১৮-১৯ | ০.৮৮ |
| ২০১৯-২০ | ০.৫৫ |
| ২০২০-২১ | ০.৮২ |
| ২০২১-২২ | ০.৭৫ |
| ২০২২-২৩ | ০.৭১ |
| ২০২৩-২৪ | ০.৭০ |
| মোট | ৮.৪৩ |

## এজেন্ট লাইসেন্স প্রদান

কর্তৃপক্ষ নিয়মিত বীমা প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে এজেন্ট লাইসেন্স ইস্যু করে। বীমা শিল্পে ৩৫টি লাইফ ইন্স্যুরেন্স ২০২২ সালে ৫,০৯,২৭১ জন এবং ২০২৩ সালে ৫,৩৯,৮৯৬ জন এজেন্ট নিযুক্ত করে। ৪৬টি নন-লাইফ ইন্স্যুরেন্সে ২০২২ সালে ২,৩১৭ জন এবং ২০২৩ সালে ২,৩৬৫ জন এজেন্ট নিযুক্ত করা হয়। বর্ণিত আয় সারণি ১১ এ উল্লেখ করা হল:

**সারণি ১১**

**এজেন্ট লাইসেন্স ইস্যু এবং নবায়ন ফি** (মিলিয়ন টাকা)

| বছর | এজেন্ট ফি (লাইফ) | এজেন্ট ফি (নন-লাইফ) | মোট এজেন্ট ফি |
|---|---|---|---|
| ২০১০-১১ | ৪.৩১ | ০.২৫ | ৪.৫৬ |
| ২০১১-১২ | ১৯.৬৭ | ১.৯৮ | ২১.৬৫ |
| ২০১২-১৩ | ১১.০৩ | ২.২৬ | ১৩.২৬ |
| ২০১৩-১৪ | ১৭.৮৯ | ০.৪৫ | ১৮.৪৩ |
| ২০১৪-১৫ | ২৩.১৬ | ০.৪৪ | ২৩.৬০ |
| ২০১৫-১৬ | ১০.১৩ | ০.৫২ | ১০.৬৫ |
| ২০১৬-১৭ | ৮.৫৪ | ০.৪১ | ৮.৯৫ |
| ২০১৭-১৮ | ৬.৭৮ | ০.৩৭ | ৭.১৫ |
| ২০১৮-১৯ | ৭.৪০ | ০.৯৮ | ৮.৩৮ |
| ২০১৯-২০ | ৫.১৪ | ০.৫৬ | ৫.৭০ |
| ২০২০-২১ | ১৫.৩১ | ১.৮০ | ১৭.১১ |
| ২০২১-২২ | ১৭.০৬ | ১.৫৪ | ১৮.৬০ |
| ২০২২-২৩ | ৪০.৭৫ | ১.২৯ | ৪২.০৪ |
| ২০২৩-২৪ | ৫৫.৮৫ | ১.৪১ | ৫৭.২৬ |
| মোট | ২৪৩.০২ | ১৪.২৬ | ২৫৭.৩৪ |

বীমা আইন, ২০১০ এর ৫৮(১) ধারা অনুযায়ী 'কোন ব্যক্তি বাংলাদেশে বীমা ব্যবসা অর্জন বা সংগ্রহের উদ্দেশ্যে বীমা এজেন্ট বা এজেন্ট নিয়োগকারী বা ব্রোকার ব্যতীত অন্য কাহাকেও কমিশন বা অন্য কোন নামে কোন পারিশ্রমিক বা পারিতোষিক পরিশোধ করিবে না বা প্রদান করার জন্য কোন চুক্তি করিবে না।' এছাড়াও, এজেন্টদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমিসহ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রে বাধ্যতামূলক ৭২ ঘন্টা প্রশিক্ষণের বিধান রয়েছে।

কর্তৃপক্ষ কর্তৃক এ সংক্রান্ত বিভিন্ন সার্কুলারের মাধ্যমে নীতিমালা ও দিকনির্দেশনা প্রদান করা হচ্ছে। অতিরিক্ত কমিশন প্রদান রোধকল্পে কর্তৃপক্ষ থেকে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

### লাইফ বীমা পরিকল্পের (Product) অনুমোদন

বীমা আইন ২০১০ এর ১৬ ধারা অনুযায়ী কর্তৃপক্ষ বীমা পরিকল্পের অনুমোদন প্রদান করে থাকে। কোম্পানিগুলো যত নতুন বীমা পরিকল্প নিয়ে আসবে, তা ক্রেতাদের চাহিদা যেমন পূরণ করবে তেমনিভাবে কোম্পানির বিক্রয়ও বৃদ্ধি পাবে। উদ্ভাবনী বীমা পরিকল্প আনয়ন ও নতুন নতুন বীমা পরিকল্প বাজারে নিয়ে আসার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কোম্পানিদের উদ্বুদ্ধ করছে। কর্তৃপক্ষ ২০২৩ থেকে জুন ২০২৪ সাল পর্যন্ত ১৭টি বীমা পরিকল্পের অনুমোদন প্রদান করেছে (সংযুক্তি ৩)।

### বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের উদ্যোগে বীমা পরিকল্প

**'প্রবাসী কর্মীদের জন্য বীমা'** পরিকল্প: প্রতি বছর প্রায় ১০ লক্ষ শ্রমজীবী মানুষ শ্রম বিনিময়ের উদ্দেশ্যে প্রবাসে যায়। প্রবাসে তারা নানা প্রতিকূল পরিবেশে কাজ করে থাকে। প্রবাসে অনেকেই ঝুঁকিপূর্ণ কাজ করতে গিয়ে মারা যায়; আবার অনেকে মানসিক সমস্যায় ভোগে। প্রবাসীকর্মীদের এ দুরবস্থা বিবেচনায় নিয়ে প্রবাসীকর্মীদের জন্য বীমা সুবিধা চালুর জন্য সরকারের নির্দেশনার প্রেক্ষিতে এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে সমন্বয়পূর্বক বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রবাসী কর্মী বীমা নীতিমালা প্রস্তুত করে। এর আলোকে জীবন বীমা কর্পোরেশনের মাধ্যমে বিদেশগামী সকল কর্মীকে বর্তমানে বীমার আওতায় আনা হয়েছে।

এ বীমা স্কিম এর আওতায় দুই ধরণের বীমা সুবিধা রয়েছে। প্রথমটির প্রিমিয়াম হার ৯৯০ টাকা এবং বীমা অংকের পরিমাণ ২,০০,০০০ টাকা এবং দ্বিতীয়টির প্রিমিয়ামের পরিমাণ ২,৪৭৫ টাকা এবং বীমা সুবিধার পরিমাণ ৫,০০,০০০ টাকা। গ্রাহকের মৃত্যুতে বীমা অংকের শতভাগ প্রদান করা হবে। তাছাড়া, চোখ, হাতসহ কিছু গুরুত্বপূর্ণ অঙ্গের হানি হলেও বীমা অংকের শতভাগ প্রদান করা হবে। তাছাড়া, আংশিক অঙ্গহানির ক্ষেত্রে ক্ষতির মাত্রা বিবেচনায় নিয়ে আংশিক বীমা দাবি পরিশোধ করা হবে। এ পর্যন্ত প্রবাসী কর্মী বীমা পরিকল্পের মাধ্যমে ৩৮,৮৮,০৯৩ জন প্রবাসীকর্মীকে বীমার আওতায় আনা হয়েছে।

**'শিক্ষা বীমা'** পরিকল্প: মাতা/পিতা/আইনগত অভিভাবক এর মৃত্যু বা দুর্ঘটনাজনিত সম্পূর্ণ এবং স্থায়ী অক্ষমতা/পঙ্গুত্বের ক্ষেত্রে সন্তানের লেখাপড়া যেন বন্ধ না হয় সে বিষয়ে বিবেচনায় রেখে শিক্ষার্থীদের বীমার আওতায় নিয়ে আসা হয়েছে। আইডিআরএ এর নিজস্ব অর্থায়নে ২ বছরের জন্য পরিকল্পটি পাইলটিং করা হচ্ছে এবং এর আওতায় প্রাথমিক, মাধ্যমিক ও কারিগরি ও মাদ্রাসা (মাধ্যমিক পর্যায় পর্যন্ত) শিক্ষার্থীরা অন্তর্ভুক্ত। ২০২২-২৩ শিক্ষাবর্ষে ৭০টি শিক্ষা প্রতিষ্ঠানের ৫০,০০০ শিক্ষার্থীকে 'শিক্ষা বীমা' এর আওতাভুক্ত করা হয়েছে এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষে আরও ৫০,০০০ শিক্ষার্থীকে এই বীমার আওতায় আনা হচ্ছে। কর্তৃপক্ষ বেসরকারী বীমাকারী প্রতিষ্ঠানসমূহকে এই পলিসি চালুর নির্দেশনা প্রদান করায় ২০২৩-২৪ শিক্ষাবর্ষে এখন পর্যন্ত ১,২৩,৮০৭ জন শিক্ষার্থী এই বীমার আওতায় এসেছে।

**'সুরক্ষা বীমা'** পরিকল্প: 'সুরক্ষা বীমা' পরিকল্পটি নন-লাইফ বীমা কোম্পানির জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত একটি বীমা পরিকল্প। এটি মূলত একটি স্বাস্থ্য বীমা পরিকল্প। যে কোন ব্যক্তি মাত্র ১০০/- (একশত) টাকা প্রিমিয়াম প্রদান করত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা পর্যন্ত বীমা সুবিধা পাবেন। এই পরিকল্পের অওতায় সাধারণ বীমা কর্পোরেশন এ পর্যন্ত মোট ১৮,৩০০টি পলিসি চালু করেছে।

**'স্পোর্টসম্যান'স কম্প্রিহেনসিভ ইন্স্যুরেন্স'** পরিকল্প: Sportsmen's Comprehensive Insurance বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক প্রস্তুত করে বীমা পরিকল্পটি চালুর জন্য সাধারণ বীমা কর্পোরেশনসহ সকল নন-লাইফ বীমা কোম্পানির জন্য কর্তৃপক্ষ হতে গত ১১ অক্টোবর ২০২০ তারিখ সার্কুলার নং-নন-লাইফ ৭৯/২০২০ জারি করা হয়েছে। মূলত: খেলোয়াড়দের স্বাস্থ্য সুরক্ষায় এই বীমা পরিকল্পটি বাস্তবায়ন করা হয়েছে।

**প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সুরক্ষা বীমা** পরিকল্প: "প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সুরক্ষা বীমা" -পরিকল্পে প্রাথমিকভাবে অটিজম, ডাউন সিনড্রম, বুদ্ধি প্রতিবন্ধী ও সেরিব্রাল পালসি এ চার ধরণের বিশেষ চাহিদাসম্পন্ন নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনমান উন্নয়ন ও অধিকার সুরক্ষায় এই বীমা পরিকল্পটি চালু করা হলেও ভবিষ্যতে এর আওতা বৃদ্ধি করা হবে। বীমা পরিকল্পটি যুগোপযুগীকরণের জন্য সাধারণ বীমা কর্পোরেশনকে খসড়া পরিকল্প তৈরির করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়।

### সর্বজনীন স্বাস্থ্য বীমা চালুকরণ

সরকারি কর্মচারীদের এবং সার্বজনীন স্বাস্থ্য বীমা প্রচলনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট কার্যক্রম পরিচালনা করছে। উল্লেখ্য, স্বাস্থ্য বীমা গবেষণার সুবিধার্থে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিট ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের Bureau of Economics Research (BER) এর মাধ্যমে "Study in Health Insurance Bangladesh: Perception and

Experience of People Having Insurance" শীর্ষক গবেষণায় সহযোগিতা প্রদানের নিমিত্ত বীমা বিষয়ে তথ্যসহ সর্বাত্তক সহযোগীতা প্রদান করা হয়েছে।

### কৃষিখাতের জন্য শস্য বীমা

কৃষি আমাদের অর্থনীতির প্রধান চালিকা শক্তি। দেশের কর্মক্ষম জনগোষ্ঠীর একটি বৃহৎ অংশ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষি কাজের সাথে জড়িত। কৃষকদের কষ্টের বিনিময়ে উৎপাদিত ফসল নানা কারণে ক্ষতিগ্রস্থ হতে পারে। এছাড়া, যাদের জীবিকা সম্পূর্ণরূপে কৃষি কাজের উপর নির্ভরশীল তারা ফসলের ক্ষতিতে মারাত্মকভাবে বিপদগ্রস্থ হয়। এ অবস্থা থেকে উত্তরণের জন্য দেশে বাণিজ্যিকভাবে কৃষি বীমা চালুর জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমাকারীদের সাথে কাজ করছে। ইতোমধ্যে ২০১৯ সাল পর্যন্ত ১৫,০০০ কৃষককে নিয়ে বাগেরহাট ও নেত্রকোনায় পরীক্ষামূলকভাবে সাধারণ বীমা কর্পোরেশন এক প্রকল্পের মাধ্যমে শস্য বীমা চালু করেছে। জলবায়ু ঝুঁকি মোকাবিলায় ঝুঁকিপ্রবণ হাওড় এলাকায় শস্য বীমা চালু এবং প্রাকৃতিক দুর্যোগের ফলে সৃষ্ট ক্ষতি নিরসনের লক্ষ্যে পাইলট প্রকল্প হিসেবে সাধারণ বীমা কর্পোরেশন ও গ্রীন ডেল্টা ইন্স্যুরেন্স কোম্পানি আবহাওয়া সূচকভিত্তিক শস্য বীমা দেশের বিভিন্ন এলাকায় চালু করেছে। ফলে বন্যা, খরাসহ নানান প্রাকৃতিক দুর্যোগে কৃষকরা ক্ষতিগ্রস্থ হলে তার জন্য বীমা দাবি পাচ্ছে।

### নারীদেরকে বীমার আওতায় এনে নারীর ক্ষমতায়নের উদ্যোগ

নারীদের জন্য পৃথক পৃথক বীমা পরিকল্প চালু করে বীমার আওতায় এনে নারীর ক্ষমতায়নের উদ্যোগ নেয়া হয়েছে। শুধু নারীদের জন্য বিবিধ বীমা পরিকল্প চালু করা হয়েছে যথা: নিবেদিতা বীমা, দেনমোহর বীমা, প্রমিলা ডিপিএস, নিবেদিতা প্লাস এবং পারিবারিক নিরাপত্তা বীমা।

### দুর্ঘটনা ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলাসহ অন্যান্য পলিসি

দুর্ঘটনা ও প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলার জন্য Mass Health Insurance Policy, Micro Health Insurance Policy, Health Insurance Policy নামক বীমা পলিসি এবং হজ্ব বা ওমরা করতে সৌদি আরবে গমন ইচ্ছুকদের জন্য Hajj Insurance Policy এর মত পলিসি গ্রহণের জন্য বিভিন্ন বীমা কোম্পানিকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

### রেলওয়ে যাত্রীদের বীমা সুবিধা

রেলওয়েতে ভ্রমণকারী যাত্রীদের বীমা সুবিধার আওতায় আনয়নের প্রস্তাবনা আর্থিক প্রতিষ্ঠান বিভাগের মাধ্যমে রেল মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। বাংলাদেশ রেলওয়ের সহায়তায় এ বিষয়ে বীমা পরিকল্প প্রণয়নের মাধ্যমে সকল রেলযাত্রীকে বীমা সুবিধার আওতায় আনার পরিকল্পনা রয়েছে।

### বীমা পরিকল্প বাজারজাতকরণ বিষয়ে কর্তৃপক্ষের অনুমোদন

বীমা আইন, ২০১০ এর ১৬ ধারার বিধান অনুযায়ী বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জীবন বীমাকারী কর্তৃক বীমা পরিকল্প বাজারজাত করার বাধ্যবাধকতা রয়েছে। ব্যাংকের ন্যায় মাসিক সুদ/ মুনাফাসহ মাসিক সঞ্চয় স্কীম বা অনুরুপ পণ্য কোনক্রমেই বীমা পরিকল্প হিসেবে স্বীকৃত নয়। এতে একদিকে যেমন বীমা গ্রাহকগণ বিভ্রান্ত হন এবং কোম্পানির ভবিষ্যৎ দায় বৃদ্ধির মাধ্যমে ঝুঁকি বাড়ে, অন্যদিকে বীমা শিল্পেরও ভাবমূর্তি ক্ষুন্ন হয়। কর্তৃপক্ষের অনুমোদন বিহীন বীমা পরিকল্প বাজারজাত না করার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক পরিপত্র জারি করে।

### মরটালিটি ও মরবিডিটি টেবিল

লাইফ ইন্সুরেন্স কোম্পানিগুলোর বীমা পরিকল্প প্রণয়নের ক্ষেত্রে মরটালিটি টেবিল ব্যবহার করে থাকে। স্বাধীনতার ৫০ বছরেও বাংলাদেশের মানুষের তথ্যাদি বিবেচনায় নিয়ে বীমাকারীদের জন্য কোন মরটালিটি টেবিল প্রস্তুত করা যায়নি। ২০২২ সালে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ মরটালিটি টেবিল- ২০২২ প্রণয়ন ও জারি করে। এ টেবিল জারির ফলে প্রকৃত মৃত্যুহারের ভিত্তিতে বীমাকারী বীমা পরিকল্প প্রণয়ন ও লাইফ বীমা কোম্পানির দায় মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে পারবে। লাইফ ও নন-লাইফ উভয় বীমাকারী স্বাস্থ্য বীমা পরিকল্প বাজারজাত করে থাকে। স্বাস্থ্য বীমা পরিকল্প প্রণয়নের ক্ষেত্রে মরবিডিটি টেবিল এর প্রয়োজন হয়। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রথমবারের মতো মরবিডিটি টেবিল- ২০২২ প্রণয়ন ও জারি করেছে।

### প্রচার ও প্রচারণা বৃদ্ধি

বীমা শিল্পে প্রচার ও প্রচারণার ব্যাপক ঘাটতি রয়েছে। প্রচার ও প্রচারণার অভাবে বীমার প্রকৃত সুবিধাদি সর্ম্পকে সাধারণ জনগণ অবহিত হচ্ছে না। যার ফলে বীমা বিষয়ে দেশের জনগণের জ্ঞান অনেক সীমিত। প্রচার প্রচারণার অভাবে বীমা সুবিধা গ্রহণে মানুষকে উদ্বুদ্ধ করা যাচ্ছে না। বীমাকারীরা যাতে প্রচার প্রচারণা বৃদ্ধি করে সে লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ একটি পরিপত্র বিগত ১২ মার্চ ২০২৩ তারিখে জারি করে। উক্ত পরিপত্রের (০২/২০২২) মাধ্যমে বীমা গ্রহীতাদের অধিকার এবং কতর্ব্য সম্পর্কে সচেতন ও শিক্ষিত করার জন্য বেতার/ টেলিভিশন/ সংবাদপত্র ও সোস্যাল মিডিয়ায় অডিও ভিডিও ফরম্যাটে প্রচারণা বৃদ্ধির জন্য কোম্পানিসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক

বীমা বিষয়ক ০২টি TVC, ০৪টি টিভি চ্যানেলে প্রচার করা হয়েছে। এছাড়া, ০২টি স্যোসাল মিডিয়া কনটেন্ট প্রস্তুত করে কর্তৃপক্ষের অফিসিয়াল ফেইজবুক পেইজে প্রচার করা হয়েছে। প্রচার-প্রচারণা বৃদ্ধির লক্ষ্যে হালনাগাদ তথ্যসমৃদ্ধ ব্রোশিওর প্রকাশ ও সর্বস্তরে বিলি করা হয়েছে। সোশ্যাল মিডিয়া কন্টেন্ট তৈরি করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে।

## সেন্ট্রাল রেটিং কমিটি (সিআরসি) কর্তৃক নন-লাইফ বীমা পণ্যের সুপারিশ

বীমা আইন, ২০১০ এর ১৭ ধারা ও বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ১৫ ধারা মোতাবেক গঠিত সেন্ট্রাল রেটিং কমিটি নন-লাইফ বীমা পরিকল্প প্রণয়ন, প্রিমিয়াম রেট নির্ধারণ ও অন্যান্য শর্তাদি নির্ধারণের সুপারিশ কর্তৃপক্ষের অনুমোদনের জন্য প্রদান করে। উক্ত সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ নতুন বীমা পণ্য, প্রিমিয়াম রেট ও অন্যান্য শর্তাদি অনুমোদন দিয়ে থাকে। সম্প্রতি কর্তৃপক্ষ সিআরসি এর সুপারিশের ভিত্তিতে নন-লাইফ বীমা ব্যবসায়ের জন্য ফায়ার ও মেরিন শ্রেণির ট্যারিফ রেট সংশোধন করে কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রকাশ করেছে যা এর পূর্বে ২০০০ সালে সংশোধিত হয়েছিল। কর্তৃপক্ষ গঠনের পর জুন ২০২৪ সাল পর্যন্ত সিআরসি-র মোট ১৮১ টি সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভাসমূহের মাধ্যমে নন-লাইফ বীমাকারীর বেশ কিছু সংখ্যক পরিকল্প কমিটির সুপারিশের ভিত্তিতে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করা হয়েছে এবং সংযুক্তি ৪ এ সকল পরিকল্প বর্ণিত রয়েছে।

## বিধি ও প্রবিধান প্রণয়ন

বীমা আইন, ২০১০ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর অধীনে ১১ টি বিধিমালা এবং ২০ টি প্রবিধানমালা প্রণয়নপূর্বক গেজেট আকারে প্রকাশিত হয়েছে (সংযুক্তি ৫)। অবশিষ্ট বিধি এবং প্রবিধানামালা চূড়ান্তকরণের জন্য বিভিন্ন পর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে। প্রস্তাবিত বিধি এবং প্রবিধানমালা বাস্তবায়নের সাথে সাথে বীমা শিল্পের উল্লেখযোগ্য সংস্কার সম্ভবপর হবে। তদুপরি বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এবং বীমা আইন, ২০১০ এর সম্পূর্ণ বাস্তবায়ন নির্ভর করবে এই দু'টি আইনের আওতায় সংশ্লিষ্ট সকল বিধি প্রবিধান প্রণয়নের ওপর। নন-লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, পরিসংখ্যান প্রবিধানমালা, লাইফ বীমাকারীর উদ্বৃত্ত বন্টন প্রভৃতি প্রবিধানমালা চূড়ান্ত করণের কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়াও গুরুত্বপূর্ণ কিছু প্রবিধানমালা যেমন হিসাব ও স্থিতিপত্র, লাইফ বীমাকারীর সলভেন্সি মার্জিন প্রবিধানমালা, ইসলামী বীমা/তাকাফুল বিধিমালাসহ অন্যান্য প্রবিধানমালা তৈরি করার লক্ষ্যে কর্তৃপক্ষ কাজ করছে।

## পরিদর্শন

কর্তৃপক্ষ ২০১১ থেকে জুন ২০২৪ সাল পর্যন্ত বীমা প্রতিষ্ঠানসমূহে ৪১৯টি অনসাইট পরিদর্শন করেছে (সারণি ১২)। অনসাইট পরিদর্শন পরিচালনার অন্যতম প্রধান উদ্দেশ্য হল বীমা আইন, ২০১০ অনুসারে বীমা প্রতিষ্ঠান বীমা ব্যবসা পরিচালনা করছে কিনা তা যাচাই করা। তাছাড়া, প্রিমিয়াম গ্রহণ ব্যতিরেকে পলিসি আন্ডার রাইটিং করা বা কম প্রিমিয়াম জমা করে পলিসি আন্ডার রাইটিং করা এবং অতিরিক্তি কমিশন প্রদান না করাসহ বিভিন্ন বিষয় অত্যন্ত গুরুত্বের সাথে যাচাই করা হয়। বীমা প্রতিষ্ঠান পরিদর্শনের জন্য একটি পরিদর্শন ম্যানুয়েল তৈরি করে কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

**সারণি ১২**

**কর্তৃপক্ষ কর্তৃক বীমা কোম্পানি পরিদর্শনের সংখ্যা**

| বছর | পরিদর্শনের সংখ্যা |
|---|---|
| ২০১১ | ৭ |
| ২০১২ | ১৪৩ |
| ২০১৩ | ২০ |
| ২০১৪ | ১৬ |
| ২০১৫ | ৯০ |
| ২০১৬ | ২৪ |
| ২০১৭ | ০ |
| ২০১৮ | ২৬ |
| ২০১৯ | ৩০ |
| ২০২০ | ১৫ |
| ২০২১ | ০২ |
| ২০২২ | ০৮ |
| ২০২৩ | ৩৮ |

বীমা আইন এবং কর্তৃপক্ষের সংশ্লিষ্ট সার্কুলারে উল্লেখিত বিধি বিধান এবং নির্দেশনা পরিপালনের বিষয় পরীক্ষা করার লক্ষ্যে মূলত বীমা প্রতিষ্ঠানসমূহে অনসাইট পরিদর্শন পরিচালনা করা হয়। সাম্প্রতিক সময়ে অ্যান্টি মানিলন্ডারিং হলো বিশ্বের অন্যতম আলোচিত বিষয় এবং বাংলাদেশও এর বাইরে নয়। বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক নির্ধারিত

বিধিবিধানের মাধ্যমে মানি লন্ডারিং বিরোধী বিধি মেনে চলার বিষয়টি নিশ্চিত করার জন্য এন্টি মানি লন্ডারিং এবং সন্ত্রাসী কর্মকান্ডে অর্থায়নের বিষয়গুলোও পরিদর্শনের সময় যাচাই করা হয়। অনসাইট পরিদর্শনকালে পর্যবেক্ষিত বিষয়গুলি বীমাকারীদেরকে জানিয়ে কর্তৃপক্ষে শুনানির মাধ্যমে বীমা আইনের বিধান মোতাবেক পরিদর্শন দলের প্রতিটি পর্যবেক্ষণ নিষ্পত্তি করা হয়।

## কর্তৃপক্ষ কর্তৃক আদায়কৃত জরিমানা

বীমা শিল্পকে শৃঙ্খলায় আনয়নের লক্ষ্যে কর্তৃপক্ষের পরিদর্শন কর্তৃক নিয়মিত বীমা প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও শাখা কার্যালয়সমূহের পরিদর্শন প্রতিবেদন ও বিশেষ নিরীক্ষা প্রতিবেদন বিশ্লেষণের ভিত্তিতে অনিয়ম বা আইন লঙ্ঘন বিষয়ে তথ্য পাওয়া গেলে কর্তৃপক্ষ থেকে বীমা কোম্পানির জবাবের জন্য শুনানির আয়োজন করা হয়। শুনানির পর অনিয়ম বা আইন লঙ্ঘন প্রমাণিত হলে বীমা আইন, ২০১০ এর বিধান মোতাবেক কর্তৃপক্ষ থেকে বীমা কোম্পানির বিরুদ্ধে জরিমানা আরোপসহ বিভিন্ন নির্দেশনা বা গাইডলাইন প্রদান করা হয়। ২০১১ সাল থেকে ২০২৩ সাল পর্যন্ত কর্তৃপক্ষ হতে ৪১৯টি অন-সাইট পরিদর্শনে বীমা প্রতিষ্ঠানের অডিট আপত্তি এবং বিবিধ অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রায় ৩৫৭.৪২ মিলিয়ন টাকা জরিমানা আদায় করেছে যা সারণি ১৩ এ বর্ণিত রয়েছে।

**সারণি ১৩**

**কর্তৃপক্ষ কর্তৃক আদায়কৃত জরিমানা** (মিলিয়ন টাকা)

| বছর | লাইফ | নন-লাইফ | মোট জরিমানা |
|---|---|---|---|
| ২০১০-১১ | ০.১০ | ১.৫৭ | ১.৬৭ |
| ২০১১-১২ | ৯.৪৮ | ১৩.৮৭ | ২৩.৩৫ |
| ২০১২-১৩ | ২.৮৮ | ৮.৬৫ | ১১.৫৩ |
| ২০১৩-১৪ | ৩.৭৩ | ৪.০৫ | ৭.৭৮ |
| ২০১৪-১৫ | ৩.৩৬ | ১১.০৮ | ১৪.৪৪ |
| ২০১৫-১৬ | ৪.০৩ | ৪৫.২৫ | ৪৯.২৮ |
| ২০১৬-১৭ | ৩.৬৩ | ৩৩.৯৯ | ৩৭.৬২ |
| ২০১৭-১৮ | ২.৪২ | ১৯.৩৭ | ২১.৭৯ |
| ২০১৮-১৯ | ১.৯২ | ১১.৫২ | ১৩.৪৪ |
| ২০১৯-২০ | ১.৮৩ | ৪.২৩ | ৬.০৬ |
| ২০২০-২১ | ৪.৮৪ | ২৭.৭০ | ৩২.৫৪ |
| ২০২১-২২ | ১১.৯৮ | ৫৪.৯২ | ৬৬.৯০ |
| ২০২২-২৩ | ১৬.৭৩ | ২৭.৭২ | ৪৪.৪৫ |
| ২০২৩-২৪ | ৯.৪৭ | ১৭.১ | ২৬.৫৭ |
| মোট | ৭৬.৪০ | ২৮১.০২ | ৩৫৭.৪২ |

## কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত উল্লেখযোগ্য পদক্ষেপ

- বীমা কোম্পানিগুলোর নতুন বীমা পরিকল্প উদ্ভাবনে আইসিটির ব্যবহার উৎসাহিতকরণের মাধ্যমে বীমার আওতা/পরিসর বৃদ্ধির জন্য উদ্যোগ গ্রহণ করা হয়েছে;
- সকল বীমা পলিসিতে বীমা গ্রাহকের ফোন নম্বর সংরক্ষণ এবং KYC নিশ্চিত করার বিষয়টি বাধ্যতামূলক করা হয়েছে;
- সকল বীমা পরিকল্প ইংরেজির পাশাপাশি বাংলা ব্যবহারের জন্য নির্দেশনা জারী করা হয়েছে;
- বীমাখাতের ভাবমূর্তি বৃদ্ধি করার লক্ষ্যে বীমাকারী কর্তৃক বিভিন্ন অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে বীমা দাবীর অর্থ বিতরণের উদ্যোগ গ্রহণ করা হয়;
- ভূমি, ভবন, ফ্ল্যাট ও অন্যান্য স্থাবর সম্পত্তি ক্রয়/বিক্রয়/হস্তান্তর/লিজ/অনুদান সম্পর্কিত তথ্য ও দলিলাদি কর্তৃপক্ষের নিকট দাখিল করে পূর্বানুমোদন গ্রহণের জন্য বীমা কোম্পানিসমূহকে চেক লিস্টসহ নির্দেশনা প্রদান করা হয়;
- লাইফ ও নন-লাইফ বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ অনুমোদনের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন দাখিল করার কাজকে ত্বরান্বিত করা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের জন্য বীমা কোম্পানিসমূহকে চেক লিস্টসহ নির্দেশনা প্রদান করা হয়েছে;
- বীমা কোম্পানিসমূহকে ১০,০০০/- (দশ হাজার) [০.০১ মিলিয়ন] টাকার উর্ধ্বে লেনদেন ব্যাংকিং চ্যানেলের মাধ্যমে করার নির্দেশনা প্রদান করা হয়;

- নাগরিক সুবিধা প্রদানের জন্য সিটিজেন চার্টার তৈরি করে কর্তৃপক্ষের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে;
- কর্তৃপক্ষ কর্তৃক চার্টার্ড একাউন্ট্যান্টস প্রতিষ্ঠানের মাধ্যমে বীমা কোম্পানির হিসাবসহ বিভিন্ন কার্যক্রম বিশেষ নিরীক্ষার জন্য টার্ম অব রেফারেন্স তৈরিপূর্বক নিরীক্ষক নিয়োগ করা হয়।

## নন-লাইফ বীমার ক্ষেত্রে কর্তৃপক্ষের গৃহীত গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ

- টেরিফ রেইট লংঘন বন্ধ করার নির্দেশনা;
- বাকিতে ব্যবসা বন্ধ করার নির্দেশনা;
- পরিচালকদের নিজস্ব কোম্পানিতে ব্যবসা সীমিত করার নির্দেশনা;
- পরিচালকদের যুগপৎ অন্য আর্থিক প্রতিষ্ঠানে পরিচালক না থাকার নির্দেশনা;
- জরিপকারীদের মাশুল ও অন্যান্য খরচাদি পুনঃনির্ধারণ;
- বীমা আইনের বিধান অনুযায়ী সেন্ট্রাল রেটিং কমিটির মাধ্যমে প্রিমিয়াম ট্যারিফ নির্ধারণ;
- পুনঃবীমা সম্পর্কিত তথ্যাদি কর্তৃপক্ষের নিকট দাখিলের নির্দেশনা;
- বীমা ব্যবসা সংক্রান্ত ত্রৈমাসিক বিবরণী কর্তৃপক্ষের নিকট দাখিলের নির্দেশনা;
- এজেন্ট ব্যতিত অন্য কাউকে প্রিমিয়ামের উপর শতকরা হারে পারিশ্রমিক বা পারিতোষিক প্রদান না করার নির্দেশনা।

## লাইফ বীমার ক্ষেত্রে কর্তৃপক্ষের গৃহীত গুরুত্বপূর্ণ পদক্ষেপসমূহ

- লাইফ বীমাকারীর অর্জিত প্রিমিয়ামের উপর প্রদেয় কমিশন পরিশোধ এবং তামাদি পলিসি নিয়ন্ত্রণের জন্য সার্কুলার জারি এবং তা বাস্তবায়ন;
- লাইফ বীমা কোম্পানিসমূহের বীমা দাবী পরিশোধসহ বিভিন্ন বিষয়ে কোম্পানির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং কোম্পানির পরিচালনা পর্ষদের সঙ্গে কর্তৃপক্ষের বৈঠক আয়োজন;
- নতুন অনুমোদনপ্রাপ্ত লাইফ কোম্পানিসমূহের ব্যবস্থাপনা ব্যয় কমানোসহ ব্যবসায়িক বিবিধ বিষয় এবং পলিসি হোল্ডারদের স্বার্থ সুরক্ষার জন্য সমন্বয় সভায় নির্দেশনা প্রদান;
- কমিশনভিত্তিক জনবলের স্তর পুনর্বিন্যাসকরণ;
- কোম্পানির সম্পদের বিনিয়োগের সঠিকতা নিশ্চিত করার জন্য সম্পদ বিবরণী ত্রৈমাসিক ভিত্তিতে কর্তৃপক্ষের নিকট দাখিলের নির্দেশনা;
- বছর শেষে বীমাকারীর ব্যবসার হিসাব সমাপন করে প্রতিবেদন কর্তৃপক্ষের নিকট দাখিলের নির্দেশনা;
- লাইফ বীমা কোম্পানিসমূহে একচ্যুয়ারিদের সংখ্যা বৃদ্ধির জন্য প্রতিটি বীমা কোম্পানিতে একচ্যুয়ারিয়াল বিভাগ প্রতিষ্ঠার নির্দেশনা;
- বীমা দাবী নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলের নির্দেশনা ও তা বাস্তবায়ন;
- সকল ত্রৈমাসিক প্রতিবেদন সময়মতো দাখিলের নির্দেশনা এবং ত্রৈমাসিক প্রতিবেদনের ভিত্তিতে বিভিন্ন বিষয়ে নির্দেশনা প্রদান।

## ইনোভেশন টিম

কর্তৃপক্ষের একজন পরিচালক এর নেতৃত্বে ৫ সদস্য বিশিষ্ট 'ইনোভেশন টিম' গঠিত হয়েছে। Aspire to Information (A2i) হতে আইডিআরএ এর কর্মকর্তাদের প্রশিক্ষণ দেয়া হয়েছে। কর্তৃপক্ষের উদ্ভাবনী দল নিরলসভাবে বিভিন্ন উদ্ভাবনী ধারণা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে এবং বাস্তবায়ন প্রক্রিয়াধীন রয়েছে। কর্তৃপক্ষের উদ্ভাবনী দল নিরলসভাবে বিভিন্ন উদ্ভাবনী ধারণা প্রবর্তন করেছে, যেমন- বীমা নম্বরযুক্ত গাড়ির সাথে যোগাযোগের নম্বরসহ বীমাকারীর নাম উল্লেখ করে একটি স্টিকার লাগানো, যাতে দুর্ঘটনার ক্ষেত্রে কোন ক্ষতিগ্রস্থ ব্যক্তি সহজেই এবং দ্রুততম উপায়ে বীমাকারীর নিকট দাবি উত্থাপন করতে পারে। ২০২১ সালে বীমা সংক্রান্ত অভিযোগ সহজে দাখিল করার জন্য কর্তৃপক্ষ হটলাইন নম্বর ১৬১৩০ চালু করেছে এবং এ থেকে প্রাপ্ত অভিযোগগুলোর ব্যাপারে নিয়মিত কার্যক্রম গ্রহণ করা হচ্ছে। উক্ত হটলাইন নম্বরটি কর্তৃপক্ষের ওয়েবসাইটে প্রদর্শন করা হয়েছে। ২০২২ সালে বীমা এজেন্ট নিয়োগ, নিবন্ধন, লাইসেন্স ও নবায়ন সংক্রান্ত কার্যক্রম সহজিকরনের জন্য অনলাইন মডিউলে "এজেন্ট লাইসেন্স অনলাইন" (ALO) মডিউল চালু করা হয়েছে। ইনোভেশনের অংশ হিসেবে জুন ২০২৪ মাসে ইউনিয়ন পর্যায়ে বীমা গ্রহকগণকে দ্রুত ও খুব সহজে সেবা প্রদানের লক্ষে কর্তৃপক্ষ কর্তৃক a2i (Aspire to Innovation) এর অধীনে পরিচালিত Union Digital Center (UDC) সমূহ হতে UMP এর ডিজিটাল সেবাসমূহ প্রদানের জন্য ভার্চুয়ালি অরিয়েন্টেশন কর্মশালা অনুষ্ঠিত হয়।

## বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প

বীমা খাতের উন্নয়নের জন্য ১১৮.৫০ কোটি টাকার সরকারি অর্থায়ন এবং বিশ্বব্যাংক এর ৫১৩.৫০ কোটি টাকাসহ মোট ৬৩২.০০ কোটি টাকার অর্থায়নে Bangladesh Insurance Sector Development Project (BISDP) এর কাজ শুরু করা হয়েছে। উল্লেখ্য, উক্ত প্রকল্পের মেয়াদ ৩০ আগস্ট ২০২৪ সাল পর্যন্ত বৃদ্ধি ও ডলারের মূল্য বৃদ্ধি পাওয়ায় সরকারি অর্থায়ন ২২৩.২৫ কোটি টাকা ও বিশ্বব্যাংকের ৭১৬.৭৫ কোটি টাকা এবং প্রকল্পের মোট ব্যয় প্রায় ৯৪০.০০ কোটি টাকা হয়েছে। ইতোমধ্যে Regulatory and Supervisory System (Regtech/Suptech), ERP, Grievance Redress system software with integrated call center স্থাপন করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি, সাধারণ বীমা কর্পোরেশন এবং জীবন বীমা কর্পোরেশনকে পেশাদারিত্ব এবং প্রযুক্তিগত সক্ষমতা আরও বৃদ্ধি করা হবে এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের মাধ্যমে সকল বীমা প্রতিষ্ঠানকে অটোমেশন পদ্ধতির আওতায় আনার প্রক্রিয়া চলমান রয়েছে। দেশের সকল বীমা প্রতিষ্ঠানকে অটোমেশন পদ্ধতির আওতায় নিয়ে আসলে বীমা খাতের উন্নয়নের সাথে সাথে অধিকাংশ সমস্যার সমাধান হবে, ফলশ্রুতিতে বীমা গ্রাহকদের আস্থার সংকট নিরসন হবে এবং বীমা খাত উপকৃত ও আধুনিকায়ন হবে।

## বীমা খাতে অটোমেশনের উদ্যোগ গ্রহণ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ ২০২০ সালে 'Unified Messaging Platform (UMP)' নামে একটি ডিজিটাল ইকোসিস্টেম চালু করেছে, যার মাধ্যমে প্রাথমিক পর্যায়ে বীমা গ্রহীতাদের মোবাইলে প্রিমিয়াম জমার তাগিদ জানিয়ে খুদে বার্তা এবং পরবর্তীতে প্রিমিয়াম জমা নিশ্চিতকরণ সংক্রান্ত আরো একটি খুদে বার্তা প্রেরণ করা হয়। এই প্রযুক্তির মাধ্যমে বর্তমানে গ্রাহকদের পরিচিতি, বীমা পলিসির মেয়াদ, জমাকৃত প্রিমিয়ামের বিবরণসহ প্রায় ৩৫ ধরণের তথ্য সংরক্ষণ করা হচ্ছে। এছাড়াও বীমা তথ্য মোবাইল অ্যাপের মাধ্যমে গ্রাহকদের পলিসি সংক্রান্ত তথ্য প্রদান করা হয়ে থাকে। বর্তমানে সেবার পরিধি বৃদ্ধি করে পলিসি ডিপোজেটরি, ই-রিসিপ্ট, e-KYC, বীমা গ্রাহক পোর্টাল, Electronic Report, Business Intelligence Tools ও Agent Licensing Online (ALO) মডিউল সংক্রান্ত সেবাসমূহ সংযুক্ত করা হয়েছে। এছাড়া, কর্তৃপক্ষ বীমা খাতে IT ব্যবহার করে বীমা পণ্য প্রস্তুত, বাজারজাতকরণ, বীমা দাবী পরিশোধ ব্যবস্থাপনায় InsurTech/ Startups প্রতিষ্ঠানের সেবা গ্রহণের জন্য InsurTech Regulatory Sandbox গাইডলাইন্স জারি করেছে।

## বীমা কোম্পানি/কর্পোরেশনসমূহে uniform KYC (Know Your Customer) Profile জারি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক সকল বীমা কোম্পানি ও কর্পোরেশন ২০১৮ সাল থেকে অভিন্ন KYC চালু করেছে। Unified Messaging Platform (UMP) সিস্টেমে e-KYC সার্ভিসটি অক্টোবর, ২০২২ থেকে চালু করা হয়েছে।

## বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির উদ্যোগ

### জাতীয় বীমা দিবস আয়োজন

২০২০ সালের ১ মার্চ তারিখে প্রথম জাতীয় বীমা দিবস উদযাপন করা হয় এবং দেশব্যাপী জাতীয় বীমা দিবস উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে পালিত হয়। উল্লেখ্য, এ যাবৎ ৫টি জাতীয় বীমা দিবস উদযাপিত হয়েছে। বর্তমানে দিবসটির গুরুত্ব বিবেচনায় গত ১৭ সেপ্টেম্বর ২০২২ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক জাতীয় বীমা দিবসকে 'খ' শ্রেণি হতে 'ক' শ্রেণি তে উন্নীত করে ১৩ অক্টোবর ২০২২ তারিখ পরিপত্র জারি করা হয়েছে। জনগণকে বীমা বিষয়ে সচেতন করা ও বীমার প্রচার- প্রসারে জাতীয় বীমা দিবস উদযাপন অত্যন্ত কার্যকর ভূমিকা রাখবে।

০১ মার্চ ২০২০, ২০২১, ২০২২, ২০২৩ এবং ২০২৪ এ জাতীয় বীমা দিবস উদযাপন উপলক্ষে বীমা শিল্পে অবদান সম্পর্কিত ৫টি প্রামাণ্যচিত্র প্রস্তুত করা হয়। এই ৫টি প্রামাণ্যচিত্র ও ২টি থিম-সং কর্তৃপক্ষসহ সকল সরকারি ও বেসরকারি বীমা কোম্পানির ওয়েবসাইট, অফিসিয়াল ফেসবুকসহ বিভিন্ন প্রচার মাধ্যমে ইতোমধ্যে প্রদর্শনের ব্যবস্থা করা হয়েছে। এছাড়া বীমা সংক্রান্ত যে কোন অনুষ্ঠানে এই প্রামাণ্যচিত্র ও থিম-সং প্রচার করা হয়ে থাকে।

### বীমা মেলার আয়োজন

বীমা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি তথা বীমার বার্তা সকলের নিকট পৌছানোর লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক ২০১৬ সালে দেশে প্রথমবারের মতো বীমা মেলার আয়োজন করা হয়। বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স ফোরামের সহযোগিতায় ২০১৬ সালে ঢাকায় চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে ৩ দিনব্যাপি বীমা মেলার আয়োজন করা হয়েছিল। দেশের প্রতিটি বিভাগে একটি করে বীমা মেলা আয়োজনের অংশ হিসেবে ২০১৭ সালে সিলেটে, ২০১৮ সালে চট্টগ্রামে, ২০১৯ সালে খুলনায় এবং ২০২২ সালে বরিশালে বিভাগীয় পর্যায়ে বীমা মেলা সফলভাবে আয়োজন করা হয়েছে। পর্যায়ক্রমে দেশের সকল বিভাগে অনুরূপ বীমা মেলার আয়োজন করা হবে। প্রায় সকল বীমা প্রতিষ্ঠান এ মেলায় অংশগ্রহণ করে। এই বীমা মেলার মূল লক্ষ্য ছিল সাধারণ মানুষের সচেতনতা বৃদ্ধি, বীমা দাবির অর্থ পরিশোধ, বিভিন্ন বীমা পণ্যের প্রচার ও বিক্রয়, বীমা শিল্পের

কর্মক্ষেত্রের উন্নতি, বীমা দাবি নিষ্পত্তির তথ্য, কর্মসংস্থান সম্পর্কিত তথ্য এবং বীমা বেনিফিট সম্পর্কিত তথ্য প্রদান করা। ২০১৩ সালে প্রথম সার্ক ইন্স্যুরেন্স সামিট বাংলাদেশে অনুষ্ঠিত হয়।

এছাড়াও, কর্তৃপক্ষ বীমা কোম্পানিসমূহকে জেলা ও উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত উন্নয়ন মেলায় অংশগ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করে। এ ধরণের মেলায় বীমা কোম্পানিসমূহ জনসাধারণের কাছে যাওয়ার প্রচুর সুযোগ পায়। এটি বীমাখাতের বিকাশে স্বল্পমেয়াদী লক্ষ্য ছাড়াও দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে।

### মত বিনিময় সভা

বীমা বিষয়ে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রথমবারের মতো ১৯ নভেম্বর ২০২২ তারিখ চট্টগ্রাম সার্কিট হাউজের সম্মেলন কক্ষে বীমা শিল্পের অংশীজনদের নিয়ে একটি মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত মত বিনিময় সভায় বীমা শিল্পের প্রায় সকল বীমা প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

### TVC, সোশ্যাল মিডিয়া কন্টেন্ট ও অন্যান্য

বীমা সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধির লক্ষে দুইটি TVC প্রস্তুত করা হয়েছে এবং ইতোমধ্যে ৪(চার)টি বেসরকারী টিভি চ্যানেলে বর্ণিত TVCসমূহ প্রচার করা হয়েছে। এছাড়া, বীমা সংক্রান্ত হালনাগাদ তথ্য সমৃদ্ধ ব্রোশিওর প্রস্তুত করে সকল পর্যায়ে বিতরণ করা হয়েছে। আরো উল্লেখ্য বীমা সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে 'Social Media Content' ও 'Ad on' প্রস্তুত করা হয়েছে এবং বিভিন্ন টিভি চ্যানেল সম্প্রচার ও কর্তৃপক্ষের অফিসিয়াল Facebook পেইজে প্রচার করা হয়েছে।

### বীমা খাতে একচ্যুয়ারি তৈরীর উদ্যোগ

বীমা শিল্পে একচ্যুয়ারির তীব্র সংকট থাকায় সরকার একচ্যুয়ারিয়াল সাইন্স বিষয়ে অধ্যয়নের উপর গুরুত্ব আরোপ করেন। সে প্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের উদ্যোগে এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, সাধারণ বীমা কর্পোরেশন ও জীবন বীমা কর্পোরেশনের যৌথ অর্থায়নে প্রয়োজনীয় আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রথমবারের মতো দু'জন শিক্ষার্থীকে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে যুক্তরাজ্যের City University of London -এ MSc. in Actuarial Science বিষয়ে ১ বছর মেয়াদী মাস্টার্স প্রোগ্রাম সম্পন্ন করার জন্য বৃত্তি প্রদান এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষে ১ (এক) জন শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়েছে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে Masters in Acturial Science, Masters in Acturial Management এবং প্রফেশনাল একচ্যুয়ারির জন্য আংশিক বৃত্তির বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। ২০২৪-২৫ শিক্ষাবর্ষে City University of London -এ Masters in Acturial Science বিষয়ে ১ বছর মেয়াদী মাস্টার্স প্রোগ্রামে ১(এক) জনকে বৃত্তি দেয়া হয় এবং Institute and Faculty of Actuaries(UK) (IFoA-UK) বা সমমানের সোসাইটিতে দেশে অবস্থানপূর্বক বিষয়ভিত্তিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য ২(দুই) জনকে আংশিক বৃত্তি প্রদান করা হয়।

### কর্পোরেট এজেন্ট (Bancassurance) নির্দেশিকা, ২০২৩

দেশের অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তায় এবং একটি কল্যাণ রাষ্ট্র গঠনে বীমার বহুমূখী ভূমিকা রয়েছে। বীমা খাতের সম্প্রসারণ এবং উন্নয়নের লক্ষ্য নিয়ে জাতীয় বীমা নীতি, ২০১৪ প্রণীত হয়। এ নীতিতে বীমা সম্প্রসারণের অন্যান্য পদ্ধতির মধ্যে বিপণন ব্যবস্থা বহুমুখীকরণের বিষয়টিকে গুরুত্ব আরোপ করা হয়েছে। বিপণন ব্যবস্থা বৈচিত্রকরণের জন্য কর্পোরেট এজেন্ট পদ্ধতি কার্যকর মাধ্যম হওয়ায় বীমা আইন, ২০১০ এর ১২৪ ধারা অনুযায়ী কর্পোরেট এজেন্ট পদ্ধতি চালুর গুরুত্ব রয়েছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাংলাদেশের কর্পোরেট এজেন্ট হিসাবে ব্যাংকের মাধ্যমে বীমা পণ্য বিপণনের উদ্যোগ গ্রহণ করেছে যার মাধ্যমে ব্যাংক ও বীমাকারীর যৌথ প্রচেষ্টায় গ্রাহকগণ দ্রুত ও নির্ভরযোগ্য বীমা সেবা গ্রহণ করতে পারবে। বীমা খাতের অনুপ্রবেশ (penetration) বৃদ্ধির নিমিত্ত ব্যাংকের মাধ্যম্যে বীমা পণ্য বাজারজাতকরণের লক্ষ্যে কর্পোরেট এজেন্ট (ব্যাংকাস্যুরেন্স) নির্দেশিকা ২০২৩ জারি করা হয়েছে। উক্ত নির্দেশিকার শর্তানুযায়ী ৮ টি ব্যাংকের সাথে বিভিন্ন বীমা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চুক্তি সম্পন্ন করেছে।

### বীমা খাতে Insurtech/Start-up এর মাধ্যমে সেবা প্রদান

দ্রুত বিকাশমান তথ্য প্রযুক্তির উৎকর্ষতায় বীমা গ্রাহকদের নতুন পরিকল্প এবং দ্রুত ও স্বচ্ছতার সাথে বীমা সেবা পাওয়ার জন্য তাদের চাহিদায় ব্যাপক পরিবর্তন এসেছে। দেশে Insurtech/Start-up প্রতিষ্ঠানের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে যারা উদ্ভাবনী পণ্য ও সেবা নিয়ে এগিয়ে এসেছে। বীমা খাতের সুশৃঙ্খল বিকাশ, বীমা গ্রাহকদের স্বার্থ সংরক্ষণ এবং তথ্য প্রযুক্তিখাতকে বীমা সেবায় সম্পৃক্ত করার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ 'রেগুলেটরি স্যান্ডবক্স (Regulatory Sandbox) গাইডলাইন্স-২০২৩', জারি করেছে। অনলাইন ভিত্তিক বীমা সেবা প্রদানের জন্য রেগুলেটরি স্যান্ডবক্স গাইডলাইন্স, ২০২৩ এর আলোকে Insurtech/Start-up প্রতিষ্ঠান হিসাবে এ পর্যন্ত ০৭টি প্রতিষ্ঠানকে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বীমা সেবা প্রদানের অনুমোদন দিয়েছে।

### অর্থ পাচার রোধে পদক্ষেপ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টিলিজেন্স ইউনিট (বিএফআইইউ) কে একটি নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ হিসেবে অর্থ পাচার ও সন্ত্রাসী কার্যে অর্থায়ন রোধে পূর্ণ সহযোগিতা প্রদান করে। অর্থ পাচার ও সন্ত্রাসে অর্থায়ন রোধে কর্তৃপক্ষ হতে বীমা কোম্পানিসমূহকে বিভিন্ন নির্দেশনা প্রদান করা হয়। এই বিষয়ে ডিসেম্বর ২০১৯ এবং নভেম্বর ২০২১ সালে কক্সবাজারে চিফ অ্যান্টি মানি লন্ডারিং কমপ্লায়েন্স অফিসার (CAMLCO) এর সম্মেলন করা হয়। এছাড়াও, মানি-লন্ডারিং বিষয়ে গত জুন ২০১৯ সালে বীমা প্রতিষ্ঠানের মুখ্য নির্বাহী কর্মকর্তাদের অংশগ্রহণের মাধ্যমে একটি সম্মেলন অনুষ্ঠিত হয়। সকল বীমা কোম্পানি ও কর্পোরেশনসমূহ সকল ক্যামলকো-কে অর্থ পাচার এবং সন্ত্রাসে অর্থায়ন রোধ করার নির্দেশনা দেয়া হয়। জাতীয় বীমা নীতি, ২০১৪ এর কর্মপরিকল্পনা অনুযায়ী কর্তৃপক্ষ ফাইন্যান্সিয়াল ইন্টিলিজেন্স সেল (এফআইসি) গঠন করে। বাংলাদেশ ব্যাংক থেকে বীমা প্রতিষ্ঠানসমূহের গ্রাহকদের জন্য Know Your Customer (KYC) ফর্ম প্রবর্তন করার নির্দেশ প্রদান করা হয় এবং একই সাথে কর্তৃপক্ষ বীমা প্রতিষ্ঠানসমূহে বাংলাদেশ ব্যাংকের নির্দেশনা পরিপালনের বিষয়টি খুব সক্রিয়ভাবে পর্যবেক্ষণ করছে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ বিএফআইইউ এর সাথে একত্রিতভাবে কাজ করছে এবং বীমা প্রতিষ্ঠানসমূহকে অর্থ পাচার এবং সন্ত্রাসে অর্থায়ন রোধে বিভিন্ন নির্দেশনা প্রদান করেছে।

### ইন্টারন্যাশনাল এসোসিয়েশন অফ ইন্স্যুরেন্স সুপারভিশন (আইএআইএস) এবং এ্যালায়েন্স ফর ফিন্যানসিয়াল ইনক্লুশান (এএফআই) এর সদস্যপদ গ্রহণ

যুগপোযোগী ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতিসমূহের ব্যবহারের মাধ্যমে দেশের বীমা খাতের তদারকি ও উন্নয়নের যাত্রাকে গতিশীল করার লক্ষ্যে কর্তৃপক্ষ আইএআইএস এবং এএফআই এর সদস্য হয়েছে।

### ওয়ার্কশপ/সেমিনার

বীমা উন্নয়ণ নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশনের যৌথ উদ্যোগে দুর্যোগ ব্যবস্থাপনা, ডিজিটাল পদ্ধতিতে বীমা ব্যবসা, কৃষি বীমা, মেডিক্যাল বীমা, গবাদি পশু বীমা, ক্ষুদ্র বীমা, ডিজিটাল মোটর বীমা, প্রতিবন্ধীদের জন্য বীমা, একচ্যুয়ারি সৃষ্টির জন্য বৃত্তিসহ বিভিন্ন বিষয়ের ওপর সেমিনার আয়োজন করা হয়। সলভেন্সি মার্জিন ও আন্ডাররাইটিং সম্পর্কিত আইডিআরএ কর্তৃক কয়েকটি আন্তর্জাতিক মানের সেমিনারের আয়োজন করা হয়েছে। ২০২১ সালে জুলাই থেকে সেপ্টেম্বর মাসে কর্তৃপক্ষ কর্তৃক ০২ টি ওয়ার্কশপ এবং বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি কর্তৃক ০১টি সেমিনার আয়োজন করা হয়। এছাড়া, ২০২০-২০২১ অর্থ বছরে ০৮টি এবং ২০২১-২০২২ অর্থ বছরে ১২টি সেমিনার ও ওয়ার্কশপ আয়োজন করা হয়েছে। এছাড়া, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন 'বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প' ২০২৩-২৪ অর্থ বছরে ০৪টি সেমিনার/ওয়ার্কশপ আয়োজন করেছে।

### বীমা গ্রাহকের আস্থা বৃদ্ধিতে গৃহীত উদ্যোগ

বীমার প্রতি সাধারণ জনগণের আস্থার সংকট এ শিল্পের একটি সমস্যা। বীমা গ্রাহকদের প্রাপ্য দাবির অর্থ যথাসময়ে এবং যথাযথভাবে পরিশোধ না করার কারণে গ্রাহকদের মধ্যে আস্থার সংকট প্রকট আকার ধারণ করেছে। ফলশ্রুতিতে বীমা আর্থিক খাতের অন্যান্য মাধ্যমের তুলনায় পিছিয়ে পড়ে। বীমা গ্রাহকদের প্রাপ্য দাবির অর্থ যথাসময়ে এবং যথাযথভাবে পরিশোধ করে গ্রাহকদের আস্থা বৃদ্ধির লক্ষ্যে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করেছে:

ক) বীমা গ্রাহকদের অভিযোগ দাখিল ও সেগুলো দ্রুত নিষ্পত্তির জন্য একজন সদস্যের নেতৃত্বে একটি সেল গঠন করা হয়েছে এবং পাঁচজন কর্মকর্তা এ বিষয়টি সার্বক্ষণিক তদারকি করছে।

খ) দাবী সংক্রান্ত তথ্য এবং বীমা পণ্য সম্পর্কিত ভিডিও ক্লিপ তৈরি করে ওয়েবসাইটে আপালোড করার নির্দেশনার প্রেক্ষিতে প্রতিটি কোম্পানি জনসচেতনতামূলক ভিডিও ক্লিপ তৈরি করে সেগুলো তাদের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করেছে।

গ) প্রতিটি কোম্পানি জনসচেতনতামূলক ভিডিও ক্লিপ তৈরি করে সেগুলো তাদের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করেছে।

ঘ) বীমা দাবি সংক্রান্ত যে কোন অভিযোগের জন্য কর্তৃপক্ষের হটলাইন নম্বর- ১৬১৩০ চালু করা হয়েছে।

কর্তৃপক্ষ কর্তৃক বীমা আইন, ২০১০ এর ধারা ৭৩ এবং বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বিরোধ নিষ্পত্তি কমিটি) প্রবিধানামালা, ২০১২' এর বিধান অনুসারে কর্তৃপক্ষের একজন প্রতিনিধিসহ পাঁচ সদস্যের সমন্বয়ে একটি বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন করা হয়। ২০১৫ থেকে জুন ২০২৪ পর্যন্ত বিরোধ নিষ্পত্তি কমিটি ১৩৫টি সভা করে ৫১টি অভিযোগের মধ্যে ৫০টি অভিযোগ নিষ্পত্তি করে। বীমা আইনের প্রত্যক্ষ নির্দেশনার পাশাপাশি বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে বীমা সম্পর্কে জনগণের ইতিবাচক মনোভাব সৃষ্টির লক্ষ্যে দেশব্যাপি সরাসরি জনসম্মুখে বীমা গ্রাহকের চেক হস্তান্তরের জন্য কর্তৃপক্ষ থেকে নির্দেশনা জারি করার পরিপ্রেক্ষিতে নিয়মিত এসকল চেক বীমা গ্রাহকের মাঝে আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা হয়।

বীমা আইন ২০১০ এর ৫১ ধারা অনুযায়ী কর্তৃপক্ষ বীমাকারী প্রতিষ্ঠানের কার্যক্রম কিভাবে সম্পাদিত হচ্ছে তা পর্যবেক্ষণের উদ্দেশ্যে 'অবজারভার' নিয়োগ দিয়ে থাকেন। বীমাকারীর বিভিন্ন অভিযোগ ও বীমা প্রতিষ্ঠানের কার্যক্রম তদারকির জন্য বর্তমানে বেশ কিছু বীমা প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ 'অবজারভার' নিয়োগ প্রদান করেছে।

## আর্থিক স্থিতিশীলতার প্রতিবেদন

বীমাকারী থেকে প্রাপ্ত আর্থিক স্থিতিশীলতার তথ্য সংগ্রহপূর্বক কর্তৃপক্ষ বীমাকারীর আর্থিক স্থিতিশীলতা প্রতিবেদন বাংলাদেশ ব্যাংকের নিকট প্রেরণ করে। এ সকল প্রতিবেদনে বীমা প্রতিষ্ঠানের প্রিমিয়াম আয়, সম্পদের পরিমাণ, বিনিয়োগের পরিমাণ এবং স্থায়ী আমানতের পরিমাণসহ বিভিন্ন আর্থিক তথ্য সন্নিবেশিত থাকে। বীমা শিল্পের দক্ষতা বিশ্লেষণের জন্য কর্তৃপক্ষ বীমা প্রতিষ্ঠানসমূহ থেকে বীমা শিল্পের তথ্য এবং পরিসংখ্যান সংগ্রহ করে। এতে মোট সম্পদ, বীমা ব্যবসায়ের বিভিন্ন শ্রেণির গ্রস প্রিমিয়াম, কমপ্রিহেনসিভ ইনকাম, বীমা কোম্পানিসমূহের আর্থিক অবস্থা, বিভিন্ন রেশিও যেমন- রিটেনশন রেশিও, ক্লেইম রেশিও, কম্বাইন্ড রেশিও, ব্যবস্থাপনা ব্যয় রেশিও এবং ইন্ড অব লাইফ ফান্ড রেশিও ইত্যাদি রয়েছে।

## মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ

বীমা আইন, ২০১০ এর ৮০ ধারা এবং বীমা কোম্পানি (মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ ও অপসারণ) প্রবিধানমালা, ২০১২ এর বিধান মোতাবেক কর্তৃপক্ষ যোগ্যতাসম্পন্ন ব্যক্তিকে বীমা কোম্পানির মুখ্য নির্বাহী কর্মকর্তা হিসেবে নিয়োগ অনুমোদন প্রদান করে। ২০২৩ থেকে জুন ২০২৪ সাল পর্যন্ত লাইফ বীমায় মোট ১৪ জন মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ অনুমোদনপ্রাপ্ত এবং ৭ জন মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ নবায়নপ্রাপ্ত হয়ে বিভিন্ন বীমা কোম্পানিতে কর্মরত রয়েছেন। নন-লাইফ বীমায় ২০২৩ থেকে জুন ২০২৪ সাল পর্যন্ত ০৯ জন মুখ্য নির্বাহী কর্মকর্তা কর্তৃপক্ষ কর্তৃক নিয়োগ অনুমোদনপ্রাপ্ত এবং ১৫ জন মুখ্য নির্বাহী কর্মকর্তা নিয়োগ নবায়নপ্রাপ্ত হয়ে বিভিন্ন বীমা কোম্পানিতে কর্মরত রয়েছেন।

## বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপনের অনুমোদন

বীমা আইন, ২০১০ এর ধারা ১৪ এর বিধান, বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপন (লাইসেন্স প্রাপ্তির আবেদন) প্রবিধানমালা, ২০১২ এবং বীমাকারীর শাখা ও কার্যালয় স্থাপনের জন্য লাইসেন্স ফি বিধিমালা, ২০১২ এর বিধান মোতাবেক কর্তৃপক্ষ থেকে বীমা কোম্পানিসমূহের শাখা ও কার্যালয় স্থাপনের অনুমোদন প্রদান করা হয়। কর্তৃপক্ষ কর্তৃক ২০২৩ সাল থেকে জুন ২০২৪ সাল পর্যন্ত লাইফ বীমাকারীর ২৮৭ টি এবং নন-লাইফ বীমাকারীর ৪৯ টি শাখা ও কার্যালয় স্থাপনের অনুমোদন দেয়া হয়।

## বীমা শিল্পের উন্নয়নে কর্তৃপক্ষের অন্যান্য কার্যক্রম

সরকারের সময়ে সময়ে দেয়া নির্দেশনার পরিপ্রেক্ষিতে বীমা শিল্পের বিকাশে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক বিবিধ উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সার্বজনীন স্বাস্থ্য বীমা, বেকারত্ব বীমা, ব্যক্তিগত সুরক্ষায় স্বল্প অংকে সুরক্ষা বীমা, বাধ্যতামূলক ভবন বীমা ছাড়াও দেশে প্রয়োজনীয় সংখ্যক একচ্যুয়ারি সৃষ্টির জন্য সরকারিভাবে বৃত্তি প্রদান, শেয়ারবাজারে বীমা কোম্পানিসমূহের তালিকাভুক্ত করণের উদ্যোগ, কর্তৃপক্ষের নিজস্ব ভবন তৈরির কার্যক্রম অব্যাহত রয়েছে। এ সকল উদ্যোগ বাস্তবায়ন সম্ভব হলে বীমা শিল্প দেশের অর্থনীতিকে আরও শক্তিশালী করবে।

## কর্তৃপক্ষের আয় এবং ব্যয়

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ এর ১৬ ধারায় উল্লেখিত বিধান মোতাবেক সংগৃহীত আয় যেমন-নিবন্ধন নবায়ন ফি, এজেন্ট লাইসেন্স ফি, আরোপিত জরিমানা ইত্যাদি থেকে কর্তৃপক্ষের অফিস ভাড়া, কর্মকর্তা-কর্মচারীদের বেতন ভাতাদি, অনুষ্ঠান ব্যবস্থাপনা, গাড়ির জ্বালানি ও রক্ষণাবেক্ষণ এবং স্টেশনারিসহ অন্যান্য ব্যয় নির্বাহ করা হয়। সরকারের নিকট থেকে ৮০ লক্ষ টাকা অনুদান নিয়ে কর্তৃপক্ষ কার্যক্রম শুরু করে। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের আয় থেকে ১২৮ কোটি টাকা সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে। কর্তৃপক্ষের ২টি অর্থ বছরের আয় ও ব্যয়ের হিসাব সারণি ১৪ এ উপস্থাপন করা হয়েছে।

**সারণি ১৪**

**কর্তৃপক্ষের আয়-ব্যয় বিবরণী (২০২২-২০২৩ থেকে ২০২৩-২০২৪ অর্থবছর)**

| অর্থ বছর | আয় | টাকার পরিমাণ | ব্যয় | টাকার পরিমাণ |
|---|---|---|---|---|
| ২০২২-২৩ | ফি থেকে আয় | ৯,২৬,০০,০০০ | ব্যয় | ৯,৬৬,৫৫,০০০ |
| | স্থায়ী আমানত এবং ব্যাংক হিসাব থেকে সুদ | ৫,৮৮,২২,০০০ | ব্যয় অতিরিক্ত আয় | ৫,৫৮,৫৪,০০০ |
| | অন্যান্য আয় | ১০,৮৭,০০০ | | |
| | মোট | ১৫,২৫,০৯,০০০ | মোট | ১৫,২৫,০৯,০০০ |
| ২০২৩-২৪ | ফি থেকে আয় | ২০,৯৩,২৬,০০০ | ব্যয় | ১২,১২,০১,০০০ |
| | স্থায়ী আমানত এবং ব্যাংক হিসাব থেকে সুদ | ৯,১৫,২৮,০০০ | ব্যয় অতিরিক্ত আয় | ২০,৬২,৮৯,০০০ |
| | অন্যান্য আয় | ২,৬৬,৩৬,০০০ | | |
| | মোট | ৩২,৭৪,৯০,০০০ | মোট | ৩২,৭৪,৯০,০০০ |

# লাইফ বীমা

## প্রিমিয়াম

লাইফ বীমা খাতে ২০২৩ সালে ১২,২৭৩ কোটি টাকার প্রিমিয়াম আয় অর্জিত হয়েছে যা ২০২২ সালে ছিল ১১,৩৯৩ কোটি টাকা। ২০২২ সালে লাইফ বীমা খাতে ১১.৩৪% প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। মূলত লাইফ বীমাকারীদের জোড়ালো প্রচেষ্টা ও সামগ্রিক অর্থনৈতিক চাঙ্গাভাবের কারণে এ বছর উল্লেখযোগ্য হারে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। সামগ্রিক অর্থনৈতিক পরিস্থিতি অনুকূলে থাকলে এবং বীমাকারীদের প্রচেষ্টা অব্যাহত থাকলে প্রিমিয়াম আয় বৃদ্ধির সুযোগ রয়েছে।

বাংলাদেশের জিডিপি ও মাথাপিছু আয় প্রতিবছর উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাচ্ছে এক্ষেত্রে মানুষের ভোগযোগ্য আয়ের পরিমাণও বৃদ্ধি পাবে। মানুষের আয়ের একটি অংশ বীমায় বিনিয়োগের ব্যাপক সুযোগ তৈরী হচ্ছে এবং এ সুযোগকে বীমাকারীরা কাজে লাগাতে পারলে আগামী বছরগুলোতে প্রিমিয়াম আয় আরও বৃদ্ধি পাবে। বাংলাদেশের মোট জনসংখ্যার ১০% এর কম লোক বীমা সেবার আওতায় রয়েছে। এক্ষেত্রে দেশের জনসংখ্যার বৃহৎ অংশ বীমার আওতার বাইরে। এ বৃহৎ জনসংখ্যাকে বীমার আওতায় নিয়ে আসার সুযোগ রয়েছে, যা সামগ্রিক প্রিমিয়াম আয় বৃদ্ধিতে সহায়তা করবে। ২০২২ ও ২০২৩ সালের লাইফ বীমাকারীর গ্রস প্রিমিয়াম এবং মার্কেট শেয়ারের চিত্র সংযুক্তি ৬ এ প্রদর্শন করা হয়েছে।

সারণি ১৫

**লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণীভিত্তিক গ্রস প্রিমিয়াম এবং উপ-শ্রেণির শেয়ার (%)** (কোটি টাকা)

| বছর | একক | ক্ষুদ্র | গোষ্ঠী ও স্বাস্থ্য | ইসলামী | মোট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৭৭৭৯.৩১ | ১৫২৫.৩১ | ৯৪৭.০২ | ১১৪১.৪৫ | ১১৩৯৩.০৯ |
| | (৬৮.২৮) | (১৩.৩৯) | (৮.৩১) | (১০.০২) | (১০০.০০) |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৮২৩০.৬০ | ১৬৩৭.৪৬ | ১১৫৮.৮৯ | ১২৪৬.৫৪ | ১২২৭৩.৪৯ |
| | (৬৭.০৬) | (১৩.৩৪) | (৯.৪৪) | (১০.১৬) | (১০০.০০) |

নোট: বন্ধনীতে উপ-শ্রেণীভিত্তিক গ্রস প্রিমিয়ামের শেয়ারের শতকরা হার নির্দেশ করে

লেখচিত্র ৬

**২০২২ সাল ও ২০২৩ সালের প্রিমিয়াম আয়ের প্রবৃদ্ধির হার**




সারণি ১৬

**লাইফ বীমা ব্যবসায় মোট প্রিমিয়াম আয়, পুনঃবীমা এবং রিটেনশন (%)** (কোটি টাকা)

| বছর | মোট প্রিমিয়াম আয় | পুনঃবীমা | নিট প্রিমিয়াম | রিটেনশন (%) |
|---|---|---|---|---|
| ২০২২ | ১১৩৯৩.০৯ | ৬৬.৩৯ | ১১৩২৬.৭১ | ৯৯.৪২ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ১২২৭৩.৪৯ | ৬৯.৫৮ | ১২২০৩.৯১ | ৯৯.৪৩ |

## খাত ভিত্তিক প্রিমিয়াম আয়

২০২২ ও ২০২৩ (অনিরীক্ষিত) সালে যথাক্রমে ১১,৩৯৩ ও ১২,২৭৩ কোটি টাকার প্রিমিয়াম আয় হয়েছে। প্রিমিয়াম আয়কে চারটি শ্রেণীতে যথা: একক, মাইক্রো ইন্স্যুরেন্স, গোষ্ঠী ও স্বাস্থ্য এবং ইসলামী তাকাফুল এই চার ভাগে বিভাজন করে উপস্থাপন করা হয়েছে, যা সারণি ১৫ এবং লেখচিত্র ৭ ও ৮ এ দেখানো হয়েছে। ২০২২ সালের প্রিমিয়াম আয়ের উপ-শ্রেণি বিশ্লেষণ করলে দেখা যায় মোট ব্যবসায়ের ৬৮.২৮% একক বীমা ব্যবসা। একক বীমা ব্যবসা বলতে বোঝায় বিভিন্ন মেয়াদী পলিসি যেগুলো সরাসরি কোন ব্যক্তির নিকট বিক্রি করা হয়েছে। দ্বিতীয় সর্বোচ্চ প্রিমিয়াম আয় এসেছে ক্ষুদ্র (মাইক্রো) বীমা খাত হতে যেখানে মোট প্রিমিয়াম আয়ের ১৩.৩৯% অর্জিত হয়েছে এছাড়া ইসলামী তাকাফুল হতে ১০.০২% এবং গোষ্ঠী ও স্বাস্থ্য হতে ৮.৩১% প্রিমিয়াম আয় অর্জিত হয়েছে।

**লেখচিত্র ৭**

**২০২২ সালে লাইফ বীমা শিল্পে উপ-শ্রেণিভিত্তিক গ্রস প্রিমিয়ামের শেয়ার (%)**




২০২৩ (অনিরীক্ষিত) সালের উপ-শ্রেণি বিশ্লেষণে দেখা যায়, একক বীমা খাতে যথাক্রমে ৬৭.০৬% প্রিমিয়াম আয় অর্জিত হয়েছে। এছাড়া ক্ষুদ্র (মাইক্রো) ইন্স্যুরেন্স খাতে মোট প্রিমিয়াম আয়ের প্রিমিয়াম আয়ের ১৩.৩৪% অর্জিত হয়েছে। গোষ্ঠী ও স্বাস্থ্য খাত হতে ২০২৩ সালে ৯.৪৪% প্রিমিয়াম আয় অর্জিত হয়েছে।

**লেখচিত্র ৮**

**২০২৩ সালে লাইফ বীমা শিল্পে উপ-শ্রেণিভিত্তিক গ্রস প্রিমিয়ামের শেয়ার (%)**




নতুন বিপণন ব্যবস্থা চালুকরন, মানুষের চাহিদা বিবেচনায় নিয়ে নতুন নতুন বীমা পরিকল্প উদ্ভাবন ও গ্রাহকসেবা বৃদ্ধি করা গেলে আরও অধিক পরিমাণ মানুষকে বীমার আওতায় আনার সুযোগ তৈরী হবে। এরই ধারাবাহিকতায় নতুন বিপণন ব্যবস্থা

হিসেবে ব্যাংকের মাধ্যমে বীমা সেবা প্রদানের জন্য ব্যাংকাস্যুরেন্স নীতিমালা প্রণয়ন ও অনলাইন ভিত্তিক Insurtech/Start-up প্রতিষ্ঠানের মাধ্যমে বীমা সেবা প্রদানের জন্য কর্তৃপক্ষের উদ্যোগে রেগুলেটরি স্যান্ডবক্স ব্যবস্থা চালু করা হয়েছে। এক্ষেত্রে বীমাকারীকে অবশ্যই গ্রাহকদের সুবিধার বিষয়টি সর্বোচ্চ অগ্রাধিকার দিয়ে গ্রাহক সেবা শতভাগ নিশ্চিত করতে হবে।

## প্রথম বর্ষ ও রিনিউয়াল প্রিমিয়াম আয়

বীমা খাতের নবায়ন প্রিমিয়াম আয় কম হওয়ার অন্যতম কারণ হল পলিসি হোল্ডারদের পলিসি নবায়নের হার অত্যন্ত কম। বীমাকারীরা প্রতি বছর যে পরিমাণ প্রথম বর্ষ প্রিমিয়াম অর্জন করে থাকে তার মধ্যে কম সংখ্যক পলিসিই নবায়ন হয়ে থাকে। সারণি ১৭ ও সারণি ১৮ এ প্রথম বর্ষ প্রিমিয়াম আয়, দ্বিতীয় বর্ষে নবায়ন প্রিমিয়াম আয় ও তৃতীয় বর্ষের নবায়ন প্রিমিয়াম আয়ের পরিসংখ্যান উপস্থাপন করা হয়েছে। সারণি ১৭ এ উল্লিখিত প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ে গ্রুপ ও হেলথ ইন্স্যুরেন্স যোগ করে দেখানো হয়েছে। কিন্তু সারণি ১৮ এ প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের সাথে গ্রুপ ও হেলথ প্রিমিয়াম আয় বাদ দিয়ে দেখানো হয়েছে। সাধারণত গ্রুপ ও হেলথ ইন্স্যুরেন্স এক বছর বা দুই বছরের জন্য করা হয়ে থাকে। এক্ষেত্রে গ্রুপ ও হেলথ পলিসিগুলোর নবায়ন হওয়ার সুযোগ নেই। বীমাগ্রহীতা যদি বীমাকারীর সাথে পুনরায় চুক্তি নবায়ন করে থাকে তাহলে এটি প্রথম বর্ষ প্রিমিয়াম আয় হিসেবেই বিবেচিত হবে।

সারণি ১৮ থেকে দেখা যায়, ২০২২ সালে গ্রুপ ও হেলথ ব্যতিত মোট প্রথম বর্ষ প্রিমিয়াম আয় ছিল ৩,১৯০.৯৫ কোটি টাকা তন্মধ্যে ২০২৩ সালে অর্থাৎ দ্বিতীয় বর্ষে ১,৭১৬.২৭ কোটি টাকা রিনিউয়াল বাবদ এসেছে। এক্ষেত্রে টাকার অংকে ৫৩.৭৯% ১ম বর্ষ রিনিউয়াল আয় হয়েছে। তবে কতটি পলিসি নবায়ন হয়েছে সে তথ্য পলিসির সংখ্যা থেকে বোঝা যাবে। অন্যদিকে টাকার অংকে ৪৬.২১% প্রিমিয়াম নবায়ন হয়নি।

**সারণি ১৭**

**গ্রুপ ও হেলথ বীমাসহ ১ম বর্ষ, ২য় বর্ষ এবং ৩য় বর্ষ ও তদুর্ধ্ব বছরের প্রিমিয়াম আয়** (কোটি টাকা)

| বছর | ১ম বর্ষ প্রিমিয়াম আয় | রিনিউয়াল/ নবায়ন প্রিমিয়াম আয় | | মোট |
|---|---|---|---|---|
| | | ২য় বর্ষ প্রিমিয়াম আয় | ৩য় বর্ষ ও তদুর্ধ্ব প্রিমিয়াম আয় | |
| ২০২২ | ৪১৩৮.০২ | ১৪৫৯.৮৪ | ৫৭৯৫.৩৭ | ১১৩৯৩.২৩ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৪৪৭৯.২৭ | ১৭১৬.২৭ | ৬০৭৭.৫৩ | ১২২৭৩.০৭ |

**সারণি ১৮**

**গ্রুপ ও হেলথ বীমা ব্যতিত ১ম বর্ষ, ২য় বর্ষ এবং ৩য় বর্ষ ও তদুর্ধ্ব বছরের প্রিমিয়াম আয়** (কোটি টাকা)

| বছর | ১ম বর্ষ প্রিমিয়াম আয় | রিনিউয়াল/ নবায়ন প্রিমিয়াম আয় | | মোট |
|---|---|---|---|---|
| | | ২য় বর্ষ প্রিমিয়াম আয় | ৩য় বর্ষ ও তদুর্ধ্ব প্রিমিয়াম আয় | |
| ২০২২ | ৩১৯০.৯৫ | ১৪৫৯.৮৪ | ৫৭৯৫.৩৭ | ১০৪৪৬.১৬ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৩২০.৩৮ | ১৭১৬.২৭ | ৬০৭৭.৫৩ | ১১১১৪.১৮ |

পলিসি নবায়ন না হওয়ার বেশ কিছু কারণ রয়েছে। তার মধ্যে অন্যতম কারণ- প্রথম বর্ষ প্রিমিয়ামের পরিমাণের লক্ষ্য পূরণের জন্য অস্বচ্ছ বিপণন ব্যবস্থা, গ্রাহক সেবার ঘাটতি, বিদ্যমান গ্রাহকদের প্রতি কম যত্নবান হওয়া ইত্যাদি। প্রথম বর্ষ প্রিমিয়াম আয়ের বৃহৎ একটি অংশ ব্যয় হয়ে যায়। বীমাকারীরা বীমা চুক্তির প্রকৃত সুবিধা ভোগ করার জন্য পলিসির নবায়ন হওয়া অত্যন্ত জরুরী। কিন্তু পলিসি নবায়ন কম হওয়ার কারণে এর প্রভাব বীমাকারীর অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয়ের ওপর পড়ে। এছাড়া, নবায়ন প্রিমিয়াম আয় বেশি হলে বীমাকারীরা অধিক পরিমাণ অর্থ অনুমোদিত সীমার মধ্যে থেকে ব্যয় করতে পারে- যা গবেষণা, উন্নয়ন ও প্রচারমূলক কাজে ব্যয় করার সুযোগ তৈরী করে। বর্তমানে সমগ্র লাইফ ইন্স্যুরেন্স খাতে যে হারে রিনিউয়াল প্রিমিয়াম আয় আসে তা থেকে বীমাকারীর অপরিহার্য খরচ চালানো দুরুহ হয় বলে জানা যায়। সেক্ষেত্রে গবেষণা, উন্নয়ন ও বিজ্ঞাপন খাতে অর্থ ব্যয় করা যায় না। এছাড়া কর্মীদেরকে উচ্চ হারে বেতন প্রদান করা যায় না, যা আবার মানসম্পন্ন কর্মী নিয়োগে প্রতিবন্ধকতা তৈরী করে থাকে। সার্বিক বিষয় বিবেচনায় নিয়ে বীমাকারীদেরকে রিনিউয়াল প্রিমিয়াম আয়ের প্রতিবন্ধকতাসমূহ দূর করে এ বিষয়ে অধিক মনোযোগী হতে হবে। অল্পসংখ্যক বীমাকারী রয়েছে, যাদের প্রথম বর্ষ প্রিমিয়াম আয় কম হলেও রিনিউয়াল ভাল যা তাদের প্রতিযোগিতামূলক সক্ষমতাকে দৃঢ় করে।

## লাইফ বীমাকারীদের বীমা পলিসির সংখ্যা

বীমা পলিসি বিক্রির মাধ্যমে অধিক সংখ্যক জনগোষ্ঠীকে বীমার আওতায় আনয়ন সম্ভব। কিন্তু ২য় বর্ষে নবায়ন না হলে পলিসির স্থিতি হ্রাস পায়। সারণি ১৯ এ বর্তমানে চলমান পলিসি, বছরভিত্তিক ইস্যুকৃত পলিসি, বছরভিত্তিক লেপস পলিসি, স্যারেন্ডার পলিসি ও পুনঃর্জীবিত পলিসির সংখ্যা বর্ণিত রয়েছে। ২০২২ ও ২০২৩ সালের চলমান পলিসির পরিসংখ্যান বিশ্লেষণে দেখা যায়, চলমান পলিসির সংখ্যা ধীরে ধীরে কমেছে, যা লেখচিত্র ৯ তে বর্ণিত রয়েছে। ২০২২ সাল শেষে চলমান পলিসির সংখ্যা ছিল ৭৭০২৪৩৩টি যা ২০২৩ সালে কমে দাড়াঁয় ৭৩৭৪২৭৬টি (অনিরীক্ষিত)। যে সকল পলিসি মেয়াদোত্তীর্ণ হয় সেগুলো স্বাভাবিক প্রক্রিয়ায় বীমার বাহিরে চলে যায়। কিন্তু বাংলাদেশের বীমা শিল্পের প্রধান সমস্যা হল মাত্রাতিরিক্ত হারে পলিসি তামাদি (lapse) হয়ে থাকে। ২০২২ ও ২০২৩ সালে নতুন ইস্যুকৃত পলিসির বিপরীতে উল্লেখযোগ্য সংখ্যক পলিসি তামাদি (lapse) হয়েছে, যার সামান্য অংশই আবার পুনঃর্জীবিত হয়েছে। ২০২২ সালে ইস্যুকৃত পলিসির সংখ্যা ছিল ১৬,৫৩,২৪৭টি, যার বিপরীতে লেপস বা তামাদি হয়েছে ৯,৮০,১৫১টি অর্থাৎ মাত্র (১৬,৫৩,২৪৭-৯,৮০,১৫১) ৬,৭৩,০৯৬টি পলিসি চলমান পলিসির সাথে যুক্ত হয়েছে। বিশ্লেষণে দেখা যায়, বিপুল সংখ্যক গ্রাহক তাদের পলিসি চলমান রাখছে না। এছাড়াও অনেক গ্রাহক পলিসি সমর্পণ করে থাকে, ২০২২ সালে সমর্পণকৃত পলিসির সংখ্যা ৮৬,৩৯৫টি। তামাদি ও সমর্পণ এ ধরণের নেতিবাচক চিত্রের বিপরীতে ৫,৪২,৫৪৯টি পলিসি পুনরুজ্জীবিত হয়েছে, যা চলমান পলিসির সাথে যোগ হয়েছে। ২০২৩ সালেও একই চিত্র লক্ষ্য করা যায়, ২০২৩ সালে মোট ইস্যুকৃত পলিসির সংখ্যা ১৫,২০,৫৮২টি যার বিপরীতে তামাদি ও সমর্পণকৃত পলিসির সংখ্যা যথাক্রমে ১৫,৪২,৮১৫টি ও ৭৬,১৬৭টি। অর্থাৎ ইস্যুকৃত পলিসির বিপরীতে ৬,৭৩,৯১০টি পলিসি বীমা শিল্পে ধরে রাখতে পেরেছে।

**সারণি ১৯**

**লাইফ বীমা ব্যবসায় বিভিন্ন ধরণের পলিসির বিবরণ**

| বছর | বছর শেষে চলমান পলিসি সংখ্যা | চলতি বছরে ইস্যুকৃত পলিসি সংখ্যা | চলতি বছরে লেপস/তামাদি পলিসি সংখ্যা | চলতি বছরে স্যারেন্ডার পলিসি সংখ্যা | চলতি বছরে পুনরুজ্জীবিত পলিসি সংখ্যা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৭৭০২৪৩৩ | ১৬৫৩২৪৭ | ৯৮০১৫১ | ৮৬৩৯৫ | ৫৪২৫৪৯ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৭৩৭৪২৭৬ | ১৫২০৫৮২ | ১৫৪২৮১৫ | ৭৬১৬৭ | ৬৭৩৯১০ |

লেখচিত্র ৯ এ দেখা যাচ্ছে যে, ২০২২ ও ২০২৩ সালে চলমান পলিসি সংখ্যা ধারাবাহিকভাবে কমেছে। নতুন পলিসি বিক্রি করা হলে বা কোন পলিসি পুনরুজ্জীবিত হলে চলমান পলিসি (In force Policy) সংখ্যা বৃদ্ধি পায়। আবার পলিসি মেয়াদোত্তীর্ণ হলে বা পলিসি সমর্পণ করা হলে চলমান পলিসি (In force Policy) পুনরুজ্জীবিত সংখ্যা হ্রাস পায়। চিত্রে দেখা যাচ্ছে ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে চলমান পলিসির সংখ্যা আশংকাজনক হারে কমেছে। ১৭৩ মিলিয়ন জনসংখ্যার বিপরীতে ২০২৩ সাল শেষে চলমান পলিসির সংখ্যা ৭৩,৭৪,২৭৬টি (৭.৩৭ মিলিয়ন)। অর্থাৎ দেশের ৪.২৬ শতাংশ জনগণ বীমার আওতায় রয়েছে।

**লেখচিত্র ৯**

**লাইফ বীমা খাতে চলমান পলিসি সংখ্যা**



## নতুন ইস্যুকৃত পলিসির সংখ্যা

নতুন পলিসি বিক্রির মাধ্যমে বীমাবিহীন ব্যক্তিদেরকে বীমার আওতায় আনা হয়ে থাকে, যার মাধ্যমে বীমায় অন্তর্ভুক্ত জনগণের সংখ্যা বৃদ্ধি পায়। লেখচিত্র ১০ এ দেখা যায় ২০২২ সালে নতুনভাবে ইস্যুকৃত পলিসির সংখ্যা ১৬,৫৩,২৪৭টি। ২০২১ সালের তুলনায় ২০২২ সালে ৬.৫২% পলিসি বেশি ইস্যু হয়েছে। অন্যদিকে ২০২২ সালের তুলনায় ২০২৩ সালের অনিরীক্ষিত হিসাব অনুযায়ী ৮.০৩% পলিসি কম ইস্যু হয়ে দাড়ায় ১৫,২০,৫৮২টিতে।

**লেখচিত্র ১০**

**লাইফ বীমা খাতে নতুন ইস্যুকৃত পলিসি সংখ্যা**




## তামাদি (lapse) পলিসি

প্রতিবছর যে সংখ্যক নতুন পলিসি ইস্যু করা হয়ে থাকে তা বাংলাদেশের মোট জনগোষ্ঠীর তুলনায় নিতান্তই কম নয়। কিন্তু আগত গ্রাহকদেরকে বীমার আওতায় ধরে রাখা এ শিল্পের অন্যতম প্রধান চ্যালেঞ্জ । লেখচিত্র ১১-এ দেখা যাচ্ছে, বিপুল সংখ্যক বীমা পলিসি প্রতিবছর তামাদি হয়ে যাচ্ছে। ২০২২ সালে মোট তামাদি পলিসির সংখ্যা ছিল ৯,৮০,১৫১টি যা ২০২৩ সালে দাড়াঁয় ১৫,৪২,৮১৫টি। এ হার কমাতে না পারলে কিছু সংখ্যক বীমাকারী দ্রুত আর্থিক স্থিতিশীলতা হারাবে।

**লেখচিত্র ১১**

**লাইফ বীমা খাতে তামাদি পলিসির হ্রাস বৃদ্ধির হার (%)**




## লাইফ ফান্ড

কোম্পানির মোট সম্পদ হতে বহির্দায়, মালিকানা তহবিল ও বাধ্যতামূলকভাবে পেইড আপ ক্যাপিটালের সাথে যে অর্থ সরকারী সিকিউরিটিজে জমা দেওয়া হয় সেগুলো বাদ দেওয়ার পর অবশিষ্ট অর্থ লাইফ ফান্ড হিসেবে বিবেচিত হয়। বীমা আইনের ৩২ ধারা মোতাবেক বীমাকারীদের দায় মূল্যায়নের ক্ষেত্রে লাইফ ফান্ডের ব্যবহার রয়েছে। প্রিমিয়াম আয় বৃদ্ধি পেলে লাইফ ফান্ড বৃদ্ধি পায় আবার ব্যবস্থাপনা ব্যয়সহ বীমা দাবির অর্থ লাইফ ফান্ড হ্রাস করে থাকে। লাইফ ফান্ডের হ্রাস বা বৃদ্ধি একটি চলমান প্রক্রিয়া এবং স্বাভাবিক বিষয়। বীমা দাবি পরিশোধ না করে লাইফ ফান্ড ধরে রাখার কোন সুযোগ নেই, এক্ষেত্রে এ লাইফ ফান্ডের বৃদ্ধি কোম্পানির জন্য কোন ফলাফল আনবে না। লাইফ ফান্ডের মাধ্যমে এ খাতের আকার সম্পর্কে সম্যক ধারণা পাওয়া যায়। মৃত্যু দাবি ও মেয়াদোত্তীর্ণ দাবির চেয়ে ইস্যুকৃত পলিসির সংখ্যা বেশি হলে স্বাভাবিকভাবেই লাইফ ফান্ড বৃদ্ধি পাবে। লাইফ ফান্ডের চিত্র সারণি ২০ এবং লেখচিত্র ১২ ও ১৩ এ প্রদর্শন করা হয়েছে।

সারণি ২০

**লাইফ ফান্ড এবং লাইফ ফান্ডের প্রবৃদ্ধি** (কোটি টাকা)

| বছর | লাইফ ফান্ড | লাইফ ফান্ডের প্রবৃদ্ধি (%) |
|---|---|---|
| ২০২২ | ৩৪৬৩৯.০৩ | -০.৬৯ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৫৫৪২.৪৩ | ২.৬১ |

সারণি ২০ থেকে দেখা যায় যে, ২০২২ সালের হিসাব অনুযায়ী লাইফ ফান্ডের স্থিতি ছিল ৩৪,৬৩৯.০৩ কোটি টাকা, যা ২০২৩ সালের অনিরীক্ষিত হিসাব অনুযায়ী ২.৬১% বৃদ্ধি পেয়ে দাড়ায় ৩৫,৫৪২.৪৩ কোটি টাকায়।

লেখচিত্র ১২

**লাইফ ফান্ডের স্থিতি**




লেখচিত্র ১৩ এ লাইফ ফান্ডের হ্রাস বৃদ্ধির হার দেখানো হয়েছে। চিত্রে দেখা যাচ্ছে, লাইফ ফান্ডের প্রবৃদ্ধির হার স্থির (stable) নয় এবং প্রতি বছর উত্থান ও পতন লক্ষ্য করা যাচ্ছে। ২০২১ সালের তুলনায় ২০২২ সাল লাইফ ফান্ডের পরিমান ০.৬৯% হ্রাস পেলেও ২০২৩ সালে তা ২.৬১% বৃদ্ধি পেয়েছে। ২০২২ ও ২০২৩ সালের বীমাকারীর লাইফ ফান্ডের স্থিতির চিত্র সংযুক্তি ৭ এ প্রদর্শন করা হয়েছে।

লেখচিত্র ১৩

**লাইফ ফান্ডের প্রবৃদ্ধি**




## লাইফ বীমাকারীদের সম্পদ

প্রিমিয়াম আয় ও বিনিয়োগ থেকে আয় বৃদ্ধির সাথে লাইফ বীমাখাতে মোট সম্পদ প্রতিবছর বৃদ্ধি পাচ্ছে। লেখচিত্র ১৪ থেকে দেখা যাচ্ছে ২০২২ সালে লাইফ ইন্স্যুরেন্স খাতের সম্পদের পরিমাণ ছিল ৪৫,৫৯২.৮৬ কোটি টাকা যা ৩.২১% বৃদ্ধি পেয়ে ২০২৩ সালে ৪৭,০৫৫.২৯ কোটি টাকায় দাঁড়িয়েছে। সকল লাইফ বীমাকারীর ২০২২ ও ২০২৩ সালের সম্পদের পরিমাণ ও প্রবৃদ্ধি সংযুক্তি ৮ এ প্রদর্শিত রয়েছে।

লেখচিত্র ১৪

**লাইফ বীমা শিল্পে সম্পদের পরিমাণ ও প্রবৃদ্ধির হার**




## সম্পদের মিশ্রণ

লাইফ বীমাকারীদের মোট সম্পদের মিশ্রণকে ১৬টি শ্রেণীতে বিভাজন করে উপস্থাপন করা হয়েছে। লাইফ বীমা শিল্পের সম্পত্তির মিশ্রণ সারণি ২১ ও লেখচিত্র ১৫ বর্ণিত রয়েছে। সারণি ২১ হতে দেখা যায় ২০২২ ও ২০২৩ সালে সবচেয়ে বেশি সম্পদ পুঞ্জীভূত ছিল ভূমি, দালানকোঠা, ভূমি উন্নয়ন ও এফডিআর ব্যতিত বিনিয়োগ খাতে যার পরিমাণ যথাক্রমে ৫৪.৯০%, ও ৫৯.৫৫%। এর পরেই নগদ ও নগদ সদৃশ (এফডিআরসহ) খাতে ২য় সর্বোচ্চ পরিমাণ সম্পদ পুঞ্জিভূত রয়েছে। ২০২২ সালে এ খাত বরাদ্দের পরিমাণ ছিল ১০১১৭.১৩ কোটি টাকা যা মোট সম্পদের ২২.১৯%। ২০২৩ সালে এ খাতে পুঞ্জিভূত সম্পদের পরিমাণ কমে দাড়িঁয়েছে ৮১১৪.৮৭ কোটি টাকা যা মোট সম্পদের ১৭.২৫%। এছাড়া ভূমি, ভূমি উন্নয়ন ও দালানকোঠা খাতে ২০২২ ও ২০২৩ সালে যথাক্রমে ৩০৯৬.১৯ ও ৩০৯৩.৩৭ কোটি টাকা বরাদ্দ ছিল যা যথাক্রমে মোট সম্পদের ৬.৭৯% ও ৬.৫৭%। এছাড়া, এডভান্স ও ডিপোজিট খাতে ২০২২ সালে পুঞ্জিভূত সম্পদের পরিমাণ ছিল ২৩০২.৪৬ কোটি টাকা যা মোট সম্পদের ৫.০৫% ও ২০২৩ সালে এ খাতে পুঞ্জিভূত সম্পদের পরিমাণ ২৩১৯.৪৭ কোটি টাকা যা মোট সম্পদের ৪.৯৩%।

সারণি ২১

**লাইফ বীমার খাতওয়ারী সম্পদের বিবরণ এবং শেয়ার (%)** (কোটি টাকা)

| খাত ভিত্তিক বিবরন | ২০২২ | শেয়ার (%) | ২০২৩ (অনিরীক্ষিত) | শেয়ার (%) |
|---|---|---|---|---|
| ফার্নিচার এন্ড ফিক্সার | ১১৫.১০ | ০.২৫ | ১১১.৮৫ | ০.২৪ |
| ভূমি, ভূমি উন্নয়ন ও দালানকোঠা | ৩০৯৬.১৯ | ৬.৭৯ | ৩০৯৩.৩৭ | ৬.৫৭ |
| অন্যান্য স্থির সম্পত্তি | ৩৬৯.৪৮ | ০.৮১ | ৪০৮.৩৪ | ০.৮৭ |
| পলিসি লোন | ১৩২৬.০৭ | ২.৯১ | ১৪৩৩.৩৫ | ৩.০৫ |
| ভূমি, দালানকোঠা, ভূমি উন্নয়ন ও এফডিআর ব্যতিত বিনিয়োগ | ২৫০৩২.২৪ | ৫৪.৯০ | ২৮০২১.৮০ | ৫৯.৫৫ |
| সুদ, লভ্যাংশ, বকেয়া ভাড়া কিন্তু আদায় হয়নি | ১১৭১.৭৭ | ২.৫৭ | ১০৬৩.৯৩ | ২.২৬ |
| প্রাথমিক খরচ | ২.৩২ | ০.০১ | ১.৮৮ | ০.০০ |
| প্রি-অপারেশন সংক্রান্ত খরচ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বিলম্বিত ব্যয় | ০.০০ | ০.০০ | ০.৪১ | ০.০০ |
| পুনঃবীমাকারীর নিকট থেকে আদায় | ১৫.২৫ | ০.০৩ | ১৫.৭২ | ০.০৩ |
| এজেন্ট ব্যালেন্স | ৩৯.৫৭ | ০.০৯ | ৪৫.৭৯ | ০.১০ |
| বকেয়া প্রিমিয়াম | ১২২৮.৯৬ | ২.৭০ | ১৩৩২.৫৮ | ২.৮৩ |
| এডভান্স ও ডিপোজিট | ২৩০২.৪৬ | ৫.০৫ | ২৩১৯.৪৭ | ৪.৯৩ |
| নগদ ও নগদ সদৃশ (এফডিআরসহ) | ১০১১৭.১৩ | ২২.১৯ | ৮১১৪.৮৭ | ১৭.২৫ |
| মুদ্রণ সামগ্রী ও স্ট্যাশনারি সামগ্রীর মজুদ | ২৬.৮১ | ০.০৬ | ২০.৬২ | ০.০৪ |
| অন্যান্য সম্পত্তি | ৭৪৯.৫১ | ১.৬৪ | ১০৭১.৩১ | ২.২৮ |
| মোট সম্পদ | ৪৫৫৯২.৮৬ | ১০০.০০ | ৪৭০৫৫.২৯ | ১০০.০০ |

লেখচিত্র ১৫ থেকে দেখা যায় ২০২২ সালে লাইফ বীমা খাতে মোট সম্পদের ৯৪.৫৪% মূলত ৫টি খাতে বিনিয়োগ করা হয়েছে খাতগুলো হল 'ভূমি, দালানকোঠা, ভূমি উন্নয়ন ও এফডিআর ব্যতিত বিনিয়োগ' যেখানে সরকারী সিকিউরিটিজে বিনিয়োগ মূলত অন্তর্ভূক্ত রয়েছে। এছাড়া অন্যান্য খাতগুলো হল 'নগদ ও নগদ সমতুল্য (এফডিআরসহ)', 'ভূমি, ভূমি উন্নয়ন ও দালানকোঠ' খাত, 'বিভিন্ন অগ্রিম', 'পলিসি লোন', 'বকেয়া প্রিমিয়াম'। এসকল খাত গুলোর মধ্যে বকেয়া প্রিমিয়াম খাতে ২.৭০% সম্পদ পুঞ্জিভূত রয়েছে যা অনেক বেশি।

<u>লেখচিত্র ১৫</u>

**লাইফ বীমা শিল্পে ২০২২ সালে বিভিন্ন খাতে বীমাকারীদের সম্পদের মিশ্রণ (%)**




লেখচিত্র ১৬ এ দেখা যায়, ২০২৩ সালে (অনিরীক্ষিত) লাইফ বীমা খাতে মোট সম্পদের ৯৪.১৮% মূলত ৫টি খাতে বিনিয়োগ করা হয়েছে খাতগুলো হল 'ভূমি, দালানকোঠা, ভূমি উন্নয়ন ও এফডিআর ব্যতিত বিনিয়োগ' যেখানে সরকারী সিকিউরিটিজে বিনিয়োগ মূলত অন্তর্ভূক্ত রয়েছে। এছাড়া অন্যান্য খাতগুলো হল 'নগদ ও নগদ সমতুল্য (এফডিআরসহ)', 'ভূমি, ভূমি উন্নয়ন ও দালানকোঠ' খাত, 'বিভিন্ন অগ্রিম', 'পলিসি লোন', 'বকেয়া প্রিমিয়াম'। এসকল খাত গুলোর মধ্যে বকেয়া প্রিমিয়াম খাতে ২.৮৩% সম্পদ পুঞ্জিভূত রয়েছে যা অনেক বেশি।

লেখচিত্র ১৬

**লাইফ বীমা শিল্পে ২০২৩ সালে বিভিন্ন খাতে বীমাকারীদের সম্পদের মিশ্রণ (%)**




## বিনিয়োগ

বীমাকারীদের প্রিমিয়াম আয় ও সম্পদ থেকে মূল তহবিলে বিভিন্ন খাতে বিনিয়োগ করা হয়। বিনিয়োগ লব্ধ অর্থ মোট সম্পদ বৃদ্ধি করে। প্রতি বছর প্রিমিয়াম আয় বৃদ্ধির সাথে সাথে কোম্পানিগুলোর সম্পদের পরিমাণও বৃদ্ধি পাচ্ছে। বীমাকারীদের সম্পদের একটি বৃহৎ অর্থ বিনিয়োগ করা হয়ে থাকে। সারণি ২২ থেকে দেখা যায় ২০২২ সাল শেষে লাইফ ইন্স্যুরেন্স খাতের বিনিয়োগের স্থিতি ছিল ৩৭,৮৭৮.৩৬ কোটি টাকা, যা ২০২৩ সালে অনিরীক্ষিত হিসাব অনুযায়ী বেড়ে ৩৯,১১০.৫৮ কোটি টাকায় দাড়াঁয়। লাইফ বীমা কোম্পানিগুলো তাদের দাবি নিষ্পত্তির বিষয়টি বিবেচনায় নিয়ে বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগযোগ্য সম্পদ বিনিয়োগ করে থাকে। ২০২২ ও ২০২৩ সালে বীমাকারীর বিনিয়োগের পরিমাণ সংযুক্তি ৯ এ প্রদর্শিত রয়েছে।

সারণি ২২

**লাইফ বীমা শিল্পে বিনিয়োগের পরিমাণ ও প্রবৃদ্ধির হার**

| বছর | বিনিয়োগ (কোটি টাকায়) | প্রবৃদ্ধি (%) |
|---|---|---|
| ২০২২ | ৩৭৮৭৮.৩৬ | -০.৪৩ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৯১১০.৫৮ | ৩.২৫ |

**বিনিয়োগের খাত সমূহ:** বীমাকারীদের সম্পদের বৃহৎ অংশ বিভিন্ন খাতে বিনিয়োগ করা হয়ে থাকে। লাইফ খাতের বীমাকারীরা সম্পদ বিনিয়োগ বিধিমালা ২০১৯ অনুযায়ী বর্তমানে বিনিয়োগ করে থাকে। এর পূর্বে, পূর্ববর্তী আইন অনুযায়ী বিভিন্ন খাতে বিনিয়োগ করা হত। সরকারি সিকিউরিটিজে বীমাকারীদেরকে বাধ্যতামূলকভাবে মোট বিনিয়োগযোগ্য সম্পদের ৩০% বিনিয়োগ করতে হয়। সারণি ২৩ এ দেখা যায়, ২০২২ ও ২০২৩ সালে সরকারি সিকিউরিটিজে বিনিয়োগের পরিমাণ ছিল যথাক্রমে ২০,৩৫৫.০৯ কোটি ও ২২,৯৫৮.৬৮ কোটি টাকা, যা মোট বিনিয়োগের যথাক্রমে ৫৩.৭৪% ও ৫৮.৭০%। দ্বিতীয় সর্বোচ্চ বিনিয়োগের খাত হল বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানে স্থায়ী আমানত। এখাতে ২০২২ ও ২০২৩ সালে মোট বিনিয়োগ স্থিতি ছিল যথাক্রমে ৮,০৮৫.৫৬ কোটি ও ৬,২৪১.৫৭ কোটি টাকা, যা মোট বিনিয়োগের যথাক্রমে ২১.৩৫% ও ১৫.৯৬%। ভূমি, বিল্ডিং, ফ্লাট খাতে ২০২২ ও ২০২৩ সালে যথাক্রমে ৮.৪৩৩% ও ৮.০৬% অর্থ বিনিয়োগ করা হয়েছে, যা টাকার অংকে যথাক্রমে ৩,১৫৬.৩৭ কোটি ও ৩,১৫২.৫৩ কোটি টাকা। এছাড়া ২০২২ সালে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যান্য খাতে ও পলিসি লোন বাবদ যথাক্রমে ৫.২৭% ও ৩.৪৪% অর্থ বিনিয়োগ করা হয়েছে এবং ২০২৩ সালে কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যান্য খাতে ও পলিসি লোন বাবদ যথাক্রমে ৫.০২% ও ৩.৬১% অর্থ বিনিয়োগ করা হয়েছে (লেখচিত্র ১৭)।

<u>সারণি ২৩</u>

**লাইফ ইন্স্যুরেন্সে বিভিন্ন খাতে বিনিয়োগের বিবরণ** (কোটি টাকা)

| খাত ভিত্তিক বিবরন | ২০২২ | | | ২০২৩ (অনিরীক্ষিত) | | |
|---|---|---|---|---|---|---|
| | বিনিয়োগ | বিনিয়োগ হতে আয়ের পরিমাণ | বিনিয়োগ হতে আয়ের হার | বিনিয়োগ | বিনিয়োগ হতে আয়ের পরিমাণ | বিনিয়োগ হতে আয়ের হার |
| সরকারি সিকিউরিটিজ | ২০৩৫৫.০৯ | ১৮১৭.৪৪ | ৮.৯৩ | ২২৯৫৮.৬৮ | ১৯৪৪.১০ | ৮.৪৭ |
| মিউচ্যুয়াল ফান্ড বা ইউনিট ফান্ড | ৬৪০.১১ | ২১.৭৯ | ৩.৪০ | ৫৬০.৭৪ | ১.২৯ | ০.২৩ |
| শেয়ারস | ১৮৭৪.২৭ | ১৭২.৬৯ | ৯.২১ | ১৯২১.৮৭ | ৮৩.৭৫ | ৪.৩৬ |
| ডিবেঞ্চারস | ৪১৯.৯৭ | ৪৬.৫৭ | ১১.০৯ | ৮৬৩.৮৫ | ৬৪.৬৪ | ৭.৪৮ |
| ভূমি, বিল্ডিং, ফ্লাট | ৩১৫৬.৩৭ | ৫২.০৭ | ১.৬৫ | ৩১৫২.৫৩ | ৬৩.৫৩ | ২.০২ |
| মর্টগেজ প্রপাটি | ৪৫.৩১ | ১.৯৬ | ৪.৩২ | ৩৫.০৩ | ১.৬৩ | ৪.৬৭ |
| তালিকাভুক্ত ব্যাংকে জমা | ৮০৮৫.৫৬ | ৫৩৫.১৩ | ৬.৬২ | ৬২৪১.৫৭ | ৪৯৭.২৭ | ৭.৯৭ |
| ব্রিজ ফাইন্যান্স | ৪.৮০ | ৩.০৪ | ৬৩.৩৫ | ২.০০ | ০.০০ | ০.০০ |
| পলিসি লোন | ১৩০১.৮০ | ১৪৮.২২ | ১১.৩৯ | ১৪১১.৫০ | ১৩৬.৮৭ | ৯.৭০ |
| কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্যান্য বিনিয়োগ | ১৯৯৫.০৭ | ৭০.৪৯ | ৩.৫৩ | ১৯৬২.৮১ | ২৭.৬০ | ১.৪১ |
| মোট বিনিয়োগ | ৩৭৮৭৮.৩৬ | ২৮৬৯.৩৯ | ৭.৫৮ | ৩৯১১০.৫৮ | ২৮২০.৬৯ | ৭.২১ |

ভূমি ও স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ করা জীবন বীমা কোম্পানিগুলোর জন্য লাভজনক খাত নয়। কারণ এ খাতে নিয়মিত বিনিয়োগ থেকে আয় আসে না এবং সুযোগব্যয় অনেক বেশি। এছাড়া এখাতে বিনিয়োগের ক্ষেত্রে মোরাল হেজার্ড রয়েছে তা সত্ত্বেও এই খাতটি তৃতীয় সর্বোচ্চ বিনিয়োগের খাত। ২০২২ ও ২০২৩ সালের তথ্য অনুযায়ী এ খাতে যথাক্রমে ৮.৩৩% ও ৮.০৬% বিনিয়োগ করা হয়েছে। এখাতে বিনিয়োগের মাধ্যমে রিটার্ন অনেক কম হওয়ায় বীমাকারীদের মোট বিনিয়োগ রিটার্নে এটি নেতিবাচক ভূমিকা রাখে।

<u>লেখচিত্র ১৭</u>

**২০২২ ও ২০২৩ সালে বিভিন্ন খাতে বিনিয়োগের শতকরা হার**





২০২৩ সালে খাতভিত্তিক বিনিয়োগের শতকরা হার (%)

### বিনিয়োগ থেকে আয়ের খাতসমূহ

সঠিক বিনিয়োগের খাত নির্বাচন করা বীমাকারীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। কম ঝুঁকিপূর্ণ কিন্তু ভাল আয় আসে এ সকল খাত হল বিনিয়োগের সবচেয়ে ভাল জায়গা। লেখচিত্র ১৮ এ বিনিয়োগের বিভিন্ন খাত হতে ২০২২ ও ২০২৩ সালে বীমাকারীরা যে হারে রিটার্ন অর্জন করেছে তার উপস্থাপন করা হয়েছে। লেখচিত্রে দেখা যায়, ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে বিভিন্ন খাত হতে বিনিয়োগ রিটার্নের হার কিছু কমেছে। মূলত: সমষ্টিক অর্থনীতিতে মূলধনের প্রবাহ বৃদ্ধি পেলে এবং অলস অর্থ বেশি পড়ে থাকলে সুদের হারের তারতম্য হয়ে থাকে।

বিনিয়োগে বিভিন্ন শ্রেণীগুলো বিশ্লেষণ করলে দেখা যায়, সরকারি সিকিউরিটিজ হতে সবচেয়ে বেশি হারে রিটার্ন আসে। ২০২২ সালে সরকারি সিকিউরিটিজ খাত হতে বিনিয়োগ রিটার্ন এর হার ৮.৯৩%, যা ২০২৩ সালে কিছুটা কমে ৮.৪৭% এ আসে। সরকারি সিকিউরিটিজ বীমাকারীদের নিকট বিনিয়োগের সবচেয়ে জনপ্রিয় খাত। ২০২২ সালে মোট বিনিয়োগের ৫৩.৭৪% সরকারি সিকিউরিটিজ খাতে বিনিয়োগ করা হয়েছে এবং ২০২৩ সালে বেড়ে ৫৮.৭০% হয়েছে (লেখচিত্র ১৭ দ্রষ্টব্য)। ২০২২ ও ২০২৩ সালের বাজার হার বিবেচনায় এ রিটার্নের হ্রাস ও বৃদ্ধি হতে পারে কারণ বীমাকারীরা সাধারণত পূর্ববর্তী বছরগুলোতে বিভিন্ন মেয়াদে এ অর্থ বিনিয়োগ করেছে।

পলিসি লোন খাতে ২০২২ ও ২০২৩ সালে মোট বিনিয়োগের মধ্যে যথাক্রমে ৩.৪৪% ও ৩.৬১% বিনিয়োগ করা হয়েছে (লেখচিত্র ১৭ দ্রষ্টব্য)। সাধারণত বীমাগ্রহীতারা তাদের বীমা পলিসির পেইড আপ অর্থের ৯০% লোন হিসেবে পেয়ে থাকে তবে বীমাকারীভেদে এ হারের তারতম্য থাকতে পারে। পলিসির বিপরীতে লোন নেওয়া বীমাগ্রহীতার জন্য সুবিধাজনক। এক্ষেত্রে নতুন করে আন্ডাররাইটিং করার প্রয়োজন পড়ে না এবং বীমাকারীরাও বাজার সুদের চেয়ে বেশি সুদে লোন প্রদান করে থাকে। কিন্তু কোন বীমাকারী চাইলেও পলিসি লোন খাতে বিনিয়োগ বৃদ্ধি করতে পারেনা, যেহেতু তা গ্রাহকের ইচ্ছার উপর নির্ভরশীল। পলিসি লোন খাতে ২০২২ ও ২০২৩ সালে বিনিয়োগ রিটার্নের হার ছিল যথাক্রমে ১১.৩৯% ও ৯.৭০%।

বিভিন্ন তালিকাভুক্ত ব্যাংকে এফডিআর বাবদ মোট বিনিয়োগের বৃহৎ অংশ বিনিয়োগ করা হয়ে থাকে। ২০২২ ও ২০২৩ সালে এ হার ছিল যথাক্রমে ২১.৩৫% ও ১৫.৯৬% এবং বিনিয়োগের বিপরীতে ২০২২ ও ২০২৩ সালে রিটার্নের হার ছিল যথাক্রমে ৬.৬২% ও ৭.৯৭%। মূলত পূর্ববর্তী বছরগুলোতে উচ্চ হারে বিনিয়োগের কারণ এ খাতে উচ্চ হারে রিটার্ন এসেছে।

ভূমি ও বিল্ডিং খাতে মোট বিনিয়োগযোগ্য তহবিলের প্রায় ৮ শতাংশ বিনিয়োগ করা হয়েছে। ২০২২ সালে এ খাতে বিনিয়োগের পরিমাণ ছিল ৮.৩৩%। মোট বিনিয়োগের বিপরীতে এ খাতে রিটার্ন সবচেয়ে কম, যা মাত্র ১.৬৫%। ২০২৩ সালের চিত্রও একরকম অর্থাৎ ২০২৩ সালে ভূমি, বিল্ডিং ও দালানকোটা খাত হতে বিনিয়োগ রিটার্ন ছিল মাত্র ১.৫৭% এবং ২০২২ সালে বিনিয়োগ রিটার্ন ছিল ২.০২%। বৃহৎ পরিমাণ অর্থ এ খাতে নামমাত্র হারে বিনিয়োগের ফলে বীমাকারীদের মোট বিনিয়োগ রিটার্ন অনেক কমে যায়, যা বীমাকারীদের সম্পদ বৃদ্ধি করে এবং এর ফলশ্রুতিতে তা সারপ্লাস ও বোনাসে নেতিবাচক প্রভাব ফেলে। ভূমি, বিল্ডিং ও দালানকোঠা খাতে সব বীমাকারী একই হারে বিনিয়োগ করছে না, মূলত কয়েকটি কোম্পানির বৃহৎ অংশ এ খাতে বিনিয়োগ করার ফলে এখাতে বিনিয়োগের মোট পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

এছাড়া ডিবেঞ্চার খাতে ২০২২ ও ২০২৩ সালে বীমাকারীদের বিনিয়োগ রিটার্ন যথাক্রমে ১১.০৯% ও ৭.৪৮%। মিউচ্যুয়াল ফান্ড হতে ২০২২ সালে বিনিয়োগ রিটার্নের হার ছিল ৩.৪০%, যা ২০২৩ সালে কমে ০.২৩% এ দাঁড়িয়েছে। মর্টগেজ প্রপার্টি খাতে ২০২২ সালে বিনিয়োগ রিটার্নের পরিমাণ ছিল ৪.৩২%, যা ২০২৩ সালে দাঁড়িয়েছে ৪.৬৭%। এছাড়া কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বিভিন্ন খাতে বিনিয়োগ রিটার্নের পরিমাণ ২০২২ ও ২০২৩ সালে যথাক্রমে ৩.৫৩% ও ১.৪১%।

লেখচিত্র ১৮

**লাইফ বীমা ব্যবসায় বিনিয়োগ থেকে আয়ের বিভিন্ন খাতসমূহের হার (%)**




### ব্যবস্থাপনা ব্যয়

বীমা আইন ২০১০ এর ৬২ ধারা অনুযায়ী বীমাকারীর প্রত্যক্ষ কিংবা পরোক্ষভাবে ব্যয়িত সমুদয় ব্যয়কে ব্যবস্থাপনা ব্যয় বলা হয়েছে। আরও বলা হয়েছে, কোন বীমাকারী তার দ্বারা বাংলাদেশে লেনদেনকৃত লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় কোন পঞ্জিকা বৎসরে ব্যবসা সংগ্রহের কমিশন খরচ বা পারিশ্রমিকসহ ব্যবস্থাপনা ব্যয় হিসাবে নির্ধারিত সীমার অতিরিক্ত ব্যয় করবে না এবং অনুরূপ ব্যয়সীমা নির্ধারণে বীমাকারীর আকার ও বয়স এবং বীমাকারীর প্রিমিয়াম হারে ব্যবস্থাপনা খরচের জন্য সাধারণভাবে প্রণীত বিধানাবলি বিবেচনা করতে হবে। লাইফ ব্যবস্থাপনা ব্যয়ের সর্বোচ্চ সীমা নির্ধারণী বিধিমালা ২০১৯ সালে জারি করা হয়েছে। উক্ত বিধির মাধ্যমে পলিসি প্রিমিয়ামের (কমিশন খরচ ও পারিশ্রমিকসহ) উপর বিভিন্ন ধাপে ব্যবস্থাপনা ব্যয় সীমা নির্ধারণ করে থাকে, যার মাধ্যমে অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় সীমার মধ্যে নিয়ে আসা সহজতর হয়েছে।

সারণি ২৪

**প্রকৃত ব্যবস্থাপনা ব্যয়, অনুমোদিত সর্বোচ্চ ব্যয় সীমা এবং অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়** (কোটি টাকা)

| বছর | প্রকৃত ব্যবস্থাপনা ব্যয় | অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় সীমা | অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় | অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয়ের উপর অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার (%) |
|---|---|---|---|---|
| ২০২২ | ৩৬৪৫.২৯ | ৩৯১৬.৬০ | -২৭১.৩২ | ৬.৯৩ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৯৭৮.২৮ | ৪০২৩.৩৩ | -৪৫.০৬ | ১.১২ |

অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের বিরূপ প্রভাব বিবেচনা করে ২০১২ সাল থেকেই আইডিআরএ কর্তৃক অনেক উদ্যোগ নেয়া হয়েছে এবং ফলস্বরূপ অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় অনেকাংশে হ্রাস পেয়েছে। বিগত বছরগুলোর অনুমোদিত সীমার অতিরিক্ত খরচকৃত অর্থ পুন:ভরণের মাধ্যমে অতিরিক্ত ব্যবস্থা ব্যয় শূন্যের কোঠায় নিয়ে আসার জন্য কোম্পানিসমূহ থেকে সময়ভিত্তিক প্রক্ষেপণ চাওয়া হয়েছে। ইতোমধ্যে বেশকিছু কোম্পানি তাদের অতিরিক্ত খরচকৃত ব্যবস্থাপনা ব্যয় পুন:ভরণে সক্ষম হয়েছে। ২০২২

সালে সম্মিলিতভাবে লাইফ বীমাকারীর ব্যবস্থাপনা ব্যয় অনুমোদিত সীমার চেয়ে কম ছিল ২৭১.৩২ কোটি টাকা, যা ২০২৩ সালে ১০৬.৭৩ কোটি টাকা বৃদ্ধি পেয়ে অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় সীমা ৪০২৩.৩৩ কোটি টাকা হয়েছে। (সারণি ২৪ এবং লেখচিত্র ১৯)।

**লেখচিত্র ১৯**

**লাইফ বীমা শিল্পে অতিরিক্ত ব্যবস্থপনা ব্যয়**




দু'ধরণের ব্যবস্থাপনা ব্যয় অনুপাত দিয়ে সাধারণত একটি লাইফ বীমাকারীর ব্যয় নিয়ন্ত্রণ দক্ষতা পরিমাপ করা হয়। একটি পরিমাপ সামগ্রিক ব্যয় অনুপাত, যেখানে মোট ব্যয় ও মোট প্রিমিয়াম আয়ের শতকরা ভাগ হিসাবে নির্ধারণ করা হয়।

ব্যয় নিয়ন্ত্রণ দক্ষতা পরিমাপের আরেকটি অনুপাত হল নবায়ন ব্যয় অনুপাত। এই অনুপাতে প্রথম বর্ষ এবং গ্রুপ বীমার প্রকৃত ব্যবস্থাপনা ব্যয়ের সাথে অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয়ের ব্যবধানের অংকের সাথে নবায়ন প্রিমিয়ামের অনুপাতকে সংজ্ঞায়িত করা হয়। লেখচিত্র ২০ এ লাইফ বীমা ব্যবসায় বিভিন্ন বছরের ব্যবস্থাপনা ব্যয়ের অনুপাত দেখানো হয়েছে। ব্যবস্থাপনা ব্যয়ের অনুপাত ক্রমান্বয়ে কমছে এবং এই ধারা অব্যাহত রাখা সম্ভব হলে ব্যবস্থাপনা ব্যয় অনুমোদিত সীমায় নিয়ে আসা সম্ভব হবে।

**লেখচিত্র ২০**

**লাইফ বীমা শিল্পে ২০২২ ও ২০২৩ সালের ব্যবস্থাপনা ব্যয় রেশিও**




(প্রিমিয়াম আয়ের বিপরীতে ব্যবস্থাপনা ব্যয়ের শতকরা হার)

## বীমা দাবির পরিমাণ ও সংখ্যা এবং দাবি নিষ্পত্তির পরিমাণ ও সংখ্যা

দাবি নিষ্পত্তি হল গ্রাহক সন্তুষ্টি এবং জনসাধারণের মধ্যে বীমার ইতিবাচক ভাবমূর্তি সৃষ্টিতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়। আইডিআরএ দাবি নিষ্পত্তিকে সর্বাধিক গুরুত্বের সাথে বিবেচনা করে নানা কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। ফলস্বরূপ দাবি নিষ্পত্তির হার ২০২১ সালের (২০২১: ৫৭.৮৪%) তুলনায় ২০২২ ও ২০২৩ (২০২২ ও ২০২৩: ৭৪.২৮% ও ৭২.৪৩%) সালে উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। ক্ষেত্র বিশেষে কোম্পানিসমূহ চেক বিতরণ অনুষ্ঠানের মাধ্যমে বিভিন্ন জেলা ও উপজেলা পর্যায়ে বীমাদাবি পরিশোধ করছে এবং কর্তৃপক্ষের আয়োজনে অনুষ্ঠিত বীমা মেলাগুলোতেও চেক বিতরণ করা হচ্ছে। সারণি ২৫ ও ২৬ এবং লেখচিত্র ২১ ও ২২ লাইফ বীমা শিল্পের দাবি নিষ্পত্তির পরিমাণ সম্পর্কে বিস্তারিত বর্ণনা করা হয়েছে। এছাড়া, ২০২২ ও ২০২৩ সালের সকল বীমাকারী প্রতিষ্ঠানের বীমা দাবি সংক্রান্ত তথ্য সংযুক্তি ১০ এ দেয়া হয়েছে।

সারণি ২৫

**লাইফ ইন্স্যুরেন্সে বিভিন্ন উপ-শেণিভিত্তিক বীমা দাবির পরিমাণ** (কোটি টাকা)

| বছর | মৃত্যু দাবি | মেয়াদোত্তীর্ণ দাবি | সারেন্ডার দাবি | সার্ভাইভাল বেনিফিট দাবি | গোষ্ঠী ও স্বাস্থ্য দাবি | মোট দাবি |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ৪৯১.৮৯ | ৮৪৭৮.৬৫ | ৯৭৩.৩৩ | ১৬৪৫.৮৫ | ১১৯৬.৭৭ | ১২৭৮৬.৪৮ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৫৬.৮২ | ৮১০৭.৩৮ | ৮৯৯.৩৭ | ১৫৮৫.২ | ১১০২.২৪ | ১২০৫১.০১ |

লাইফ বীমা খাতে মোট দাবির পরিমাণ (রিপোর্টিং বছরের প্রারম্ভে অনিষ্পন্ন দাবি ও রিপোর্টিং বছরে উত্থাপিত দাবির যোগফল) ২০২২ ও ২০২৩ সালে যথাক্রমে ১২,৭৮৬.৪৮ কোটি ও ১২,০৫১.০১ কোটি টাকা ছিল। ২০২২ সালে মোট দাবির মধ্যে মৃত্যু দাবি ৪৯১.৮৯ কোটি, মেয়াদোত্তীর্ণ ৮,৪৭৮.৬৫ কোটি টাকা, সারেন্ডার দাবি ৯৭৩.৩৩ কোটি টাকা, সারভাইভাল বেনিফিট ১,৬৪৫.৮৫ কোটি টাকা এবং গোষ্ঠী ও স্বাস্থ্য বীমা দাবি ১,১৯৬.৭৭ কোটি টাকা ছিল (সারণি ২৫)। ২০২৩ সালে গোষ্ঠী ও স্বাস্থ্য বীমা দাবি ব্যতিত অন্যান্য উপ-শ্রেণির দাবির পরিমান কমেছে। অর্থ্যাৎ বীমা দাবির পরিমান সামষ্টিকভাবে কিছুটা কমেছে।

সারণি ২৬

**লাইফ ইন্স্যুরেন্সে বিভিন্ন উপ-শেণিভিত্তিক বীমা দাবি পরিশোধের পরিমাণ ও নিষ্পত্তির হার** (কোটি টাকা)

| বছর | মৃত্যু দাবি | মেয়াদোত্তীর্ণ দাবি | সারেন্ডার দাবি | সার্ভাইভাল বেনিফিট দাবি | গোষ্ঠী ও স্বাস্থ্য দাবি | মোট দাবি |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ২৯৪.৯২ | ৫৮২৫.২১ | ৮৪৭.৬৫ | ১৩৬২.৭৩ | ১১৬৭.৪৭ | ৯৪৯৭.৯৭ |
| | (৫৯.৯৬) | (৬৮.৭০) | (৮৭.০৯) | (৮২.৮০) | (৯৭.৫৫) | (৭৪.২৮) |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ২৬৯.৫৮ | ৫১৫৪.৩৫ | ৮৭০.৩১ | ১৪০০.১৮ | ১০৩৪.৪৮ | ৮৭২৮.৯০ |
| | (৭৫.৫৫) | (৬৩.৫৮) | (৯৬.৭৭) | (৮৮.৩৩) | (৯৩.৮৫) | (৭২.৪৩) |

নোট: বন্ধনীর মধ্যের সংখ্যা দাবি নিষ্পত্তির শতকরা হার নির্দেশ করে।

২০২২ সালে মোট দাবির মধ্যে মেয়াদোত্তীর্ণ দাবি ছিল ৬৬.৩১% ও ২০২৩ সালে অনিরীক্ষিত হিসাব অনুযায়ী এ হার বৃদ্ধি পেয়ে ৬৭.২৮% হয়েছে। ২০২২ সালে মোট দাবির মধ্যে সার্ভাইবাল বেনিফিট ছিল ১২.৮৭% ও ২০২৩ সালের অনিরীক্ষিত হিসাব অনুযায়ী তা বৃদ্ধি পেয়ে ১৩.১৫% হয়েছে। ২০২২ সালে মোট দাবির মধ্যে মৃত্যু দাবি ছিল ৩.৮৫% এবং ২০২৩ সালের অনিরীক্ষিত হিসাব অনুযায়ী হ্রাস পেয়ে মৃত্যু দাবির অংশ ২.৯৬% হয়েছে (লেখচিত্র ২১)।

লেখচিত্র ২১

**লাইফ বীমা শিল্পে বিভিন্ন উপ-শ্রেণির দাবির পরিমাণের শতকরা শেয়ার (%)**




২০২২ সালে লাইফ ইন্স্যুরেন্স ব্যবসায় ৯,৪৯৭.৯৭ কোটি টাকার বীমা দাবি নিষ্পত্তি হয়েছে এবং দাবি নিষ্পত্তির হার ছিল ৭৪.২৮ শতাংশ। ২০২৩ সালে ৮,৭২৮.৯০ কোটি টাকার বীমা দাবি নিষ্পত্তি হয়েছে এবং দাবি নিষ্পত্তির হার ছিল ৭২.৪৩ শতাংশ (লেখচিত্র ২২)।

লেখচিত্র ২২

**লাইফ বীমা শিল্পে উপ-শ্রেণিভিত্তিক দাবি নিষ্পত্তি পরিমাণের শতকরা হার (%)**




নোট: লেখচিত্রে ২০২২ ও ২০২৩ সালের তথ্য দেখানো হয়েছে।

## বীমা দাবির সংখ্যা

সারণি ২৭ এ দেখা যাচ্ছে লাইফ বীমা ব্যবসায় ২০২২ সালে মোট বীমা দাবির সংখ্যা ছিল ২৯,৩৩,৪১০টি এবং ২০২৩ সালে এই দাবির সংখ্যা ছিল ২৭,০৪,৮৬৫টি। ২০২২ সালে এই মোট দাবির মধ্যে ৮১,৯৫৬টি মৃত্যুর দাবি, ১৭,৮৩,৫১৫টি মেয়াদোত্তীর্ণ দাবি, ২,০৮,৪০৯টি পলিসি সমর্পণ, ৫,৭১,৩৩২টি সার্ভাইভাল বেনিফিট দাবি এবং ২,৮৮,১৯৮টি গ্রুপ ও স্বাস্থ্য বীমা দাবি। ২০২৩ সালে এই মোট দাবির মধ্যে ৬৫,২৯২টি মৃত্যু দাবি, ১৫,৭৩,২৭১টি মেয়াদোত্তীর্ণ দাবি, ১,৬৩,৮১২টি সমর্পণ বীমা দাবি, ৫,৪৭,০৬৪টি সার্ভাইভাল বেনিফিট দাবি এবং ৩,৫৫,৪২৬ টি গ্রুপ ও স্বাস্থ্য বীমা দাবি ছিল।

সারণি ২৭

**লাইফ ইন্স্যুরেন্সে বিভিন্ন উপ-শেণিভিত্তিক বীমা দাবির সংখ্যা**

| বছর | মৃত্যু দাবি | মেয়াদোত্তীর্ণ দাবি | সারেন্ডার দাবি | সার্ভাইভাল বেনিফিট দাবি | গোষ্ঠী ও স্বাস্থ্য দাবি | মোট দাবি |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ৮১৯৫৬ | ১৭৮৩৫১৫ | ২০৮৪০৯ | ৫৭১৩৩২ | ২৮৮১৯৮ | ২৯৩৩৪১০ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৬৫২৯২ | ১৫৭৩২৭১ | ১৬৩৮১২ | ৫৪৭০৬৪ | ৩৫৫৪২৬ | ২৭০৪৮৬৫ |

সারণি ২৮ এ দেখা যায় যে, ২০২২ সালে লাইফ বীমা ব্যবসায় মোট দাবির পরিশোধের সংখ্যা ছিল ১৮,৮৭,৫৭৮টি এবং ২০২৩ সালে মোট দাবি পরিশোধের সংখ্যা ছিল ১৬,৭৫,১৯০টি । ২০২২ সালে নিষ্পত্তিকৃত মোট দাবির মধ্যে ২৫,২১৮টি মৃত্যু দাবি, ১০,৫১,৪৭৪টি মেয়াদোত্তীর্ণ দাবি, ৮১,৫০১টি পলিসি সমর্পণ, ৪,৪৭,৭৭০টি সার্ভাইভাল বেনিফিট এবং গ্রুপ বীমার অধীনে ২,৮১,৬১৫জন ব্যক্তিকে বীমা সুবিধা বিশেষ করে স্বাস্থ্য বীমার দাবি প্রদান করা হয়েছে। ২০২২ সালে মোট দাবি নিষ্পত্তির হার ছিল ৬৪.৩৫% এবং ২০২৩ সালে ৬১.৯৩%। এছাড়া, ২০২২ ও ২০২৩ সালের বীমাকারী প্রতিষ্ঠানের তথ্য সংযুক্তি ১১ এ দেয়া হয়েছে।

সারণি ২৮

**লাইফ ইন্স্যুরেন্সে বিভিন্ন উপ-শেণিভিত্তিক বীমা দাবি পরিশোধের সংখ্যা এবং নিষ্পত্তির হার (%)**

| বছর | মৃত্যু দাবি | মেয়াদোত্তীর্ণ দাবি | সারেন্ডার দাবি | সার্ভাইভাল বেনিফিট দাবি | গোষ্ঠী ও স্বাস্থ্য দাবি | মোট দাবি |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ২৫২১৮ | ১০৫১৪৭৪ | ৮১৫০১ | ৪৪৭৭৭০ | ২৮১৬১৫ | ১৮৮৭৫৭৮ |
| | (৩০.৭৭) | (৫৮.৯৬) | (৩৯.১১) | (৭৮.৩৭) | (৯৭.৭২) | (৬৪.৩৫) |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ২১৮৫৬ | ৭৮৬১০৫ | ৭৭২৮৪ | ৪৪২১৫২ | ৩৪৭৭৯৩ | ১৬৭৫১৯০ |
| | (৩৩.৪৭) | (৪৯.৯৭) | (৪৭.১৮) | (৮০.৮২) | (৯৭.৮৫) | (৬১.৯৩) |

নোট: বন্ধনীর মধ্যে সংখ্যা নিষ্পত্তির শতকরা হার নির্দেশ করে

## পলিসি গ্রাহকের দায় এবং এ্যাকচ্যুয়ারিয়াল উদ্বৃত্ত

পলিসি গ্রাহকের উদবৃত্ত বীমা আইন ২০১০ এর ৩০ ধারা অনুসারে নির্ধারিত হয়। এ্যাকচ্যুয়ারিয়াল ভ্যালুয়েশন বীমাকারীর দায় এবং উদবৃত্ত বা ঘাটতি (যদি সম্পদ, দায়ের তুলনায় কম বা বেশী থাকে) প্রকাশ করে । পলিসিহোল্ডারদের দায় নতুন

পলিসি বিক্রির সাথে বৃদ্ধি পায়। তবে বিদ্যমান সম্পদের সাথে আরও বেশি সম্পদ যুক্ত হলে তা উদবৃত্তে পরিণত হতে পারে। অতিরিক্ত ব্যয় এবং বিনিয়োগ রিটার্নের নিম্নহার এ্যাকচ্যুয়ারিয়াল উদ্বৃত্তকে নেতিবাচকভাবে প্রভাবিত করে। সারণি ২৯ এ ২০২২ এবং ২০২৩ সালের নিট পলিসি গ্রাহকের দায় এবং এ্যাকচ্যুয়ারিয়াল উদবৃত্ত দেখানো হয়েছে। বীমা আইন, ২০১০ এর ৮২ ধারার অধীনে লাইফ বীমাকারী, দায়মূল্যায়ন শেষে প্রাপ্ত উদবৃত্ত পলিসিগ্রাহককে বোনাস হিসাবে এবং শেয়ারহোল্ডারদের মাঝে লভ্যাংশ আকারে বিতরণ করে থাকে।

## পরিশোধিত মূলধন

৩১ ডিসেম্বর ২০২২ পর্যন্ত সকল লাইফ বীমাকারীর পরিশোধিত মূলধন ছিল ১,২০৯.০০ কোটি টাকা এবং ২৫.০২ কোটি টাকা বৃদ্ধি পেয়ে ২০২৩ সালে ১,২৩৪.০২ কোটি টাকায় উন্নীত হয়েছে (সারণি ২৯)।

**সারণি ২৯**

**লাইফ বীমা শিল্পে পরিশোধিত মূলধনের পরিমান** (কোটি টাকা)

| বছর | পরিশোধিত মূলধন | বছরে সংযোজন/ বিয়োজন |
|---|---|---|
| ২০২২ | ১২০৯.০০ | ১৫৬.২৮ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ১২৩৪.০২ | ২৫.০২ |

## লাইফ বীমাকারীর এজেন্ট

আর্থিক সহযোগী বা এজেন্টরা লাইফ বীমা শিল্পের প্রধান বিক্রয় শক্তি এবং তারা লাইফ বীমা ব্যবসা সংগ্রহের ক্ষেত্রে মুখ্য ভূমিকা পালন করে। বাজারের আকার বিবেচনায় ৩.৯৯ লক্ষ এজেন্ট বীমা সেবা প্রদান করার পক্ষে যথেষ্ট তবে পর্যাপ্ত বীমা সংক্রান্ত জ্ঞান লক্ষ্য অর্জনে প্রধান অন্তরায়। তাছাড়া অনেক এজেন্টই সক্রিয় নয়। এমপ্লয়ার অব এজেন্টের সংখ্যা প্রতি বছর বৃদ্ধি পাচ্ছে তা সত্ত্বেও এজেন্ট ও এমপ্লয়ার অব এজেন্টের এর অনুপাত ১:৫ এর কম রয়েছে। এক্ষেত্রে অধিকাংশ বীমাকারী ১:৫ অনুপাত বজায় রাখার বিধানটি পরিপালন করছে না (সারণি ৩০)।

**সারণি ৩০**

**লাইফ বীমাকারীর এজেন্ট এবং এমপ্লয়ার অব এজেন্টের সংখ্যা**

| বছর | এজেন্ট | প্রবৃদ্ধি | এমপ্লয়ার অব এজেন্ট | প্রবৃদ্ধি |
|---|---|---|---|---|
| ২০২২ | ৫০৯২৭১ | ২৭.৩২ | ১২৭৭৪৯ | ৮.৮৮ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৫৩৯৮৯৬ | ৬.০১ | ১৫১৬৫২ | ১৮.৭১ |

এজেন্টের মাধ্যমে পণ্য বিক্রয়ের পাশাপাশি বর্তমানে ব্যাংকাস্যুরেন্স গাইডলাইন প্রণয়নের মাধ্যমে ব্যাংকাস্যুরেন্স ব্যবস্থা চালু করা হয়েছে। বর্তমানে বিভিন্ন বীমাকারী প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত আটটি ব্যাংককের মাধ্যমে ব্যাংকাস্যুরেন্স ব্যবস্থার মাধ্যমে বীমা পলিসি বিক্রির কার্যক্রম পরিচালনা করছে। আইডিআরএ এজেন্টদের বীমার মৌলিক জ্ঞান বৃদ্ধির জন্য এবং তাদেরকে উপযুক্ত বিক্রয় বাহিনী হিসাবে গড়ে তোলার জন্য কার্যকরী উদ্যোগের অংশ হিসেবে বিভিন্ন প্রশিক্ষণ একাডেমির মাধ্যমে ৭২ ঘন্টা এজেন্ট প্রশিক্ষণ বাধ্যতামূলক করেছে। এই উদ্যোগটি এজেন্টদের প্রতিযোগিতামূলক বাজারের সাথে খাপ খাওয়াতে, বীমার মৌলিক জ্ঞান অর্জনে সহায়তা করে আসছে। বীমা পণ্য বিক্রয় এজেন্টদের অবদানের ওপর নির্ভর করে যদিও এজেন্টদের দক্ষ ব্যবস্থাপনা বীমাকারীর জন্য বেশ চ্যালেঞ্জিং কাজ। কর্তৃপক্ষ বীমাকারীর এজেন্ট ব্যবস্থাপনাও কমিশন ব্যয়ের বিষয়ে কঠোরভাবে পর্যবেক্ষণ করছে।

## লাইফ বীমাকারীর শাখা

লাইফ বীমাকারীসমূহ দেশব্যাপি তাদের শাখার মাধ্যমে প্রান্তিক পর্যায়ে বীমাসেবা পৌঁছে দিচ্ছে। ২০২২ সালে বাংলাদেশে ৪৯২টি উপজেলা ৩৬টি লাইফ বীমাকারী ৬,৩৭৫টি শাখার মাধ্যমে ব্যবসা পরিচালনা করে এবং জনগণের দোরগোড়ায় বীমা সেবা পৌঁছে দিচ্ছে। ব্যবসার প্রকৃতির কারণে দেশজুড়ে বিস্তৃত শাখার প্রাপ্যতা গ্রাহকদের মধ্যে বীমা সেবা বিতরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ২০২৩ সালে ১.৫৭% বৃদ্ধি পেয়ে লাইফ বীমাকারীর মোট শাখার সংখ্যা ৬,৪৭৫টি হয়েছে (সারণি ৩১)।

**সারণি ৩১**

**লাইফ বীমাকারীর মোট শাখা অফিসের সংখ্যা**

| বছর | বছরের শুরুতে | শাখা খোলা | শাখা বন্ধ | মোট শাখা | পরিবর্তন % |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৫৮৯৫ | ৯০৮ | ৩৪৯ | ৬৪৫৪ | ১৮.৪২ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৬৪৭৬ | ৩৩৫ | ৩৩৬ | ৬৪৭৫ | ০.৩৩ |

## বীমাকারীর জনবল

লাইফ বীমা শিল্পে মোট কর্মচারীর সংখ্যা ২০২২ সালের মধ্যে ছিল ১৯,৬০২জন। ২০২৩ সালে ১,৭০৭ সংখ্যক কর্মী নিয়োগ করা হয়েছে এবং ১,৮৯৩ সংখ্যক কর্মচারী ছাঁটাই করা হয়েছে যার ফলে মোট জনবল দাঁড়িয়েছে ১৯,৩৮১জন (সারণি ৩২)।

**সারণি ৩২**

**লাইফ বীমা শিল্পে বীমাকারীর অফিসে মোট জনবলের সংখ্যা**

| বছর | বছরের শুরুতে | নিয়োগ | ছাটাই | বছরের শেষে |
|---|---|---|---|---|
| ২০২২ | ১৯৩৫২ | ২১২৬ | ১৮৭৬ | ১৯৬০২ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ১৯৫৬৭ | ১৭০৭ | ১৮৯৩ | ১৯৩৮১ |

## বীমাকারীর ট্যাক্স এবং ভ্যাট

বীমা প্রতিষ্ঠানগুলো কর্পোরেট ট্যাক্স, ভ্যাট, টিডিএস এবং ভিডিএস প্রদান করে থাকে। ২০২২ ও ২০২৩ সালের লাইফ বীমা প্রতিষ্ঠানসমূহের প্রদত্ত ট্যাক্স ও ভ্যাট, টিডিএস ও ভিডিএস এর পরিমাণ সারণি ৩৩ এ উল্লেখ করা হয়েছে। ২০২২ সালে মোট ৬২৮.৬৩ কোটি টাকা এবং ২০২৩ সালে ৬৬৩.২৮ কোটি টাকা কর্পোরেট ট্যাক্স ও ভ্যাট, টিডিএস ও ভিডিএস হিসেবে পরিশোধ করা হয়েছে।

**সারণি ৩৩**

**লাইফ বীমাকারীর ট্যাক্স ও ভ্যাট পরিশোধের পরিমাণ** (কোটি টাকা)

| বছর | কর্পোরেট ট্যাক্স ও ভ্যাট | টিডিএস | ভিডিএস | মোট |
|---|---|---|---|---|
| ২০২২ | ৩৮১.৭১ | ২১০.৬০ | ৩৬.৩২ | ৬২৮.৬৩ |
| ২০২৩ (অনিরীক্ষিত) | ৩৭৯.০৩ | ২৫১.১৫ | ৩৩.১০ | ৬৬৩.২৮ |

# নন-লাইফ বীমা

## প্রিমিয়াম

নন-লাইফ বীমা ব্যবসায় ৪৬টি নন-লাইফ বীমাকারীর প্রতিষ্ঠান বীমা ব্যবসা পরিচালনা করছে। নন-লাইফ বীমা খাতে ২০২৩ সালে গ্রস প্রিমিয়ামের পরিমাণ ছিল ৪৭৫২.৩৫ কোটি টাকা যেখানে ২০২২ সালে গ্রস প্রিমিয়ামের পরিমাণ ছিল ৪৬৭১.০৬ কোটি টাকা এবং পূর্ববর্তী বছরের তুলনায় প্রবৃদ্ধির হয়েছে ১.৭৪%(সারণি ৩৪ এবং লেখচিত্র ২৩)। পূর্ববর্তী বছরগুলোর ন্যায় গ্রস প্রিমিয়াম মূলত অগ্নি বীমা ব্যবসা থেকে অর্জিত হয়েছে, যা মোট গ্রস প্রিমিয়ামের ৩৮.২০% (২০২১: ৩৭.৬৩%)।

২০২২ সালে এই প্রবৃদ্ধি মূলত অগ্নি, মেরিন এবং বিবিধ বীমা ব্যবসা বৃদ্ধির কারণে হয়েছিল এবং ২০২৩ সালে গ্রস প্রিমিয়াম বৃদ্ধির হার পূর্ববর্তী বছরের তুলনায় বৃদ্ধি পেলেও প্রবৃদ্ধি মূলত অগ্নি বীমা ব্যবসা বৃদ্ধির কারণে হয়েছিল। বাংলাদেশে স্বাস্থ্য বীমা, শস্য বীমা, ভবন/দালানকোঠা বীমা, ডিপোজিটরী বীমা এবং যাত্রী বীমা প্রবর্তনেরও বিশাল সুযোগ রয়েছে। এছাড়া, ২০২২ ও ২০২৩ সালের নন-লাইফ বীমা খাতে গ্রস প্রিমিয়াম ও মার্কেট শেয়ারের তথ্য সংযুক্তি ১২ এ উপস্থাপন করা হয়েছে।

**সারণি ৩৪**

**নন-লাইফ বীমা ব্যবসায় গ্রস প্রিমিয়ামের পরিমাণ এবং প্রবৃদ্ধি (%)** (কোটি টাকা)

| বছর | মোট গ্রস প্রিমিয়াম | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৪৬৭১.০৬* | ১৭৮৪.৪৪ | ১৭৩৬.৭৬ | ২৭৮.১৮ | ৮৭১.৬৯ |
| | (৯.৯০%) | (১১.৫৮%) | (১২.৪৮%) | (-৩.৪৪%) | (৬.৪৭%) |
| ২০২৩ | ৪৭৫২.৩৫* | ১৯৭৬.৩২ | ১৭২৮.৩০ | ২৪৯.৪৩ | ৭৯৮.২৯ |
| | (১.৭৪%) | (১০.৭৫%) | (-০.৪৯%) | (-১০.৩৩%) | (-৮.৪২%) |

* সারণিতে সাধারণ বীমা কর্পোরেশনের সরাসরি ব্যবসার প্রিমিয়াম এবং নন-লাইফ বীমাকারীর মোট প্রিমিয়াম একত্রে প্রদর্শিত হয়েছে।
নোট: ১। নন-লাইফ বীমা শিল্পের মোট গ্রস প্রিমিয়ামের গণনায় দ্বৈততা এড়ানোর জন্য সাধারণ বীমা কর্পোরেশনের কেবল সরাসরি গ্রস প্রিমিয়ামকে বিবেচনা করা হয়েছে।
২। বন্ধনীতে গ্রস প্রিমিয়ামের প্রবৃদ্ধির শতকরা হার নির্দেশ করে।

সরকারি মালিকানাধীন সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক ২০২২ ও ২০২৩ সালে সংগৃহীত সরাসরি প্রিমিয়াম সারণি ৩৫ এ দেখানো হয়েছে। সাধারণ বীমা কর্পোরেশন বীমা এবং পুন: বীমা উভয় ধরনের ব্যবসা পরিচালনা করে আসছে।

**সারণি ৩৫**

**সাধারণ বীমা কর্পোরেশনের সরাসরি ব্যবসার উপ-শ্রেণিভিত্তিক গ্রস প্রিমিয়াম আয়** (কোটি টাকা)

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | গ্রস প্রিমিয়াম |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৮০.৪৬ | ১৩৪.৯৪ | ১২.৮০ | ২৮০.৯০ | ৫০৯.১০ |
| ২০২৩ | ১৭৩.৬৪ | ১২৪.৭৭ | ১১.৭৫ | ২০৭.০৭ | ৫১৭.২৩ |

**<u>লেখচিত্র ২৩</u>**

**নন-লাইফ বীমা ব্যবসায় গ্রস প্রিমিয়াম**




## গ্রস প্রিমিয়ামের উপ-শ্রেণি ভিত্তিক বিশ্লেষণ

২০২২ ও ২০২৩ সালে সংগৃহীত গ্রস প্রিমিয়ামের বীমার উপ-শ্রেণি ভিত্তিক অংশ শতাংশের হিসেবে লেখচিত্র ২৪ এ দেখানো হয়েছে। অগ্নি, মেরিন, মোটর এবং বিবিধ বীমাকে উপ-শ্রেণি হিসাবে বিবেচনা করা হয়েছে। নন-লাইফ বীমার মূলচালিকা শক্তি হিসাবে অগ্নি বীমা মোট প্রিমিয়ামের প্রায় ৩৮.২০ ভাগ অবদান রেখেছে। সারণি ৩৪ এবং লেখচিত্র ২৪ এ দেখা যায় অগ্নি বীমা ব্যবসায়ে ২০২২ সালে মোট প্রিমিয়াম পরিমাণ ১,৭৮৪.৪৪ কোটি টাকা থেকে বেড়ে ২০২৩ সালে ১,৯৭৬.৩২ কোটি টাকা হয়েছে। ২০২২ সালে অগ্নি বীমায় গ্রস প্রিমিয়ামের প্রবৃদ্ধির হার ছিল ১১.৫৮%, ২০২৩ সালে হয় ১০.৩৩%। মোটর বীমা খাতে সরকারের গৃহীত নীতিমালার কারণে ২০২২ সালে ঋণাত্বক প্রবৃদ্ধির হার ৩.৪৪% এবং ২০২৩ সালে ঋণাত্বক প্রবৃদ্ধির হার আরোও কমে দাড়াঁয় ১০.৩৩%।

মেরিন বীমা ব্যবসায় ২০২২ সালে মোট প্রিমিয়াম পরিমাণ ১,৭৩৬.৭৬ কোটি টাকা থেকে হ্রাস পেয়ে ২০২৩ সালে ১,৭২৮.৩০ কোটি টাকা হয়েছে। বিবিধ খাতে প্রিমিয়াম আয়ের পরিমাণ ২০২২ সালে ৮৭১.৬৯ কোটি টাকা থেকে হ্রাস পেয়ে ২০২৩ সালে ৭৯৮.২৯ কোটি টাকা হয়েছে। ২০২২ সালে এই খাতে প্রবৃদ্ধি ছিল ৬.৪৭% তবে ২০২৩ সালে তা ৮.৪২% হ্রাস পেয়েছে। বিবিধ বীমার অন্তর্ভুক্ত স্বাস্থ্য বীমা এবং শস্য বীমাকে জনপ্রিয় করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে, ভবন/দালানকোঠা বীমা, ডিপোজিটরী বীমা এবং যাত্রী বীমা প্রবর্তন করা যায়নি বিধায় এই উপ-শ্রেণির গ্রস প্রিমিয়াম সংগ্রহের পরিমাণ উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায়নি। তবে বর্তমানে বীমার আওতা বৃদ্ধির লক্ষে ভবন/দালানকোঠা বীমাসহ অন্যান্য সম্পদের বীমা নিয়ে কর্তৃপক্ষ বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে।

**<u>লেখচিত্র ২৪</u>**

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণি ভিত্তিক গ্রস প্রিমিয়ামের শেয়ার (%)**




৪৮



লেখচিত্র ২৫

**নন-লাইফ বীমা শিল্পে উপ-শ্রেণি ভিত্তিক প্রিমিয়ামের প্রবৃদ্ধির হার**




## নিট প্রিমিয়াম

বাংলাদেশের বেসরকারী ৪৫টি বীমাকারী প্রতিষ্ঠান সম্মিলিতভাবে অগ্নি বীমার মোট গ্রস প্রিমিয়ামের ৪০% রিটেইন করে রেখেছিল যাকে রিটেনশন বলা হয়। বীমা ব্যবসার উন্নতির জন্য স্থানীয় বীমাকারীদের রিস্ক রিটেনশন করার ক্ষমতা বাড়ানো জরুরি। মেরিন বীমা ব্যবসা একটি উচ্চ ঝুঁকির হওয়ায় একটি বৃহদাংশ পুনঃবীমা করা হচ্ছে। ২০২২ সালে ১৭৩৬.৭৬ কোটির টাকার গ্রস প্রিমিয়ামের মধ্যে মেরিন বীমা ব্যবসায়ে রিটেশনের হার ৭৩.৪৮% ছিল, যা ২০২১ সালের ৭২.৬৯% থেকে বৃদ্ধি পায়েছে। ২০২৩ সালে ১৭২৮.৩০ কোটির টাকার গ্রস প্রিমিয়ামের মধ্যে মেরিন বীমা ব্যবসায়ে রিটেশনের হার ৭১.৯৮% (সারণি ৩৭)।

সারণি ৩৬

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শেণিভিত্তিক নিট প্রিমিয়াম (সাধীক ব্যতীত)**

(কোটি টাকা)

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | নিট প্রিমিয়াম |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৬৮৭.২৪ | ১১৭৬.৯৬ | ২৫০.৫২ | ১৯০.০৫ | ২৩০৪.৭৭ |
| ২০২৩ | ৭২৮.৩৬ | ১১৫৪.২৯ | ২১৮.৭৪ | ১৯৬.৮০ | ২২৯৮.২০ |

সারণি ৩৭

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শেণিভিত্তিক রিটেনশনের শতকরা হার (সাধীক ব্যতীত)**

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | নন-লাইফ বীমা |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৪০.৩৩ | ৭৩.৪৮ | ৯৪.৪০ | ৩২.১৭ | ৫৫.৩৮ |
| ২০২৩ | ৪০.৪০ | ৭১.৯৮ | ৯২.০৩ | ৩৩.২৯ | ৫৪.২৭ |

বিগত বছরের মতো মোটর বীমায় রিটেশনের হার সর্বাধিক এবং ২০২২ সালে এই হারটি মোট প্রিমিয়ামের ৯৪.৪০% ছিল। ২০২২ সালে বিবিধ বীমা ব্যবসায় গ্রস প্রিমিয়ামের ৩২.১৭% অংশ ছিল এবং ২০২৩ সালে ছিল ৩৩.২৯% (সারণি ৩৭ এবং লেখচিত্র ২৬)। কর্তৃপক্ষ ইতোমধ্যে নন-লাইফ ব্যবসায় প্রচলিত ট্যারিফ হার পর্যালোচনাপূর্বক নতুন হার অনুমোদন করেছে। দেশের স্বার্থ রক্ষার জন্য বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ স্থানীয় বীমাকারীদের দ্বারা মেগা প্রকল্পসমূহের বীমা করার বিষয়ে কাজ করছে।

লেখচিত্র ২৬

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক রিটেনশনের শতকরা হার (সাধারণ বীমা কর্পোরেশন ব্যতীত)**




## সাধারণ বীমা কর্পোরেশনের গ্রস প্রিমিয়াম এবং নিট প্রিমিয়াম

সাধারণ বীমা কর্পোরেশনের প্রিমিয়াম এবং পুনঃবীমা সংক্রান্ত তথ্য সারণি ৩৮ ও ৩৯ এ দেখানো হয়েছে।

সারণি ৩৮

**সাধারণ বীমা কর্পোরেশনের সরাসরি গ্রস প্রিমিয়াম এবং উপ-শেণিভিত্তিক গ্রস প্রিমিয়াম (পুনঃবীমাসহ)** (কোটি টাকা)

| বছর | সরাসরি গ্রস প্রিমিয়াম | গ্রস প্রিমিয়াম | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ৫০৯.১০ | ১৭৪১.৩৭ | ৭০৫.৮০ | ৪২২.৩৯ | ১২.৮০ | ৬০০.৩৮ |
| ২০২৩ | ৫১৭.২৩ | ১৭১৮.১৬ | ৮৫২.২৬ | ৩৮৭.৬০ | ১১.৭৫ | ৪৬৬.৫৬ |

সূত্র: সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক প্রদত্ত তথ্য (কোন কোন তথ্য এসবিসির বার্ষিক প্রতিবেদন থেকে অমিল থাকতে পারে)

সারণি ৩৯

**সাধারণ বীমা কর্পোরেশন কর্তৃক পুনঃবীমার প্রিমিয়াম পরিশোধ** (কোটি টাকা)

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ২১৭.৩৯ | ১৪৭.৩৮ | ০.০০ | ৪৯৯.১৫ | ৮৬৩.৯২ |
| ২০২৩ | ২৩৫.২৮ | ১৫১.৩৯ | ০.০০ | ৪২৬.২৫ | ৮১২.৯২ |

## পলিসির সংখ্যা

২০২২ ও ২০২৩ সালের নন-লাইফ বীমা ব্যবসায় বিভিন্ন উপ-শ্রেণির বীমা পলিসির সংখ্যা সারণি ৪০ এ প্রদর্শন করা হয়েছে। বিভিন্ন উপ-শ্রেণির মোট পলিসি বিক্রয়ের সংখ্যা ২০২২ সালে ১১,৭৯,৭৫৮টি এবং ২০২৩ সালে ১১,৩২,০৮৫টি। পলিসি সংখ্যা হ্রাস পেলেও অগ্নি বীমা পলিসি সংখ্যা মেরিন পলিসি সংখ্যার তুলনায় কম ছিল। অগ্নি বীমার প্রতি পলিসির বিপরীতে প্রিমিয়ামের পরিমান বেশি থাকায়, অগ্নি বীমা পলিসি মোট গ্রস প্রিমিয়ামে সর্বাধিক অবদান রেখেছে। ২০২২ ও ২০২৩ সালে মোট বীমা পলিসির মধ্যে মেরিন এর অংশ ছিল যথাক্রমে ৪৪.৬৭% ও ৪১.৮১%। লেখচিত্র ২৭ এ নন-লাইফ বীমা ব্যবসার উপ-শ্রেণিভিত্তিক পলিসির শেয়ারের শতকরা হার দেখানো হয়েছে।

সারণি ৪০

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক বীমা পলিসির সংখ্যা এবং শতকরা প্রবৃদ্ধির হার (%)**

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৩৯৪৭২৭ | ৫২৬৯৭৭ | ১২৭৭৮৫ | ১৩০২৬৯ | ১১৭৯৭৫৮ |
| | ২২.১২% | -০.৫১% | -৩৪.৯৩% | ২১.২১% | ১.৯৯% |
| ২০২৩ | ৪৩৫৪৪৩ | ৪৭৩৩২৮ | ১১১২১৪ | ১১২১০০ | ১১৩২০৮৫ |
| | ১০.৩১% | -১০.১৮% | -১২.৯৭% | -১৩.৯৫% | -৪.০৪% |

### লেখচিত্র ২৭

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক পলিসির শেয়ার**




## ব্যবস্থাপনা ব্যয়

নন-লাইফ বীমা শিল্পের ৪৬টি বেসরকারি বীমাকারীর সম্মিলিতভাবে বিধি মোতাবেক মোট অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় সীমার এবং অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের হিসাব করা হয়েছে। ২০২২ সালে বিগত বছরের তুলনায় অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয়ের ২৩.১০% কমেছে (সারণি ৪১)। বর্তমানে অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় সীমার কম ব্যয় সংঘটিত হচ্ছে, যা বীমা খাতের জন্য ইতিবাচক। ২০২৩ সালে অনুমোদিত ব্যবস্থাপনা ব্যয় থেকে ৩৪২.৪৯ কোটি টাকা কম ব্যয় হয়েছে প্রকৃত ব্যবস্থাপনা ব্যয়।

### সরণি ৪১

**প্রকৃত ব্যবস্থাপনা ব্যয়, অনুমোদিত ব্যয় সীমা, অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় ও পরিবর্তন** (কোটি টাকা)

| বছর | প্রকৃত ব্যবস্থাপনা ব্যয় | অনুমোদিত ব্যয় সীমা | অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় | পরিবর্তন (%) |
|---|---|---|---|---|
| ২০২২ | ১৩৬৩.৮৬ | ১৭০৯.২৯ | -৩৪৫.৪৩ | ২৩.১০ |
| ২০২৩ | ১৪০৭.৪০ | ১৭৪৯.৮৯ | -৩৪২.৪৯ | -০.৮৫ |

নন-লাইফ বীমা শিল্পের ব্যবস্থাপনা ব্যয় বীমাকারী প্রতিষ্ঠানসমূহ অনুমোদিত সীমার মধ্যে রাখতে পেরেছে, যা বীমা শিল্পের জন্য আশাব্যঞ্জক (২০২১: -৪৭.৮০ কোটি টাকা)। ভবিষ্যতে এ পরিস্থিতি আরও উন্নতি হবে বলে আশা করা যায়।

নন-লাইফ বীমা ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয়ের অনুপাত ২০২২ ও ২০২৩ সালে প্রায় ৪৪.৬৩% থেকে ৪৫.০৪% পর্যন্ত হয়েছে (সারণি ৪২)। ব্যবসা বৃদ্ধি পাওয়ায় এই অনুপাত আরও হ্রাস পেয়েছে। বিমাকারীর অতিরিক্ত ব্যবস্থাপনা ব্যয় নিয়ন্ত্রণের কারণে ৪৬টি বীমাকারী প্রতিষ্ঠানের সম্মিলিত ব্যবস্থাপনা ব্যয়ের অনুপাত ক্রমান্বয়ে হ্রাস পাচ্ছে।

### সারণি ৪২

**নন-লাইফ ব্যবসায় ব্যবস্থাপনা ব্যয় রেশিও** (কোটি টাকা)

| বছর | ব্যবস্থাপনা ব্যয় + গ্রস কমিশন পরিশোধ | গ্রস প্রিমিয়াম | ব্যবস্থাপনা ব্যয় রেশিও (%) |
|---|---|---|---|
| ২০২২ | ২১০৩.৮৭ | ৪৬৭১.০৬ | ৪৫.০৪ |
| ২০২৩ | ২১২০.৮৪ | ৪৭৫২.৩৫ | ৪৪.৬৩ |

## কম্বাইন্ড রেশিও

কম্বাইন্ড রেশিও এর মাধ্যমে বীমাকারীর কর্যক্রম বা আন্ডাররাইটিং মুনাফা সম্পর্কে ধারণা পাওয়া যায়। কম্বাইন্ড রেশিও ১০০ এর নিচে বলতে বুঝায় বীমাকারী আন্ডাররাইটিং মুনাফা করেছে। কম্বাইন্ড রেশিও ১০০ এর উপরে বলতে বুঝায় বীমাকারী আন্ডাররাইটং লোকসান করেছে। ২০২২ ও ২০২৩ সালে কম্বাইন্ড রেশিও ক্রমাগত কমছে। ২০২২ সালে কম্বাইন্ড রেশিও ছিল ৬৮.৬০ শতাংশ ও ২০২৩ সালে ছিল ৫৭.৪২ শতাংশ (সারণি ৪৩)।

**সারণি ৪৩**

**নন-লাইফ বীমা ব্যবসায় নিট প্রিমিয়াম, ব্যবস্থাপনা ব্যয়, কমিশন, এবং কম্বাইন্ড রেশিও** (কোটি টাকা)

| বছর | নিট প্রিমিয়াম | ব্যবস্থাপনা ব্যয় | নিট কমিশন পরিশোধ | নিট দাবি পরিশোধ | মোট ব্যয় | কম্বাইন রেশিও (%) |
|---|---|---|---|---|---|---|
| ২০২২ | ৩১৮২.২২ | ১৩৬৩.৮৬ | ২৫৬.৬৭ | ৫৬২.৫৩ | ২১৮৩.০৬ | ৬৮.৬০ |
| ২০২৩ | ৩২০৩.৪৪ | ১৪০৭.৪০ | ২২৫.৮৪ | ২০৬.০৩ | ১৮৩৯.২৭ | ৫৭.৪২ |

## সম্পদ

এ ২০২২ ও ২০২৩ সালে নন-লাইফ বীমা ব্যবসায়ে সম্পদের খাতওয়ারী বিবরণ সারণি ৪৪ এ দেখানো হয়েছে। এ শিল্পে ২০২২ সালে মোট সম্পদের পরিমাণ ছিল ১৬,৬৯৬.১৩ কোটি টাকা এবং ২০২৩ সালে ৫.৩৬% বৃদ্ধি পেয়ে মোট সম্পদের পরিমাণ হয়েছে ১৭,৫৯১.৩৪ কোটি টাকা (সারণি ৪৪, লেখচিত্র ২৮)। ২০২২ এবং ২০২৩ সালে বীমাকারী ভিত্তিক সম্পদ এবং প্রবৃদ্ধি সংযুক্তি ১৩ এ প্রদর্শিত রয়েছে।

**সারণি ৪৪**

**২০২২ এবং ২০২৩ সালের খাতভিত্তিক সম্পদের পরিমাণ এবং শেয়ারের (%) বিবরণ** (কোটি টাকা)

| সম্পদের খাত | ২০২২ | % | ২০২৩ | % |
|---|---|---|---|---|
| ফার্নিচার এন্ড ফিক্সার | ৩৬.০৮ | ০.২২ | ৩৯.৪১ | ০.২২ |
| স্থাবর সম্পত্তি (ভূমি, ভূমি উন্নয়ন এবং ভবন) | ১৪৪৪.৩৩ | ৮.৬৫ | ১৪৭৪.৬৯ | ৮.৩৮ |
| অন্যান্য স্থায়ী সম্পদ | ৩৯৮.৮০ | ২.৩৯ | ৪১৪.৬৫ | ২.৩৬ |
| বিনিয়োগ (স্থায়ী আমানত ব্যতিত) | ৫১০৮.৫৫ | ৩০.৬০ | ৫৭২৬.৮০ | ৩২.৫৫ |
| সুদ, লভ্যাংশ, ভাড়া এ্যাক্রোড বাট নট ডিউ | ১৯৬.৭৬ | ১.১৮ | ২২২.৭১ | ১.২৭ |
| প্রিলিমিনারী ব্যয় | ১১.৬৩ | ০.০৭ | ০.০০ | ০.০০ |
| প্রি-অপারেশন খরচ | ০.৩৩ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ডেফার্ড ব্যয় | ১৯.৮৭ | ০.১২ | ১০.০৫ | ০.০৬ |
| রি-ইন্স্যুরেন্স থেকে প্রাপ্য | ১১৭৭.৭৩ | ৭.০৫ | ১২৪১.৮৮ | ৭.০৬ |
| এডভান্স এন্ড ডিপজিট | ১৫৫০.৭৩ | ৯.২৯ | ১৭৫৩.৭৮ | ৯.৯৭ |
| স্থায়ী আমানতসহ নগদ ও নগদ সমমান | ৬৪৫৭.৩০ | ৩৮.৬৮ | ৬২২৮.৯৮ | ৩৫.৪১ |
| স্ট্যাম্প, ফরম এবং স্টেশনারীর মজুদ | ৮.৮১ | ০.০৫ | ৯.৭৪ | ০.০৬ |
| অন্যান্য সম্পদ | ২৮৫.২১ | ১.৭১ | ৪৬৮.৬৪ | ২.৬৬ |
| মোট সম্পদ | ১৬৬৯৬.১৩ | ১০০.০০ | ১৭৫৯১.৩৪ | ১০০.০০ |

পুনঃবিমাকারীর নিকট হতে প্রাপ্য দাবি ২০২২ সালে মোট সম্পত্তির ৭.০৫% এবং ২০২৩ সালে মোট সম্পদের ৭.০৬% হয়েছে। নন-লাইফ খাতে ২০২২ সালে স্থিতি ছিল ৫,১০৮.৫৫ কোটি টাকা ২০২৩ সালে স্থিতি ছিল ৫,৭২৬.৮০ কোটি টাকা।

**লেখচিত্র ২৮**

**নন-লাইফ বীমা ব্যবসায় মোট সম্পদের পরিমাণ**




২০২২ সালে স্থায়ী আমানতসহ নগদ ও নগদ সমমান খাতের পরিমাণ নন-লাইফ বীমা ব্যবসায় মোট সম্পদের ৩৮.৬৮ শতাংশ এবং এই হার ২০২৩ সালে ছিল ৩৫.৪১ শতাংশ। বীমাকারীর ২০২২ সালে বিনিয়োগ (স্থায়ী আমানত ব্যতিত) খাতের পরিমাণ নন-লাইফ বীমা ব্যবসায় মোট সম্পদের ৩০.৬০ শতাংশ এবং ২০২৩ সালে ছিল ৩২.৫৫ শতাংশ (লেখচিত্র ২৯)।

**লেখচিত্র ২৯**

**নন-লাইফ বীমা ব্যবসায় সম্পদের বিভিন্ন খাতের শেয়ার (%)**



## বিনিয়োগ

নন-লাইফ বীমা ব্যবসায় ২০২২ সালে বীমাকারীসমূহ মোট বিনিয়োগের মাত্র ৬.০২% সরকারি সিকিউরিটিজ খাতে বিনিয়োগ করেছে (সারণি ৪৫ এবং লেখচিত্র ৩০)। কর্তৃপক্ষ বীমাকারীদের জন্য আধুনিক বিনিয়োগ বিধিমালা জারি করেছে এবং সলভেন্সি মার্জিন রেগুলেশন জারি করার কার্যক্রম গ্রহণ করেছে। বীমাকারীসমূহ ২০২২ সালে মোট বিনিয়োগের পরিমাণের প্রায় ৬০% বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে স্থায়ী আমানত হিসাবে বিনিয়োগ করেছে, যা ২০২৩ সালে কমে প্রায় ৩৬.৩১% হয়েছে। ২০২৩ সালে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানে স্থায়ী আমানত কম রেখে শেয়ার বাজারে বেশি বিনিয়োগ করছে। ২০২২ সালে প্রায় ১৭% অর্থ শেয়ার বাজারে শেয়ার হিসাবে বিনিয়োগ করেছে, কিন্তু ২০২৩ সালে শেয়ার বাজারে বিনিয়োগ বেড়েছে প্রায় ৪০.৪৩ শতাংশ। বীমাকারীসমূহ বিগত বছরে প্রায় ১০-১২% অর্থ স্থাবর সম্পত্তির মতো অনুৎপাদনশীল খাতে বিনিয়োগ করেছে। বর্তমানে ২০২৩ সালে এ খাতে বিনিয়োগের পরিমান কমেছে। উক্ত খাতে ২০২৩ সালে বীমাকারীসমূহ মোট বিনিয়েগের মধ্যে মাত্র ৮.৯২ শতাংশ বিনিয়োগ করেছে। ২০২২ এবং ২০২৩ সালে বীমাকারীভিত্তির বিনিয়োগের পরিমাণ এবং প্রবৃদ্ধি সংযুক্তি ১৪ এ প্রদর্শন করা হয়েছে।

**সারণি ৪৫**

**২০২২ ও ২০২৩ সালের খাতভিত্তিক বিনিয়োগের পরিমাণ এবং শেয়ারের বিবরণ** (কোটি টাকা)

| বিনিয়োগের খাত | ২০২২ | % | ২০২৩ | % |
|---|---|---|---|---|
| সরকারি সিকিউরিটিজ | ৫২০.০৯ | ৬.০২ | ১০০০.১১ | ৯.৫০ |
| মিউচুয়াল ফান্ড/ ইউনিট ফান্ড | ২৫৫.১৩ | ২.৯৬ | ১৫২.৬৯ | ১.৪৫ |
| শেয়ার | ১৪৮২.৩৩ | ১৭.১৭ | ৪২৫৫.৫৮ | ৪০.৪৩ |
| ডিবেঞ্চার | ৯১.৮১ | ১.০৬ | ৮৪.৪২ | ০.৮০ |
| স্থাবর সম্পত্তি (ভূমি, দালানকোঠা ইত্যাদি | ৯৮২.১৩ | ১১.৩৮ | ৯৩৮.৭৬ | ৮.৯২ |
| মর্টগেজ সম্পত্তি | ৫.৫১ | ০.০৬ | ১৬৭.৪৬ | ১.৫৯ |
| স্থায়ী আমানত (এফডিআর) | ৫১৯৬.১৭ | ৬০.১৯ | ৩৮২১.৩৫ | ৩৬.৩১ |
| ব্রীজ ফাইন্যান্সিং | ০.০০ | ০.০০ | ২.৫৫ | ০.০২ |
| অন্যান্য বিনিয়োগ | ৯৯.১৯ | ১.১৫ | ১০১.৯৮ | ০.৯৭ |
| মোট বিনিয়োগ | ৮৬৩২.৩৭ | ১০০.০০ | ১০৫২৪.৯০ | ১০০.০০ |

**লেখচিত্র ৩০**

**নন-লাইফ বীমা ব্যবসায় বিভিন্ন খাতে বিনিয়োগের শেয়ার (%)**



বীমাকারীর দুর্বল ও অদক্ষ বিনিয়োগ ব্যবস্থাপনার কারণে নন-লাইফ বীমা শিল্পে সম্পদ বিনিয়োগ অনুপাত যথাযথ হয়নি এবং এ কারণেই বিগত কয়েক বছরে এ শিল্পের দাবি নিষ্পত্তির হার হতাশাব্যঞ্জক ছিল। লেখচিত্র ৩১ এ দেখা যায় যে, ২০২২ সাল থেকে ২০২৩ সালে বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি পেয়েছে।

**লেখচিত্র ৩১**

**নন-লাইফ বীমা ব্যবসায় বিনিয়োগের পরিমাণ এবং প্রবৃদ্ধির হার (%)**




**লেখচিত্র ৩২**

**নন-লাইফ বীমা ব্যবসায় সম্পদ ও বিনিয়োগের রেশিও**




## বিনিয়োগ আয়

২০২২ ও ২০২৩ সালে নন-লাইফ বীমাকারী বিনিয়োগের উপর আয় প্রায় ৫.০০% থেকে ৭.০০% এর মধ্যে ছিল (সারণি ৪৬)। তবে আর্থিক প্রতিষ্ঠানগুলোর প্রদত্ত স্বল্প হারের সুদের কারণে এই হার সবচেয়ে কম ছিল। ২০২২ সালে বিনিয়োগ থেকে আয় ছিল ৭.১৩% এবং বীমাকারীরা পূর্ববর্তী বছরের তুলনায় বেশি অর্থ বিনিয়োগ করেছিল। ২০২৩ সালে এই হার কমেছে অর্থাৎ ৫.০৮% হয়েছে।

সারণি ৪৬

**নন-লাইফ বীমা ব্যবসায় বিনিয়োগ থেকে আয়ের হার (%)** (কোটি টাকা)

| বছর | বিনিয়োগ | বিনিয়োগ থেকে আয় | বিনিয়োগ থেকে আয়ের হার (%) |
|---|---|---|---|
| ২০২২ | ৮৬৩২.৩৭ | ৬১৫.৬৮ | ৭.১৩ |
| ২০২৩ | ১০৫২৪.৯০ | ৫৩৫.০৭ | ৫.০৮ |

## বীমা দাবি এবং পরিশোধের পরিমাণ

বীমাকারীসমূহের একটি সাধারণ লক্ষ্য হচ্ছে তাদের বীমা গ্রাহকদের ঝুঁকির বিপরীতে নিরাপত্তা বিধান করা। বিদ্যমান আইন ও বিধি বিধান অনুসরণ করে এবং গ্রাহকের প্রত্যাশার সাথে ভারসাম্য বজায় রেখে একটি কার্যকর ঝুঁকি ব্যবস্থাপনা বীমাকারীর থাকা প্রয়োজন। যদিও এই প্রক্রিয়াটি অনেক জটিল কিন্তু তাৎক্ষণিকভাবে দাবি নিষ্পত্তি করলে গ্রাহকের সন্তুষ্টি বাড়বে এবং বীমা সেবার মান উন্নত হবে। বীমা দাবি নিষ্পত্তির জন্য অটোমেশন ব্যবস্থা এই পদ্ধতিকে সহায়তা করার জন্য কার্যকর মাধ্যম হতে পারে।

নন-লাইফে অধিকাংশ বীমা দাবির কারণ প্রায় একই রকম এবং বীমাকারীকে দাবি প্রদানের পূর্বে গ্রাহকের দায়ের হিসাব নির্ভুলভাবে করা দরকার। স্বভাবতই দাবি নিষ্পত্তিতে বিলম্ব হলে বীমাকারীকে অতিরিক্ত অর্থ ব্যয় করতে হয়। বীমাকারী কর্তৃক প্রদত্ত তথ্য থেকে দাবির পরিমাণ এবং দাবি পরিশোধের পরিমাণ দেখানো হয়েছে (সারণি ৪৭ এবং ৪৮)। বীমার উপ-শ্রেণিভিত্তিক বিভিন্ন দাবির রেশিও (ক্লেইম রেশিও) হিসাব করে দেখানো হয়েছে (সারণি ৪৯)। বীমাকারীর আর্থিক অবস্থা ক্লেইম রেশিও দ্বারা প্রভাবিত হয়। সম্পদ এবং দুর্ঘটনা বীমার জন্য দাবির রেশিও সাধারণত বেশি হয়ে থাকে। সারণি ৪৭ হতে দেখা যায় যে ২০২২ সালে মোট দাবি ২৫৩৬.৯৩ কোটি টাকা থেকে (বিগত বছরের অনিষ্পন্ন দাবি এবং চলতি বছরের উত্থাপিত দাবি) ২৬.৭৩% বৃদ্ধি পেয়ে ২০২৩ সালে ৩২১৪.৯২ কোটি টাকার হয়েছে।

সারণি ৪৭

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক মোট বীমা দাবির পরিমাণ** (কোটি টাকা)

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট দাবি |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ১৭০৯.২৯ | ৪৯১.০৬ | ১২৫.৪৪ | ২১১.১৪ | ২৫৩৬.৯৩ |
| ২০২৩ | ২২৮১.৫১ | ৫১১.৮২ | ১০৮.৮৬ | ৩১২.৭৪ | ৩২১৪.৯২ |

লেখচিত্র ৩৩

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণি ভিত্তিক দাবির পরিমাণ**




নন-লাইফ বীমা খাতে সবচেয়ে বেশি বীমা দাবি উত্থাপিত হয় অগ্নি খাতে। এখাতে ২০২২ সালে ১,৭০৯.২৯ কোটি টাকার বীমা দাবি উত্থাপিত হয়েছে যা মোট বীমা দাবির ৬৭.৩৭ শতাংশ (সারণি ৪৮ ও লেখচিত্র ৩৩)। ২০২২ সালে মেরিন, মটর ও বিবিধ

খাতে সম্মিলিত উত্থাপিত বীমা দাবির পরিমাণ ৮২৭.৬৪ কোটি টাকা যা মোট দাবির ৩২.৬২ শতাংশ। ২০২৩ সালে অগ্নি বীমা খাত উত্থাপিত দাবির পরিমাণ ২,২৮১.৫১ কোটি টাকা যা মোট দাবির ৭০.৯৭ শতাংশ এবং মেরিন, মোটর ও বিবিধ খাতে উত্থাপিত বীমা দাবির পরিমাণ ৯৩৩.৪২ কোটি টাকা যা মোট বীমা দাবির ২৯.০৩ শতাংশ।

সারণি ৪৮ এ দেখা যায় নন-লাইফ বীমা খাতে ২০২২ সালে দাবি ১০৯৮.৩৩ কোটি টাকা পরিশোধ করা হয়েছে। ২০২৩ সালে ১১৪২.৪৬ কোটি টাকা পরিশোধ করা হয়েছে।

সারণি ৪৮

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক মোট বীমা দাবি পরিশোধের পরিমাণ** (কোটি টাকা)

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট দাবি |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৭১৮.৮৬ | ২৪২.৯৩ | ৭৬.৯৭ | ৫৯.৫৭ | ১০৯৮.৩৩ |
| ২০২৩ | ৬৯১.১২ | ৩০১.৪৫ | ৫৯.১৫ | ৯০.৭৪ | ১১৪২.৪৬ |

সারণি ৪৯

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক ক্লেইম রেশিও (%)**

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | ক্লেইম রেশিও |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ২৬.৬৬ | ৮.৯১ | ২৮.৪৬ | ১৫.৩৬ | ১৭.৬৮ |
| ২০২৩ | ১৫.২১ | -৮.০১ | ২৪.২৯ | ২৩.৯৮ | ৬.৪৩ |

## পরিশোধিত বীমা দাবির শতকরা হার

পরিশোধিত বীমা দাবি যা উত্থাপিত বীমা দাবির বিপরীতে পরিশোধ করা হয়েছে। সারণি ৫০ এ নন-লাইফ বীমা খাতে পরিশোধিত বীমা দাবির হার বিধৃত রয়েছে। ২০২২ সালে উত্থাপিত বীমা দাবির বিপরীতে পরিশোধিত বীমা দাবির পরিমাণের হার ছিল ৪৩.২৯% যার মধ্যে মটর খাতে সর্বাধিক ৬১.৩৬% বীমা দাবি পরিশোধ করা হয়েছে অন্যদিকে মেরিন বীমা খাতে উত্থাপিত বীমা দাবির ৪৯.৪৭% পরিশোধ করা হয়েছে।

২০২৩ সালে বীমা দাবি পরিশোধ করা হয়েছে যার পরিমাণ উত্থাপিত মোট বীমা দাবির ৩৫.৫৪%। ২০২৩ সালে মেরিন বীমা খাতে বীমা দাবি পরিশোধ করা হয়েছে ৫৮.৯০% অন্যদিকে মোটর খাতে ৫৪.৩৪% বীমা দাবি পরিশোধ করা হয়েছে।

সারণি ৫০

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক মোট বীমা দাবি পরিশোধের হার (%)**

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট দাবি নিষ্পত্তির হার |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৪২.০৬ | ৪৯.৪৭ | ৬১.৩৬ | ২৮.২১ | ৪৩.২৯ |
| ২০২৩ | ৩০.২৯ | ৫৮.৯০ | ৫৪.৩৪ | ২৯.০২ | ৩৫.৫৪ |

## দাবির সংখ্যা

সারণি ৫১ এ দেখা যায় যে, ২০২২ সালের ৪৩,৭৮০টি হতে ২৪.৭৩% বৃদ্ধি পেয়ে ২০২৩ সালে মোট দাবির সংখ্যা হয় ৫৪,৮৮৪টি (লেখচিত্র ৩৪)। এ শিল্পে ২০২২ সালে ৩,৭৯১টি সংখ্যক অগ্নি বীমা দাবি ছিল যা ২০২৩ সালে বেড়ে ৪,২৬৫টি হয়। বাংলাদেশে স্বাস্থ্য বীমা বিবিধ বীমার অন্তর্ভূক্ত। তাই স্বাস্থ্য বীমা জনপ্রিয় হলে বিবিধ বীমা দাবির সংখ্যা বৃদ্ধি পাবে।

সারণি ৫১

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক মোট বীমা দাবির সংখ্যা**

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট দাবি |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৩৭৯১ | ১০৩৩২ | ৯৭২২ | ১৯৯৩৫ | ৪৩৭৮০ |
| ২০২৩ | ৪২৬৫ | ৯৬৯৩ | ৮৫২৯ | ৩২৩৯৭ | ৫৪৮৮৪ |

<u>লেখচিত্র ৩৪</u>

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণি ভিত্তিক দাবির সংখ্যা**




সারণি ৫২ এ দেখা যায়, নন-লাইফ বীমা শিল্পে ২০২২ ও ২০২৩ সালে বীমা দাবি নিষ্পত্তির হার সংখ্যায় ৭৩%-৭৭% এবং দাবির পরিমাণ (টাকায়) হিসেবে নিষ্পত্তি হার মাত্র ৩৫%-৪৩% হয়েছে, কারণ বড় বড় অংকের অগ্নি বীমা দাবি পরিশোধের হার সন্তোষজনক নয়।

<u>সারণি ৫২</u>

**নন-লাইফ বীমা ব্যবসায় উপ-শ্রেণিভিত্তিক মোট বীমা দাবির পরিশোধের সংখ্যা এবং পরিশোধের হার (%)**

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট দাবি নিষ্পত্তি |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ১৫৭৬ | ৫৮৬০ | ৬১৬১ | ১৮৪০৩ | ৩২০০০ |
| | (৪১.৫৭) | (৫৬.৭২) | (৬৩.৩৭) | (৯২.৩২) | (৭৩.০৯) |
| ২০২৩ | ১৯৫৯ | ৬০০৪ | ৫৬৬৪ | ২৮৫৫২ | ৪২১৭৯ |
| | (৪৫.৯৩) | (৬১.৯৪) | (৬৬.৪১) | (৮৮.১৩) | (৭৬.৮৫) |

নোট: বন্ধনীর মধ্যে সংখ্যা নিষ্পত্তির শতকরা হার নির্দেশ করে।

## বীমাকারীর শাখা

বীমা ব্যবসা বৃদ্ধির কারণে দেশ জুড়ে বিস্তৃত বীমা প্রতিষ্ঠানসমূহের শাখা সম্প্রসারণের প্রবৃদ্ধি গ্রাহকদের মধ্যে বীমা সেবা বিতরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। ২০২১ সালে বীমা প্রতিষ্ঠানসমূহের শাখার সংখ্যা ছিল ১,৪৭৩টি, ২০২২ সালে ৬২টি নতুন শাখা যুক্ত করে মোট শাখার সংখ্যা ১,৫৩৫টি হয়েছে এবং ২০২৩ সালে ৫০টি শাখা বন্ধ হয়ে মোট শাখার সংখ্যা দাড়াঁয় ১,৪৮৫টি (লেখচিত্র ৩৫)।

লেখচিত্র ৩৫

**নন-লাইফ বীমা ব্যবসায় বীমাকারীর শাখার সংখ্যা**




**এজেন্ট**

২০২২ সালে নন-লাইফ বীমা শিল্পে এজেন্টের মোট সংখ্যা ২,৩১৭ জন ছিল ২০২৩ সালে বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২,৩৬৫ জন। (লেখচিত্র ৩৬)।

লেখচিত্র ৩৬

**নন-লাইফ বীমা ব্যবসায় এজেন্টের সংখ্যা**




প্রকৃত পক্ষে নন-লাইফ বীমা শিল্পে বীমাকারীসমূহ এজেন্টের পরিবর্তে উন্নয়ন কর্মকর্তাকে ব্যবহার করছে এবং বীমা ব্যবসা সংগ্রহের জন্য উন্নয়ন কর্মকর্তাকে কমিশন প্রদান করে বীমা আইন ২০১০ এর ৫৮ ধারা লঙ্ঘন করছে এবং নন-লাইফ বীমা খাতে এজেন্টের সংখ্যা হ্রাসের মূল কারণ ছিল এই কমিশন ব্যবস্থা।

**জনবল**

সারণি ৫৩ এ দেখা যায় যে, নন-লাইফ বীমা শিল্পে মোট কর্মচারীর সংখ্যা ২০২২ সালের মধ্যে ২০,৭০৩ জন ছিল এবং ২০২৩ সালে হ্রাস পেয়ে হয় ২০,০৯২ জন। প্রতি বছর হাজার সংখ্যক কর্মী নিয়োগ করা হয়েছিল এবং প্রায় একই সংখ্যক কর্মচারী অব্যাহতি/ছাঁটাই করা হয়েছে।

সারণি ৫৩

নন-লাইফ বীমাকারীর মোট জনবলের সংখ্যা

| বছর | বছরের শুরুতে | নতুন নিয়োগ | অব্যাহতি | বছরের শেষে |
|---|---|---|---|---|
| ২০২২ | ১৯৯৫২ | ২১৮২ | ১৪৩১ | ২০৭০৩ |
| ২০২৩ | ২০৭০৩ | ২০৯৮ | ২৭০৯ | ২০০৯২ |

## পরিশোধিত মূলধন

২০২২ সালে নন-লাইফ বীমাকারীর মোট পরিশোধিত মূলধন ছিল ২,৪৪৮.৮৭ কোটি টাকা এবং ২০২৩ সালে তা অপরিবর্তিত ছিল (সারণি ৫৪)।

সারণি ৫৪

নন-লাইফ বীমাকারীর পরিশোধিত মূলধন (কোটি টাকা)

| বছর | স্পনসর | পাবলিক | মোট পরিশোধিত মূলধন |
|---|---|---|---|
| ২০২২ | ৮৫৫.৭৯ | ১৫৯৩.০৮ | ২৪৪৮.৮৭ |
| ২০২৩ | ৮৩৫.৪৬ | ১৬১৩.৪১ | ২৪৪৮.৮৭ |

## সরকারি রাজস্ব

### স্ট্যাম্প ডিউটি

বীমা প্রতিষ্ঠানসমূহ বিভিন্ন পলিসি ইস্যু করে স্ট্যাম্প ডিউটি প্রদান করে থাকে। ৪৬টি নন-লাইফ বীমাকারী ২০২২ সালে ১৩৮.৯৫ কোটি টাকা প্রদান করলেও ২০২৩ সালে হ্রাস পেয়ে ৬৮.২৯ কোটি টাকা স্ট্যাম্প ডিউটি বাবদ সরকারি কোষাগারে জমা প্রদান করেছে (সারণি ৫৫)।

সারণি ৫৫

নন-লাইফ বীমাকারী কর্তৃক স্ট্যাম্প ডিউটি পরিশোধ (কোটি টাকা)

| বছর | অগ্নি | মেরিন | মোটর | বিবিধ | মোট স্ট্যাম্প ডিউটি |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৫.০৫ | ১৩১.৭১ | ০.৭৩ | ১.৪৬ | ১৩৮.৯৫ |
| ২০২৩ | ১২.৫১ | ৫২.৩৪ | ১.৮৫ | ১.৫৯ | ৬৮.২৯ |

### ট্যাক্স এবং ভ্যাট

বীমা প্রতিষ্ঠানসমূহ কর্পোরেট ট্যাক্স, ভ্যাট, টিডিএস এবং ভিডিএস প্রদান করে থাকে। ৪৬টি নন-লাইফ বীমাকারী কর্তৃক ২০২২ ও ২০২৩ সালের ট্যাক্স, ভ্যাট, টিডিএস এবং ভিডিএস প্রদানের হিসাব সারণি ৫৬ উল্লেখ করা হয়েছে। ২০২২ সালে ৪৬টি নন-লাইফ বীমাকারী ১০০৬.২৯ কোটি টাকা প্রদান করে যা ২০২৩ সালে হ্রাস পেয়ে ৯৩০.১৩ কোটি টাকা সরকারি কোষাগারে জমা প্রদান করেছে।

সারণি ৫৬

নন-লাইফ বীমাকারী কর্তৃক ট্যাক্স, ভ্যাট, টিডিএস ও ভিডিএস পরিশোধ (কোটি টাকা)

| বছর | ট্যাক্স | ভ্যাট | টিডিএস | ভিডিএস | মোট |
|---|---|---|---|---|---|
| ২০২২ | ৩৭৯.১৬ | ৫০৪.৬৬ | ৯৭.১১ | ২৫.৩৫ | ১০০৬.২৯ |
| ২০২৩ | ৩৭০.৩৯ | ৪৩৫.৩১ | ১০৬.৮৫ | ১৭.৫৭ | ৯৩০.১৩ |

সংযুক্তি ১

**বীমা ব্যবসায় নিবন্ধিত লাইফ বীমাকারীর তালিকা এবং স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্তির বিবরণ**

| ক্রমিক নং | বীমাকারীর নাম | নিবন্ধন বছর | বীমাকারীর স্ট্যাটাস |
|---|---|---|---|
| ১ | জেবিসি | ১৯৭৩ | রাষ্ট্রীয় প্রতিষ্ঠান |
| ২ | মেটলাইফ | ১৯৭৪ | বিদেশী কোম্পানি |
| ৩ | ন্যাশনাল | ১৯৮৫ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪ | ডেল্টা | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৫ | সন্ধানী | ১৯৯০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৬ | মেঘনা | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৭ | ফারইষ্ট ইসলামী | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৮ | পদ্মা ইসলামী | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৯ | পপুলার | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১০ | প্রগতি | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১১ | প্রাইম ইসলামী | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১২ | প্রগ্রেসিভ | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৩ | রূপালী | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৪ | সানলাইফ | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৫ | বায়রা লাইফ | ২০০০ | তালিকাভুক্ত নয় |
| ১৬ | গোল্ডেন | ১৯৯৯ | তালিকাভুক্ত নয় |
| ১৭ | হোমল্যান্ড | ১৯৯৬ | তালিকাভুক্ত নয় |
| ১৮ | সানফ্লাওয়ার | ২০০০ | তালিকাভুক্ত নয় |
| ১৯ | বেস্ট | ২০১৩ | তালিকাভুক্ত নয় |
| ২০ | চার্টার্ড | ২০১৩ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২১ | বেঙ্গাল ইসলামী | ২০১৩ | তালিকাভুক্ত নয় |
| ২২ | প্রটেক্টিভ ইসলামী | ২০১৩ | তালিকাভুক্ত নয় |
| ২৩ | সোনালী লাইফ | ২০১৩ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৪ | জেনীথ ইসলামী | ২০১৩ | তালিকাভুক্ত নয় |
| ২৫ | আলফা ইসলামী | ২০১৪ | তালিকাভুক্ত নয় |
| ২৬ | ডায়মন্ড | ২০১৪ | তালিকাভুক্ত নয় |
| ২৭ | গার্ডিয়ান | ২০১৪ | তালিকাভুক্ত নয় |
| ২৮ | যমুনা | ২০১৪ | তালিকাভুক্ত নয় |
| ২৯ | মার্কেন্টাইল ইসলামী | ২০১৪ | তালিকাভুক্ত নয় |
| ৩০ | স্বদেশ | ২০১৪ | তালিকাভুক্ত নয় |
| ৩১ | ট্রাস্ট ইসলামী | ২০১৪ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩২ | এলআইসি (বাংলাদেশ) লি: | ২০১৬ | তালিকাভুক্ত নয় |
| ৩৩ | আস্থা | ২০১৯ | তালিকাভুক্ত নয় |
| ৩৪ | আকিজ তাকাফুল | ২০২২ | তালিকাভুক্ত নয় |
| ৩৫ | এনআরবি ইসলামী | ২০২২ | তালিকাভুক্ত নয় |
| ৩৬ | শান্তা লাইফ | ২০২৩ | তালিকাভুক্ত নয় |

সংযুক্তি ২

**বীমা ব্যবসায় নিবন্ধিত নন-লাইফ বীমাকারীর তালিকা এবং স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্তির বিবরণ**

| ক্রমিক নং | বীমাকারীর নাম | নিবন্ধন বছর | বীমাকারীর স্ট্যাটাস |
|---|---|---|---|
| ১ | এসবিসি | ১৯৭৩ | রাষ্ট্রীয় প্রতিষ্ঠান |
| ২ | গ্রীনডেল্টা | ১৯৮৫ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩ | বিজিআইসি | ১৯৮৫ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪ | ইউনাইটেড | ১৯৮৫ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৫ | পিপলস | ১৯৮৫ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৬ | ইষ্টার্ণ | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৭ | ইস্টল্যান্ড | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৮ | প্রগতি | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৯ | কর্ণফুলি | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১০ | ফিনিক্স | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১১ | জনতা | ১৯৮৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১২ | সেন্ট্রাল | ১৯৮৭ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৩ | ফেডারেল | ১৯৮৭ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৪ | রূপালী | ১৯৮৮ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৫ | রিলায়েন্স | ১৯৮৮ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৬ | পুরবী | ১৯৮৮ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৭ | পাইওনিয়ার | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৮ | সিটি জেনারেল | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ১৯ | প্রভাতী | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২০ | প্রাইম | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২১ | বাংলাদেশ ন্যাশনাল | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২২ | মার্কেন্টাইল | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৩ | নর্দার্ন জেনারেল | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৪ | ইসলামী ইন্স্যুরেন্স বাংলাদেশ | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৫ | নিটল | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৬ | স্ট্যান্ডার্ড | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৭ | প্যারামাউন্ট | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৮ | রিপাবলিক | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ২৯ | এশিয়া প্যাসিফিক | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩০ | কন্টিনেন্টাল | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩১ | এশিয়া | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩২ | ঢাকা | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩৩ | সোনার বাংলা | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩৪ | অগ্রণী | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩৫ | গ্লোবাল | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩৬ | তাকাফুল ইসলামী | ২০০১ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩৭ | বিডি কো-অপারেটিভ | ১৯৮৫ | প্রযোজ্য নয় |
| ৩৮ | ক্রিষ্ট্যাল | ১৯৯৯ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৩৯ | মেঘনা | ১৯৯৬ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪০ | সাউথ এশিয়া | ১৯৯৯ | তালিকাভুক্ত নয় |
| ৪১ | ইসলামী কমার্শিয়াল | ১৯৯৯ | তালিকাভুক্ত নয় |
| ৪২ | ইউনিয়ন | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪৩ | দেশ জেনারেল | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪৪ | এক্সপ্রেস | ২০০০ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪৫ | সেনাকল্যাণ | ২০১৩ | স্টক এক্সচেঞ্জসমূহে তালিকাভুক্ত |
| ৪৬ | সিকদার | ২০১৩ | তালিকাভুক্ত নয় |

সংযুক্তি ৩

**বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ গঠনের পর হতে অনুমোদিত লাইফ বীমা পরিকল্প**

| ক্রমিক | কোম্পানির নাম | পরিকল্পের নাম | অনুমোদনের তারিখ |
|---|---|---|---|
| ১ | আলফা ইসলামী | সঞ্চয়ী বীমা (মুনাফাসহ) | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| | | চার কিস্তি বীমা (মুনাফাসহ) | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| | | শিশু নিরাপত্তা বীমা (মুনাফাসহ) | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| | | একক প্রিমিয়াম সঞ্চয়ী বীমা মুনাফাসহ | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| | | পেনশন বীমা (মুনাফাসহ) | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| | | দুর্ঘটনাজনিত মৃত্যু বীমা (এডিবি), সহযোগী বীমা | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| | | স্থায়ী অক্ষমতা ও দূর্ঘটনাজনিত মৃত্যু বীমা (পিএডিবি), সহযোগী বীমা | ১৬ সেপ্টেম্বর ২০১৪ |
| ২ | আস্থা | আস্থা সুরক্ষা (মুনাফাসহ) | ৩০ সেপ্টেম্বর ২০১৯ |
| | | আস্থা সময় সুরক্ষা (মুনাফাসহ) | ৩০ সেপ্টেম্বর ২০১৯ |
| | | আস্থা মানি ব্যাক টার্ম | ৩০ সেপ্টেম্বর ২০১৯ |
| ৩ | বায়রা | বায়রা লাইফের সকল বীমা পলিসির অনুমোদন বীমা অধিদপ্তর থেকে নেয়া হয়েছে। | |
| ৪ | বেস্ট লাইফ | প্রত্যাশিত মেয়াদী তিন কিস্তি বীমা (লাভসহ) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | সঞ্চয়ী বীমা পরিকল্প (লাভযুক্ত) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | সঞ্চয়ী বীমা পরিকল্প (লাভবিহীন) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | প্রিমিয়াম ফেরৎ বীমা পরিকল্প (নিশ্চিত লাভযুক্ত) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | শিশু নিরাপত্তা বীমা পরিকল্প (লাভযুক্ত) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | দ্বিগুন প্রদান একক সঞ্চয়ী বীমা পরিকল্প | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | শিক্ষা ব্যয় বীমা পরিকল্প (লাভযুক্ত) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | হজ্ব বীমা পরিকল্প (লাভযুক্ত) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | দেনমোহর বীমা পরিকল্প (লাভযুক্ত) | ০৬ ফেব্রুয়ারি ২০১৩ |
| ৫ | চার্টার্ড লাইফ | তিন কিস্তি বীমা (মুনাফাসহ) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | পাঁচ কিস্তি বীমা (মুনাফাসহ) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | মেয়াদী বীমা (মুনাফাসহ) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | মেয়াদী বীমা (মুনাফা বিহীন) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | মানি ব্যাক বীমা | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | এক কিস্তি বীমা (মুনাফা বিহীন) | ২৩ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | পেনশন বীমা (মুনাফা বিহীন) | ২৩ ফেব্রুয়ারি ২০১৪ |

| | | | |
|---|---|---|---|
| | | শিশু শিক্ষা বীমা (মুনাফা বিহীন) | ২৩ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | শিশু শিক্ষা বীমা (মুনাফাসহ) | ২৩ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা (মুনাফাসহ) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | হজ্জ বীমা (মুনাফাসহ) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | দেনমোহর বীমা (মুনাফাসহ) | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | গ্রুপ সাময়িক বীমা (মুনাফা বিহীন) | ২৩ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | গ্রুপ মেয়াদী বীমা (মুনাফাসহ) | ২৩ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | জনশক্তি রপ্তানি বীমা | ১১ ডিসেম্বর ২০১৩ |
| | | গ্রুপ স্বাস্থ্য বীমা | ২৬ সেপ্টেম্বর ২০১৬ |
| | | চার্টার্ড নিরাপত্ত বীমা | ০৬ অক্টোবর ২০২১ |
| | | চার্টার্ড ক্রিটিকাল ইলনেস প্রটেকশন প্ল্যান-সুরক্ষা | ০৭ মে ২০২৩ |
| ৬ | ডায়মন্ড লাইফ | প্রত্যাশিত মেয়াদি তিন কিস্তি বীমা (লাভসহ) | ০১ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | প্রত্যাশিত মেয়াদি চার কিস্তি বীমা (লাভসহ) | ০১ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | প্রত্যাশিত মেয়াদি পাঁচ কিস্তি বীমা (লাভসহ) | ০১ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | সাধারণ মেয়াদি বীমা পরিকল্প (লাভসহ) | ০১ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | সাধারণ মেয়াদি বীমা পরিকল্প (লাভ বিহীন) | ০১ ফেব্রুয়ারি ২০১৪ |
| ৭ | ডেল্টা লাইফ | মাসিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) ক্ষুদ্র বীমা | ৭ জানুয়ারি ২০১৫ |
| | | ত্রৈমাসিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) ক্ষুদ্র বীমা | ৭ জানুয়ারি ২০১৫ |
| | | অর্ধবার্ষিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) | ৭ জানুয়ারি ২০১৫ |
| | | বার্ষিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) | ৭ জানুয়ারি ২০১৫ |
| | | মেয়াদভিত্তিক আমুলিয়া জীবন বীমা পরিকল্প | ৭ জানুয়ারি ২০১৫ |
| | | সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) ক্ষুদ্র বীমা | ২৩ ডিসেম্বর ২০১৯ |
| ৮ | ফারইষ্ট ইসলামী | মেয়াদ ভিত্তিক বীমা পরিকল্প (মুনাফাবিহীন) | ২২ সেপ্টেম্বর ২০১৪ |
| | | মাসিক কিস্তি বীমা পরিকল্প (মুনাফাসহ) | ২২ সেপ্টেম্বর ২০১৪ |
| | | কিস্তি বীমা পরিকল্প (মুনাফাসহ) | ২২ সেপ্টেম্বর ২০১৪ |
| | | স্বাস্থ্য গোষ্ঠী বীমা স্কিম | ২২ সেপ্টেম্বর ২০১৪ |
| | | স্বাস্থ্য সেবা বীমা (ব্যক্তিগত জীবন) | ২২ সেপ্টেম্বর ২০১৪ |
| ৯ | গোল্ডেন লাইফ | গোল্ডেন লাইফের সকল বীমা পলিসির অনুমোদন বীমা অধিদপ্তর থেকে নেয়া হয়েছে। | |
| ১০ | গার্ডিয়ান লাইফ | তাকাফুল এন্টিসিপেটেড এন্ডোলমেন্ট এস্যুরেন্স প্লান (একক) | ২৩ জানুয়ারি ২০২৪ |

| | | | |
|---|---|---|---|
| | | তাকাফুল এন্টিসিপেটেড এন্ডোলমেন্ট এস্যুরেন্স ইন্স্যুরেন্স প্লান (৫ কিস্তি) | ২৩ জানুয়ারি ২০২৪ |
| | | তাকাফুল এন্টিসিপেটেড এন্ডোলমেন্ট এস্যুরেন্স ইন্স্যুরেন্স প্লান (৪ কিস্তি) | ২৩ জানুয়ারি ২০২৪ |
| | | তাকাফুল এন্টিসিপেটেড এন্ডোলমেন্ট এস্যুরেন্স ইন্স্যুরেন্স প্লান (৩ কিস্তি) | ২৩ জানুয়ারি ২০২৪ |
| | | তাকাফুল এন্ডোলমেন্ট ইন্স্যুরেন্স প্লান (মাসিক সঞ্চয়) | ২৩ জানুয়ারি ২০২৪ |
| | | তাকাফুল ওর্ডিনারি এন্ডোলমেন্ট এস্যুরেন্স প্লান (একক) | ২৩ জানুয়ারি ২০২৪ |
| | | একক স্ট্যান্ডএলোন হেলথ্ প্লান (কার্ডিয়াক প্লান) | ২২ নভেম্বর ২০২৩ |
| | | গ্রুপ পেনশন প্লান (ডিফাইন্ড কন্ট্রিবিউশন) | ২২ নভেম্বর ২০২৩ |
| | | এন্টিসিপেটেড এন্ডোলমেন্ট এস্যুরেন্স প্লান(রেগুলার ইনকাম প্লান) | ২২ নভেম্বর ২০২৩ |
| | | ডিপোজিট প্রোটেকশন প্লান (গ্রুপ) | ০৯ জানুয়ারি ২০২৩ |
| | | এন্টিসিপেটেড ইন্ডোলমেন্ট এস্যুরেন্স প্লান (একক চাইল্ড প্লান) | ০৯ জানুয়ারি ২০২৩ |
| | | সঞ্চয়ী নিরাপত্তা বীমা | ০৯ জানুয়ারি ২০২৩ |
| | | গার্ডিয়ান প্রজন্ম | ০৯ জানুয়ারি ২০২৩ |
| | | গার্ডিয়ান ক্যান্সার কেয়ার | ০৬ জুন ২০২২ |
| | | আজীবন পেনশন প্ল্যান | ২৯ আগস্ট ২০২১ |
| | | কী পার্সন ইন্স্যুরেন্স | ১৯ নভেম্বর ২০২০ |
| | | গার্ডিয়ান শিল্ড | ১৯ নভেম্বর ২০২০ |
| | | ইজিলাইফ স্পেশাল বীমা | ১৯ নভেম্বর ২০২০ |
| | | গ্রুপ টার্ম ইন্স্যুরেন্স | ১৯ নভেম্বর ২০২০ |
| | | সঞ্চয়ী নিরাপত্তা বীমা | ২১ সেপ্টেম্বর ২০২০ |
| | | মেয়াদী গোষ্ঠী বীমা | ২১ সেপ্টেম্বর ২০২০ |
| | | গোষ্ঠী বীমা | ০৬ অক্টোবর ২০১৯ |
| | | বরোয়ার্স স্কিম-ক্রেডিট শিল্ড বীমা পরিকল্প | ২১ অক্টোবর ২০১৯ |
| | | ক্রেডিট শিল্ড ঋণ বীমা পরিকল্প | ২৭ ডিসেম্বর ২০১৮ |
| | | সহজ জীবন বীমা | ৩১ মে ২০১৮ |
| | | সহজ জীবন প্লাস বীমা | ৩১ মে ২০১৮ |
| | | বিশেষ সহজ বীমা | ৩১ মে ২০১৮ |
| | | বিশেষ সহজ জীবন প্লাস বীমা | ৩১ মে ২০১৮ |

| | | | |
|---|---|---|---|
| | | মাসিক সঞ্চয়ী ক্ষুদ্র বীমা পরিকল্প (মুনাফাসহ) | ৬ আগস্ট ২০১৪ |
| | | মাসিক সঞ্চয়ী ক্ষুদ্র বীমা পরিকল্প (মুনাফাবিহীন) | ৬ আগস্ট ২০১৪ |
| | | চার কিস্তি বীমা | ১১ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | এককালীন মেয়াদী বীমা | ১১ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | পেনশন বীমা | ১১ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | গোষ্ঠী বীমা | ১১ ফেব্রুয়ারি ২০১৩ |
| | | গার্ডিয়ান প্রবৃদ্ধি | ৬ আগস্ট ২০১৭ |
| | | গার্ডিয়ান সমৃদ্ধি | ৬ আগস্ট ২০১৭ |
| | | এককালীন মেয়াদী বীমা (গার্ডিয়ান সুরক্ষা) | ৬ আগস্ট ২০১৭ |
| | | গার্ডিয়ান সঞ্চয় | ১০ নভেম্বর ২০১৪ |
| | | ব্রাক ব্যাংক এসএমই ঋণ নিরাপত্তা বীমা পরিকল্প | ১০ নভেম্বর ২০১৪ |
| | | পাঁচ কিস্তি মেয়াদি বীমা | ২৫ সেপ্টেম্বর ২০১৩ |
| | | তিন কিস্তি মেয়াদি বীমা | ২৫ সেপ্টেম্বর ২০১৩ |
| ১১ | হোমল্যান্ড লাইফ | হোমল্যান্ড লাইফের সকল বীমা পলিসির অনুমোদন বীমা অধিদপ্তর থেকে নেয়া হয়েছে। | |
| ১২ | যমুনা লাইফ | এক কিস্তি বীমা পরিকল্প (মুনাফা বিহীন) | ২৯ মার্চ ২০১৬ |
| | | এস্যুরেন্স কাম পেনশন বীমা পরিকল্প (মুনাফা বিহীন) | ২৯ মার্চ ২০১৬ |
| | | মেয়াদী গোষ্ঠী বীমা | ২৯ মার্চ ২০১৬ |
| | | শিশু নিরাপত্তা বীমা পরিকল্প (মুনাফাসহ) | ২৯ মার্চ ২০১৬ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) | ২০ নভেম্বর ২০১৭ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফা বিহীন) | ২০ নভেম্বর ২০১৭ |
| | | মেয়াদী বীমা | ২৪ নভেম্বর ২০১৪ |
| | | প্রত্যাশিত মেয়াদী বীমা (তিন কিস্তি) | ২৪ নভেম্বর ২০১৪ |
| | | প্রত্যাশিত মেয়াদী বীমা (পাঁচ কিস্তি ) | ২৪ নভেম্বর ২০১৪ |
| | | সমাহার বীমা (নিশ্চিত লাভসহ) | ২৪ নভেম্বর ২০১৪ |
| | | সঞ্চয়ী বীমা (লাভ বিহীন) | ২৪ নভেম্বর ২০১৪ |
| ১৩ | জীবন বীমা কর্পোরেশন | দেনমোহর বীমা | ০৮ অক্টোবর ২০২৩ |
| | | জেবিসি মেজর ডিজিসেস রাইডার | ১৫ জানুয়ারি ২০২৩ |
| | | জেবিসি ওয়েভার অফ প্রিমিয়াম রাইডার | ১৫ জানুয়ারি ২০২৩ |
| | | জেবিসি হেলথ্ ইন্স্যুরেন্স রাইডার | ১৫ জানুয়ারি ২০২৩ |
| | | সার্বজনীন পেনশন পলিসি (লাভসহ) | ৫ অক্টোবর ২০২০ |

| | | | |
|---|---|---|---|
| | | সামাজিক নিরাপত্তা বীমা (লাভসহ) | ৩ জুলাই ২০১১ |
| | | প্রবাসী বীমা | ০২ অক্টোবর ২০১১ |
| | | প্রমিলা ডিপিএস (লাভসহ) | ১৮ ডিসেম্বর ২০১৭ |
| | | হজ্ব বীমা স্কীম (লাভসহ) | ১৮ ডিসেম্বর ২০১৭ |
| | | প্রবাসী কর্মী বীমা (চুক্তি স্বাক্ষরের তারিখ) | ১১ ডিসেম্বর ২০১৯ |
| ১৪ | লাইফ ইন্স্যুরেন্স কর্পোরেশন অব বাংলাদেশ | ক্রিটিক্যাল ইলনেস রাইডার | ২৮ জানুয়ারি ২০২৪ |
| | | এল আই সি জীবন বীমা | ২০ জুলাই ২০২৩ |
| | | এল আই সি জীবন শান্তি | ১১ সেপ্টেম্বর ২০২২ |
| | | এল আই সি জীবন স্বপ্ন | ১১ সেপ্টেম্বর ২০২২ |
| | | এল আই সি জীবন সুরক্ষা | ১১ সেপ্টেম্বর ২০২২ |
| | | এল আই সি জীবন তিলোত্তমা | ০৭ ফেব্রুয়ারি ২০২১ |
| | | এল আই সি জীবন রক্ষক | ২১ ডিসেম্বর ২০১৫ |
| | | এল আই সি সিঙ্গেল প্রিমিয়াম এন্ডোমেন্ট প্লান্ট | ২১ ডিসেম্বর ২০১৫ |
| | | এল আই সি জীবন আনন্দ | ২১ ডিসেম্বর ২০১৫ |
| | | এল আই সি মানি ব্যাক প্লান্ট ২৫ বছর | ২১ ডিসেম্বর ২০১৫ |
| | | এল আই সি মানি ব্যাক প্লান্ট ২০ বছর | ২১ ডিসেম্বর ২০১৫ |
| | | এল আই সি ১ বছর মেয়াদী গ্রুপ প্লান | ১৭ জানুয়ারি ২০১৭ |
| | | এল আই সি সিঙ্গেল প্রিমিয়াম গ্রুপ প্লান | ১৭ জানুয়ারি ২০১৭ |
| | | এল আই সি গ্রুপ ক্রেডিট লাইফ ইন্স্যুরেন্স প্লান | ১৭ জানুয়ারি ২০১৭ |
| | | এল আই সি পেনশন প্লান | ১৭ ডিসেম্বর ২০১৭ |
| | | এল আই সি বীমা ডায়মন্ড | ৩০ জুলাই ২০১৮ |
| | | এল আই সি ইয়ং সিটিজেন প্লান | ১৪ সেপ্টেম্বর ২০১৮ |
| | | এল আই সি গ্রো ফাস্ট | ০২ অক্টোবর ২০১৯ |
| | | এল আই সি হেলথ প্লাস | ১০ ডিসেম্বর ২০১৯ |
| ১৫ | মেঘনা লাইফ | হজ্ব বীমা পরিকল্প (লাভযুক্ত) | ২৫ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | একক বীমা পরিকল্প (লাভবিহীন) | ২৫ ফেব্রুয়ারি ২০১৪ |
| | | দেনমোহর বীমা পরিকল্প (লাভযুক্ত) | ২৫ ফেব্রুয়ারি ২০১৪ |
| ১৬ | মার্কেন্টাইল ইসলামী | দ্বি-বার্ষিক বীমা | ২৫ সেপ্টেম্বর ২০১৩ |
| | | মেয়াদী বীমা (মুনাফাসহ) | ২৫ সেপ্টেম্বর ২০১৩ |
| | | তিন কিস্তি বীমা | ২৫ সেপ্টেম্বর ২০১৩ |

| | | | |
|---|---|---|---|
| | | চার কিস্তি বীমা | ২৫ সেপ্টেম্বর ২০১৩ |
| | | পাঁচ কিস্তি বীমা | ২৪ মে ২০১৬ |
| | | হজ্ব বীমা (মুনাফাসহ) | ২৪ মে ২০১৬ |
| | | দেনমোহর বীমা (মুনাফাসহ) | ২৪ মে ২০১৬ |
| | | শিশু নিরাপত্তা বীমা (মুনাফাসহ) | ২৪ মে ২০১৬ |
| | | এক কিস্তি বীমা(মুনাফা বিহীন) | ২৪ মে ২০১৬ |
| | | মেয়াদী গোষ্ঠী বীমা (প্রতি বছর নবায়ন যোগ্য) | ২৪ মে ২০১৬ |
| | | মেয়াদী গোষ্ঠী বীমা | ২৪ মে ২০১৬ |
| | | পেনশন বীমা | ২৪ মে ২০১৬ |
| | | সহযোগী গোষ্ঠী বীমা (মুনাফা বিহীন) | ২৪ মে ২০১৬ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা (মুনাফাসহ) | ২৪ মে ২০১৬ |
| | | মার্কেন্টাইল সঞ্চয়ী বীমাপ্লান (মুনাফা বিহীন) | ২৪ মে ২০১৬ |
| ১৭ | মেট লাইফ | মেটলাইফ ডিপজিটরস প্রটেকশন স্কিম | ১৬ জানুয়ারি ২০২২ |
| | | মাই চাইল্ড'স এডুকেশন প্রটেকশন প্ল্যান | ১০ অক্টোবর ২০২২ |
| | | ক্রিটিক্যাল ইলনেস ইন্স্যুরেন্স প্রটেকশন প্ল্যান (সিআইআই পিপি) | ৭ সেপ্টেম্বর ২০২১ |
| | | হজ এবং ওমরাহ্ প্ল্যান | ১৪ ফেব্রুয়ারি ২০২১ |
| | | প্রিমিয়াম ফেরত যোগ্য মারাত্মক অসুস্থতাজনিত বীমা (সিআই আরঅপি) | ১ ডিসেম্বর, ২০১৩ |
| | | এক কিস্তি জমা নিরাপত্তা স্কিম (এসডিপিএস) | ১ ডিসেম্বর, ২০১৩ |
| | | সেবা বীমা পরিকল্প | ১ ডিসেম্বর, ২০১৩ |
| ১৮ | ন্যাশনাল লাইফ | এ্যাস্যুরেন্স কাম পেনশন (মুনাফাবিহীন) | ৭ ডিসেম্বর, ২০১৫ |
| | | মাসিক সঞ্চয়ী ক্ষুদ্রবীমা-এম.ডি.এম. এই (লাভযুক্ত) | ৭ ডিসেম্বর, ২০১৫ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা-এম.এস.আই (লাভযুক্ত) | ১৯ ডিসেম্বর, ২০১৭ |
| | | তিন কিস্তি বীমা | ৭ ডিসেম্বর, ২০১৫ |
| | | চার কিস্তি বীমা | ৭ ডিসেম্বর, ২০১৫ |
| ১৯ | বেঙ্গল ইসলামী লাইফ | মেয়াদী বীমা (মুনাফাযুক্ত) | ১০ সেপ্টেম্বর ২০১৩ |
| | | মেয়াদী বীমা (মুনাফা বিহীন) | ১০ সেপ্টেম্বর ২০১৩ |
| | | প্রত্যাশিত মেয়াদী বীমা (তিন কিস্তি) | ১০ সেপ্টেম্বর ২০১৩ |
| | | প্রত্যাশিত মেয়াদী বীমা (পাঁচ কিস্তি) | ১০ সেপ্টেম্বর ২০১৩ |
| | | মানিব্যাক পরিকল্প (নিশ্চিত মুনাফা) | ১০ সেপ্টেম্বর ২০১৩ |

| | | | |
|---|---|---|---|
| | | এককালীন বীমা (মুনাফা বিহীন) | ২৪ ডিসেম্বর ২০১৩ |
| | | শিশু নিরাপত্তা বীমা (মুনাফাযুক্ত) | ২৪ ডিসেম্বর ২০১৩ |
| | | পেনশন বীমা (মুনাফা বিহীন) | ২৪ ডিসেম্বর ২০১৩ |
| | | গ্রুপ জীবন ও স্বাস্থ্য বীমা | ২৪ ডিসেম্বর ২০১৩ |
| | | মাসিক সঞ্চয় বীমা (মুনাফাযুক্ত) | ০১ জুন ২০১৫ |
| | | দেনমোহর বীমা (সম্পূর্ণ সুদবিহীন) | ০১ জুন ২০১৫ |
| | | হজ্ব বীমা (সম্পূর্ণ সুদবিহীন) | ০১ জুন ২০১৫ |
| ২০ | পদ্মা ইসলামী | পদ্মা ইসলামী লাইফের সকল বীমা পলিসির অনুমোদন বীমা অধিদপ্তর থেকে নেয়া হয়েছে। | |
| ২১ | পপুলার লাইফ | পপুলার লাইফের সকল বীমা পলিসির অনুমোদন বীমা অধিদপ্তর থেকে নেয়া হয়েছে। | |
| | | বিদেশে গমনকারী বাংলাদেশীদের জন্য বীমা | ০৪ জানুয়ারি ২০২২ |
| ২২ | প্রাইম ইসলামী লাইফ | সহযোগী গোষ্ঠী স্বাস্থ্য বীমা স্কিম | ০৩ জুলাই ২০১৮ |
| | | পারিবারিক নিরাপত্তা বীমা | ১৭ নভেম্বর ২০১৪ |
| | | জনতা সঞ্চয়ী বীমা | ১৭ নভেম্বর ২০১৪ |
| ২৩ | প্রগতি লাইফ | ইউনিট লিংক লাইফ বীমা পরিকল্প | ১৭ জানুয়ারি ২০১১ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা পরিকল্প (মুনাফাসহ) | ০৬ মার্চ ২০১৯ |
| | | সাময়িক জীবন বীমা পরিকল্প (লাভ বিহীন) | ১৩ ফেব্রুয়ারি ২০১৯ |
| | | আন্তর্জাতিক চিকিৎসা-সেবা স্বাস্থ্য বীমা পলিসি | ১৩ ফেব্রুয়ারি ২০১৯ |
| ২৪ | প্রগ্রেসিভ লাইফ | প্রগ্রেসিভ লাইফের সকল বীমা পলিসির অনুমোদন বীমা অধিদপ্তর থেকে নেয়া হয়েছে। | |
| ২৫ | প্রোটেক্টিভ ইসলামী | পাঁচ কিস্তি বীমা (মুনাফাসহ) | ২৫ এপ্রিল ২০১৩ |
| | | চার কিস্তি বীমা (মুনাফাসহ) | ২৫ এপ্রিল ২০১৩ |
| | | বহু কিস্তি বীমা (মুনাফাসহ) | ২৫ এপ্রিল ২০১৩ |
| | | মেয়াদী বীমা (মুনাফাসহ) | ২৫ এপ্রিল ২০১৩ |
| | | তিন কিস্তি বীমা (মুনাফাসহ) | ২৫ এপ্রিল ২০১৩ |
| | | এক কিস্তি বীমা (মুনাফা বিহীন) | ২৫ এপ্রিল ২০১৩ |
| | | শিশু নিরাপত্তা বীমা (মুনাফাসহ) | ১২ অক্টোবর ২০১৪ |
| | | পেনশন বীমা (মুনাফা বিহীন) | ১২ অক্টোবর ২০১৪ |
| | | হজ্জ বীমা (মুনাফাসহ) | ১২ অক্টোবর ২০১৪ |
| | | দেনমোহর বীমা (মুনাফাসহ) | ১২ অক্টোবর ২০১৪ |
| | | মানিব্যাক বীমা (নিশ্চিত মুনাফাসহ) | ১২ অক্টোবর ২০১৪ |

| | | | |
|---|---|---|---|
| | | গ্রুপ মেয়াদী বীমা সহযোগী বীমাসহ (মুনাফা বিহীন) | ১৫ নভেম্বর ২০১৫ |
| | | গ্রুপ স্বাস্থ্য বীমা পরিকল্প | ১৫ নভেম্বর ২০১৫ |
| | | মাসিক সঞ্চয়ী বীমা (মুনাফাসহ) | ১২ জুলাই ২০১৭ |
| | | দুই কিস্তি মাসিক সঞ্চয়ী বীমা (মুনাফাসহ) | ২১ নভেম্বর ২০১৯ |
| ২৬ | রূপালী লাইফ | দ্বিগুন নিরাপত্তা বীমা (মুনাফাসহ) | ১২ জানুয়ারি ২০১৫ |
| | | এককালীন প্রদান সঞ্চয়ী বীমা (মুনাফা বিহীন) | ১২ জানুয়ারি ২০১৫ |
| ২৭ | সন্ধানী লাইফ | কিস্তি বীমা পরিকল্প মুনাফাসহ | ০৭ মে ২০১৮ |
| ২৮ | স্বদেশ লাইফ | এক কালীন প্রিমিয়াম পরিশোধযোগ্য বীমা পরিকল্প (লাভবিহীন) | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | দ্বি-বার্ষিক প্রদান পরিকল্প | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ) (তিন কিস্তি) | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ) (চার কিস্তি) | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | নিশ্চয়তাসহ পেনশন বীমা পরিকল্প (লাভবিহীন) | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | দেনমোহর বীমা (মুনাফাসহ) | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | হজ্জ বীমা (লাভযুক্ত) | ২৯ অক্টোবর ২০১৪ |
| | | মেয়াদান্তে লাভসহ টাকা ফেরত পরিকল্প (নিশ্চিত বোনাসসহ) | ২৯ অক্টোবর ২০১৪ |
